

যুক্তরাষ্ট্রে কমেছে বেকারত্বের আবেদন

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে বেকারত্ব ভাতার জন্য নতুন আবেদনের সংখ্যা সাম্প্রতিক সপ্তাহে কমলেও দেশটির শ্রমবাজার এখনো অস্থির ও ধীরগতির *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্কের গৃহহীন তরুণ-তরুণীরা পাবেন মাসে ১,২০০ ডলার

বাংলা পত্রিকা ডেস্ক: আশ্রয়কেন্দ্রের অনিশ্চয়তা থেকে গৃহহীন তরুণ-তরুণীদের স্থায়ী ভবিষ্যতের জন্য নিউইয়র্ক সিটিতে ১২০০ ডলার আর্থিক সহায়তা সহ পরামর্শ ও সহায়ক সেবা শুরু হয়েছে। 'ক্যাশ উইথ কেয়ার' নামে এই কর্মসূচিতে অংশ নেওয়া তরুণরা বলছেন, এই অর্থ শুধু সাময়িক স্বস্তি নয়, বরং জীবনের গতিপথ বদলে দেওয়ার বাস্তব সুযোগ এনে দিয়েছে।

নিউইয়র্ক সিটিতে বর্তমানে ১৮ থেকে ২৪ বছর বয়সী অন্তত ৬,৮০০ তরুণ রয়েছেন, যারা কোনো অভিভাবকের *২৩-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ৩০ বছর

The Weekly **বাংলা পত্রিকা** Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 18 / January 26, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ১৮ ‖ সোমবার, জানুয়ারি ২৬, ২০২৬, মাঘ ১২, ১৪৩২ ‖ শাবান ০৬, ১৪৪৭

তীব্র তুষাড়ঝড়ে বিপর্যস্ত জনজীবন

- একদিনেই প্রায় ১২ হাজার ফ্লাইট বাতিল
- ১২ স্টেটে জরুরী অবস্থা ঘোষণা
- নিউইয়র্ক সিটিতে সোমবার স্কুল বন্ধ ও পরিবহন বিপর্যয়
- নিউইয়র্ক সিটিতে গৃহহীন পাঁচজনের মৃত্যু



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রজুড়ে চলছে এক শক্তিশালী শীতকালীন তুষার ঝড়। গত এক দশকের মধ্যে তীব্র এ তুষারঝড়ে থমকে গেছে আকাশ ও সড়ক যোগাযোগ, বিদ্যুৎহীন হয়ে পড়েছে লাখো ঘরবাড়ি। কর্তৃপক্ষ সতর্ক করেছে, আগামী কয়েক দিন পরিস্থিতি আরও বিপজ্জনক হতে পারে। তুষারঝড়ের প্রভাবে নিউইয়র্ক, নিউজার্সীসহ যুক্তরাষ্ট্রের ১২ টির বেশি স্টেটে বিমানবন্দরে একদিনেই আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ ফ্লাইট বাতিল হয়েছে প্রায় ১২ হাজার। পরিবহন ব্যবস্থায় ব্যাপক প্রভাব পড়েছে।

এদিকে নিউইয়র্কসহ ট্রাই স্টেটে প্রবল তুষারঝড়ের দুর্ভোগ অব্যাহত আছে ওয়াশিংটন হাইটস, মানহাটানে সর্বোচ্চ ১৪.৯ ইঞ্চি তুষার জমেছে, হাডসন ভ্যালি, লং আইল্যান্ড ও উত্তর নিউ জার্সিতেও একফুটের বেশি তুষার জমা হয়েছে। সিটির তাপমাত্রা নিম্নে পৌঁছেছে, তাই ৫টি বোরোতে দশটি ওয়ার্মিং সেন্টার খোলা হয়েছে, যা নাগরিকদের নিরাপদ, গরম স্থান প্রদান করবে। এমন পরিস্থিতিতে নিউইয়র্ক সিটি প্রশাসন ঘোষণা করেছে যে ২৬ জানুয়ারি সোমবার নিউইয়র্ক সিটির সব পাবলিক স্কুল ভবন বন্ধ থাকবে এবং শিক্ষার্থীরা রিমোট লার্নিং-এ অংশ নেবে। শিক্ষা কার্যক্রম সকাল ২৬ তারিখে চলমান শীতঝড়ের কারণে অনলাইনে পরিচালিত হবে।

ঝড়ের তান্ডবে সিটি পরিবহন ব্যবস্থাও মারাত্মকভাবে *১০-এর পৃষ্ঠায় দেখুন*

মিনিয়াপোলিসে প্রেটি হত্যাকাণ্ড

প্রমাণ নষ্টে নিষেধাজ্ঞা দিলেন ফেডারেল বিচারক

ফেডারেল এজেন্টদের ওপর আদালতের স্থগিতাদেশ

বাংলা পত্রিকা রিপোর্ট: মিনিয়াপোলিসে ফেডারেল এজেন্টের গুলিতে নিহত অ্যালেক্স প্রেটির ঘটনায় তদন্তের স্বচ্ছতা নিশ্চিত করতে এই ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট কোনো প্রমাণ নষ্ট বা পরিবর্তন করতে ফেডারেল কর্মকর্তাদের ওপর অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। ফেডারেল বিচারক এরিক টস্ট্রুড এই আদেশ দেন। এই মামলার শুনানি সোমবার বিকেলে ফেডারেল আদালতে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

সিবিএস নিউজের প্রতিবেদনে বলা হয়, মিনিয়াপোলিসে ৩৭ বছর বয়সী অ্যালেক্স প্রেটিকে গুলি করে হত্যার ঘটনায় সংশ্লিষ্ট প্রমাণ নষ্ট বা পরিবর্তন করা থেকে ফেডারেল কর্মকর্তাদের বিরত রাখতে অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেছেন ফেডারেল বিচারক এরিক টস্ট্রুড। শনিবার রাতেই হেনেপিন কাউন্টি অ্যাটর্নি অফিস ও মিনেসোটা ব্যুরো অব ক্রিমিনাল অ্যাপ্রিহেনশন (বিসিএ) যৌথভাবে একটি মামলা দায়ের করার পর এই আদেশ দেওয়া হয়। বিচারকের আদেশে বলা হয়েছে, ২০২৬ সালের ২৪ ১৮-এর পৃষ্ঠায় দেখুন

সেলফ ডিপোর্টেশনে ২,৬০০ ডলার প্রণোদনা

বাংলা পত্রিকা ডেস্ক: স্বেচ্ছায় যুক্তরাষ্ট্র ছাড়তে বা 'সেলফ-ডিপোর্টেশন' এ আগ্রহী অভিবাসীদের জন্য আর্থিক প্রণোদনা বাড়িয়েছে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)। আগে যেখানে 'সেলফ-ডিপোর্টেশন' বা স্বেচ্ছা প্রত্যাবাসনের ক্ষেত্রে এককালীন প্রণোদনা ছিল এক হাজার ডলার, সেখানে তা বাড়িয়ে ২ হাজার ৬০০ ডলার করা হয়েছে।

ডিএইচএসের এই সিদ্ধান্ত এমন এক সময় এলো, যখন অভিবাসন আইন প্রয়োগে কড়াকড়ি ও আটকবিতর্ক দেশজুড়ে আলোচনার কেন্দ্রবিন্দুতে। কর্তৃপক্ষের ভাষ্য অনুযায়ী, বাড়তি এই প্রণোদনার লক্ষ্য হলো– যেসব অভিবাসী যুক্তরাষ্ট্রে বৈধভাবে থাকতে পারছেন না, ২৩-এর পৃষ্ঠায় দেখুন

আরো কঠোর হচ্ছে অভিবাসন অভিযান

মিনিয়াপোলিসে সংকটে ট্রাম্প প্রশাসনের রাজনৈতিক জোটেরই বাড়ছে মতভেদ

বাংলা পত্রিকা রিপোর্ট: মিনিয়াপোলিসে এক যুক্তরাষ্ট্রের নাগরিক ফেডারেল বর্ডার এজেন্টের গুলিতে নিহত হওয়ার পর অভিবাসন দমন নীতিতে উল্টো আরও কঠোর অবস্থান নিয়েছে ট্রাম্প প্রশাসন। তবে এই ঘটনাকে কেন্দ্র করে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের রাজনৈতিক জোটের ভেতরেই মতভেদ ও প্রশ্ন দেখা দিচ্ছে।

সংবাদমাধ্যম সিএনএন তাদের প্রতিবেদনে জানায়, মিনিয়াপোলিসে ফেডারেল অভিবাসন অভিযানের সময় ৩৭ বছর বয়সী যুক্তরাষ্ট্রের নাগরিক অ্যালেক্স প্রেটি নিহত হওয়ার ঘটনার পর ট্রাম্প প্রশাসন তাদের কড়া অভিবাসন নীতি ও বক্তব্য আরও জোরালো করেছে। রবিবার প্রশাসনের শীর্ষ কর্মকর্তারা বিভিন্ন টেলিভিশন শো ও সামাজিক যোগাযোগমাধ্যমে হাজির হয়ে ফেডারেল এজেন্টের ভূমিকা রক্ষা করেন এবং পুরো দায় ২৩-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

মিনেসোটায় আইসের অভিযানে ২শিশু আটক: উদ্বেগ

বাংলা পত্রিকা রিপোর্ট: মিনেসোটা অঙ্গরাজ্যে অভিবাসন আইন প্রয়োগকারী সংস্থা আইসের অভিযানে পাঁচ বছর ও দুই বছর বয়সী দুই শিশুকে আটক করে নিয়ে যাওয়ার ঘটনায় দেশজুড়ে ক্ষোভ ও উদ্বেগ ছড়িয়ে পড়েছে।

স্থানীয় স্কুল কর্তৃপক্ষ, প্রত্যক্ষদর্শী ও আইনজীবীরা বলছেন, এসব অভিযানে শিশুদের নিরাপত্তা ও মানসিক স্বাস্থ্যের ওপর মারাত্মক প্রভাব পড়ছে। কলাম্বিয়া হাইটস শহরে চলতি সপ্তাহে দুই শিশুসহ অপ্রাপ্ত বয়স্ক অন্তত চার শিশু আটক করেছে আইস। মিনিয়াপোলিসে দুই বছরের এক শিশুকন্যা ও কলাম্বিয়া হাইটস এ পাঁচ ১৬-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

আ.লীগের ভোট নিয়ে টানাটানি

বাংলা পত্রিকা ডেস্ক: নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের বিজয় নিশ্চিত করা, ভোটকে অন্তর্ভুক্তিমূলক ও অংশগ্রহণমূলক করে তোলার সুনির্দিষ্ট লক্ষ্য স্থির করে এ সময়ে আওয়ামী লীগের ভোটারদের কদর বেড়েছে বিএনপি-জামায়াত, জাতীয় পার্টিসহ নির্বাচনে অংশ নেওয়া অন্য সব দলের কাছে। বিএনপি-জামায়াতসহ নির্বাচনী লড়াইতে নামা সব দলই আওয়ামী লীগের ভোট টানতে উঠে পড়ে লেগেছে। তবে রাজনৈতিক বিশ্লেষকরা আওয়ামী লীগের ভোট টানতে যেসব আশ্বাস দিয়ে যাচ্ছেন, সেটিকে ভালো চোখে দেখছেন না। বিএনপি-জামায়াতের এ কৌশলকে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন ও নিরেট আদর্শহীন রাজনীতি হিসেবে চিহ্নিত করেছেন।

ত্রয়োদশ সংসদ নির্বাচন

- আচরণবিধি লঙ্ঘন করছে বিএনপি-জামায়াত

> নিরেট আদর্শবাদী দল হলে আ.লীগের ভোট পেতে উঠেপড়ে লাগত না

এ প্রসঙ্গে বিশ্লেষকরা বলেন, ক্ষমতায় যাওয়ার রাজনীতি ও বুর্জোয়া রাজনীতিতে এটাই স্বাভাবিক। নিরেট আদর্শবাদী রাজনৈতিক দল ও রাজনীতি থাকলে আওয়ামী লীগের ভোট পেতে এভাবে উঠে পড়ে লাগত না। সুশাসনের জন্য নাগরিক (সুজন) সম্পাদক ড. বদিউল আলম মজুমদার দেশ রূপান্তরকে বলেন, এটাই ভোটের প্রতিযোগিতা। ভোটের কৌশল। তবে বিএনপি-জামায়াত যা করছে তা বাড়াবাড়ি পর্যায়ে। যেভাবে আশ্বাস দিচ্ছে, এগুলো উৎকোচ দেওয়ার সমতুল্য। প্ররোচনা। আচরণবিধি লঙ্ঘনের শামিল।

গত শনিবার ঠাকুরগাঁওয়ে নির্বাচনী প্রচারণায় অংশ নিয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, দেশে শুধু দুটোই মার্কা। নৌকা আর ধানের শীষ। নৌকা এখন আমাদের কাছে নেই, তাহলে ভোট দেবেন ধানের শীষে। নতুন যে মার্কা দাঁড়িপাল্লা এসেছে তা স্বাধীনতাবিরোধী দল।

এর আগের দিন গত শুক্রবার নির্বাচনী প্রচারণায় একই জায়গায় তিনি বলেন, আওয়ামী লীগের বিনা অপরাধীদের সঙ্গে তিনি ও তার দল থাকবে। নির্বাচনী প্রচারণায় অংশ নিয়ে জামায়াত নেতারাও আওয়ামী লীগের ভোট টানতে নানা রকম আশ্বাস দিচ্ছেন।

জামায়াতের পক্ষ থেকেও করা হচ্ছে একই কাজ। দলটি আওয়ামী লীগ নেতাদের দলে ভিড়িয়ে তাদের মাধ্যমে 'নৌকার' ভোট টানার চেষ্টা করছে। গত বৃহস্পতিবার কুমিল্লা-১১ (চৌদ্দগ্রাম) আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহেরের নির্বাচনী সমাবেশে বক্তৃতা দিয়েছেন আওয়ামী লীগের স্থানীয় এক নেতা। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনা-সমালোচনা শুরু হয়েছে। আওয়ামী লীগের ওই নেতার নাম সালাউদ্দিন আহমেদ মজুমদার। তিনি কালিকাপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি। তিনি নৌকা প্রতীকে নির্বাচন করে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন। ৫ আগস্টের পর তাকে অপসারণ করা হয়।

ভোট ঘিরে আওয়ামী লীগের ভোট টানতে বিএনপি-জামায়াতের যে লড়াই শুরু হয়েছে তার ৮-এর পৃষ্ঠায় দেখুন



জাতীয় রিল-মেকিং প্রতিযোগিতায়' বিজয়ীদের সঙ্গে আলাপচারিতায় তারেক রহমান ও তাঁর মেয়ে জাইমা রহমান। ছবি: বিএনপির সৌজন্য

আইনশৃঙ্খলা ও দুর্নীতি নিয়ন্ত্রণ সর্বোচ্চ অগ্রাধিকারে থাকবে - তারেক রহমান

বাংলা পত্রিকা ডেস্ক: আইনশৃঙ্খলা ও দুর্নীতি নিয়ন্ত্রণে অগ্রাধিকার দিয়ে বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, 'আমাদের প্রথম একটা বিষয় নিশ্চিত করতে হবে আইনশৃঙ্খলা। অর্থাৎ মানুষ যেটা বলছে, আপনি যেটা বলছেন, যেন সবাই রাস্তায় নিরাপদে থাকতে পারি, এটা নিশ্চিত করতে হবে। আর দুর্নীতি আমাদের যেভাবেই হোক, এটাকে অ্যাড্রেস করতে হবে।'

শনিবার (২৪ জানুয়ারি) দুপুরে গুলশানে বিচারপতি শাহাবুদ্দিন আহমেদ পার্কে 'আমার ভাবনায় বাংলাদেশ' শীর্ষক 'জাতীয় রিল-মেকিং প্রতিযোগিতায়' বিজয়ীদের সঙ্গে আলাপচারিতায় এ পরিকল্পনার কথা তুলে ধরেন তিনি। এই আলাপচারিতায় তারেক রহমানের সঙ্গে ছিলেন তাঁর মেয়ে জাইমা রহমান।

তারেক রহমান বলেন, 'বিভিন্ন রকম দুর্নীতি আছে, বিভিন্ন পর্যায়ে আমাদের চেষ্টা করতে হবে। এই দুটো (আইনশৃঙ্খলা ও দুর্নীতি নিয়ন্ত্রণ) জিনিসকে যদি আমরা একটু ভালো করে অ্যাড্রেস করতে পারি, অন্য সমস্যাগুলো অনেকাংশে সমাধান হয়ে আসবে। এটা হচ্ছে আমার প্ল্যান।'

এ সময় রিল বিজয়ীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন তারেক রহমান। ফ্যামিলি কার্ড কারা পাবেন– এই প্রশ্নের জবাবে তারেক রহমান বলেন, 'সিংগেল মাদার ব্রাইড, যারা বিভিন্ন রকম সমস্যার মধ্যে আছেন, স্বামী ছেড়ে গেছেন, দেখুন, আপনি যদি দেখেন, আমার ধারণা আছে, বাংলাদেশ সরকারের এই সামাজিক নিরাপত্তার আওতায় ১৩৮টি প্রজেক্ট চালু হয়েছে। কিন্তু এগুলো ঠিক নাই।' তিনি বলেন, 'একজন তিনটা সাপোর্ট পাচ্ছে, আরেকজন একটাও পাচ্ছে না। আমরা এই জিনিসটাকে একটু অর্গানাইজ করতে চাইছি ফ্যামিলি কার্ডের মাধ্যমে।'

উদাহরণ হিসেবে বিএনপি চেয়ারম্যান বলেন, 'যেমন একজন কৃষকের স্ত্রীও (ফ্যামিলি কার্ড) পাবেন, একজন ভ্যান চালকের স্ত্রী, উনিও পাবেন, আরেকজন অফিশিয়াল, তার স্ত্রীও পাবেন।'

ভোটের মাঠে আক্রমণাত্মক বক্তব্য

অসহিষ্ণু হয়ে উঠছে রাজনীতি

বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দেশের রাজনীতি কিছুটা অসহিষ্ণু হয়ে উঠছে। নির্বাচনি প্রচারের সময় প্রার্থীদের বক্তব্যে প্রকাশ পাচ্ছে এই অসহিষ্ণুতা। বিভিন্ন ইস্যুতে শুরু থেকেই রাজনৈতিক দলের নেতাদের মধ্যে বাগযুদ্ধ শুরু হয়। বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি-এনসিপিসহ অন্যান্য দলের শীর্ষ নেতা ও প্রার্থীরা একে অন্যকে নিশানা করে ছুড়ছেন নানা অভিযোগের তির।

কড়া ভাষায় প্রতিপক্ষের নির্বাচনি প্রতিশ্রুতির সমালোচনা করছেন তারা। টেনে আনা হচ্ছে ধর্ম এবং মহান স্বাধীনতা যুদ্ধকেও। দিন যতই যাচ্ছে এই কথার লড়াই আরও তীব্র হচ্ছে। এর সঙ্গে যুক্ত হয়েছে ব্যক্তিগত আক্রমণও। সরাসরি না হলেও ইঙ্গিতপূর্ণ হুমকি-ধমকির ঘটনাও ক্রমশ বাড়ছে। কেউ কেউ তুলছেন ষড়যন্ত্রের অভিযোগও।

এছাড়া প্রচারণাকে কেন্দ্র করে কেরানীগঞ্জে গোলাগুলি এবং ঢাকায় প্রার্থীর ওপর ডিম ও ময়লা পানি নিক্ষেপের ঘটনায় রাজনৈতিক বৈরিতার নতুন মাত্রা যোগ করেছে।

রাজনীতি বিশ্লেষকরা বলছেন, ভোটের মাঠে প্রতিশ্রুতির প্রতিযোগিতায় একে অন্যের বিরুদ্ধে বিষোদগার করতেও ছাড়ছে না। তারা আরও বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের পর রাজনৈতিক নেতাদের দায়িত্বশীল আচরণ ও বক্তব্যের প্রত্যাশা ছিল। কিন্তু প্রচারণার প্রথম দু-তিন দিনে যেটা হলো তা আর বলার অপেক্ষা রাখে না। আসলে ভোটের পরিবেশটা আগের মতোই হতে যাচ্ছে। এই ধারা থেকে বেরিয়ে না এলে সামনের দিনগুলোর ভোটের পরিবেশ নিয়ে খুব বেশি আশাবাদী হতেও পারছেন না তারা।



> অভিযোগ-পালটা অভিযোগের পাশাপাশি করা হচ্ছে তীব্র ব্যক্তিগত আক্রমণ
>
> উত্তপ্ত রাজনৈতিক ক্যাম্পেইন শুরু হয়ে গেছে, সামনে গেলে হয়তো আরও দেখব
>
> —অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম

জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম বলেন, ভোটের মাঠে নানা বিষয়কে কেন্দ্র করে সবাই অসহিষ্ণু হয়ে উঠছে কিংবা একে অন্যের বিরুদ্ধে বিষোদগার করছে। জুলাইয়ের পরে যে ধরনের সহযোগিতা বা ঐক্য আমরা দেখতে পেয়েছিলাম, সেটা এখন আর নেই। ভোটের পরিবেশটা আগের মতোই হতে যাচ্ছে। গণতন্ত্রকে সুদৃঢ় করার যে প্রত্যয় কিংবা জুলাইয়ের যে সনদ সেটি অনেকেই এখন ভুলতে বসেছে বলে মনে হয়। অর্থাৎ যেসব প্রত্যাশা জাতি করেছিল, এখন নির্বাচনি প্রচারণায় সেটা আর দেখা যাচ্ছে না। প্রত্যেকেই আলাদা আলাদাভাবে তাদের এজেন্ডাগুলো সেট করছে।

তিনি আরও বলেন, আগে হয়তো একটা পার্টি ছিল, যেটা এখন নেই। কিন্তু এখন বিএনপি এবং জামায়াতের মধ্যেই ইস্যুগুলোকে ডিভাইড করে একটা উত্তপ্ত রাজনৈতিক ক্যাম্পেইন শুরু হয়ে গেছে। আমরা আরও সামনে গেলে হয়তো এগুলো আরও দেখব।

নির্বাচন কমিশনের সাবেক অতিরিক্ত সচিব এবং নির্বাচন বিশ্লেষক জেসমিন টুলী বলেন, আমরা তো আসলে কোনো ক্ষেত্রেই পুরোনো ধারা থেকে বের হতে পারিনি। আমার মনে হয়, আমাদের রাজনৈতিক দলের নেতাদের কাছ থেকে আরও দায়িত্বশীল বক্তব্য সবাই আশা করছিল। একে অন্যকে নোংরা কাদা ছোড়াছুড়ি না করে তারা তাদের ভবিষ্যৎ পরিকল্পনা ভোটারের কাছে নিয়ে আসবে, এটাই প্রত্যাশিত ছিল। সবাই আশা করেছিল বড় ১০-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রে স্ত্রীসহ ৪ আত্মীয়কে গুলি করে হত্যা করলেন ভারতীয়



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের জর্জিয়া অঙ্গরাজ্যে পারিবারিক বিবাদের মধ্যে স্ত্রীসহ চার আত্মীয়কে গুলি করে হত্যা করলেন এক ভারতীয়। আটলান্টায় অবস্থিত ভারতীয় মিশনের বরাতে এনডিটিভির প্রতিবেদনে এ খবর প্রকাশিত হয়েছে।

স্থানীয় গণমাধ্যমের খবরে বলা হয়, শুক্রবার ভোরে লরেন্সভিল শহরের একটি বাড়িতে এ গুলির ঘটনা ঘটে। এতে চারজন নিহত হন। ঘটনার সময় ওই বাড়িতে তিনটি শিশু উপস্থিত ছিল।

গুলির ঘটনায় শোক প্রকাশ করে আটলান্টায় নিযুক্ত ভারতের কনস্যুলেট জেনারেল জানায়, অভিযুক্ত হামলাকারীকে গ্রেপ্তার করা হয়েছে এবং শোকাহত পরিবারকে প্রয়োজনীয় সব ধরনের সহায়তা দেওয়া হচ্ছে। ৮-এর পৃষ্ঠায় দেখুন

একনেকে প্রকল্প ছাড়ের হিড়িক

বাংলা পত্রিকা ডেস্ক: দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ উৎপাদন প্রকল্প রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের মেয়াদ ও ব্যয় পুনর্গঠনের বিষয়টি আজ রবিবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় তোলা হবে। এ ছাড়া উত্তরাঞ্চলের জন্য এক হাজার শয্যার বাংলাদেশ-চীন মৈত্রী জেনারেল হাসপাতালসহ ২৬টি নতুন ও সংশোধিত প্রকল্প অনুমোদনের জন্য তোলা হচ্ছে।

ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের শেষ একনেকসভা পরিকল্পনা কমিশনের এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন প্রধান উপদেষ্টা ও একনেক চেয়ারপারসন ড. মুহাম্মদ ইউনূস।

পরিকল্পনা কমিশন সূত্রে জানা গেছে, আজ চলতি ২০২৫-২৬ অর্থবছরের অষ্টম এবং বর্তমান অন্তর্বর্তী সরকারের ১৯তম সভা হবে। এতে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের ২৬টি উন্নয়ন প্রকল্প তোলা হচ্ছে। মূল নোটিশে ২৩টি প্রকল্প একনেকে উঠছে বলে উল্লেখ থাকলেও আরো তিনটি প্রকল্প টেবিলে তোলা হবে।

এসব প্রকল্পের মধ্যে ১৪টি সম্পূর্ণ নতুন, চারটি সংশোধিত প্রস্তাবের পাশাপাশি পাঁচটি প্রকল্পে চতুর্থবার মেয়াদ বাড়ানোর প্রস্তাবও অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

প্রস্তাবিত প্রকল্পগুলো বাস্তবায়নে খরচ হবে প্রায় ৪৬ হাজার কোটি টাকা। পাশাপাশি পরিকল্পনা উপদেষ্টার অনুমোদিত আরো ১০টি প্রকল্প একনেকের অবগতির জন্য তোলা হবে।

অনুমোদনের জন্য ২৬ প্রকল্প

- রূপপুর প্রকল্পের ব্যয় বাড়ছে সাড়ে ২৫ হাজার কোটি টাকা, মেয়াদ বাড়ছে ৩ বছর
- নীলফামারীতে হচ্ছে ১ হাজার শয্যার চীন মৈত্রী হাসপাতাল
- ২৬ প্রকল্পে নতুন করে ৪৬ হাজার কোটি টাকা অনুমোদন পাবে

সবচেয়ে আলোচিত 'রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প (প্রথম সংশোধিত)' দুটি ইউনিটে মোট দুই হাজার ৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য নিয়ে ২০১৬ সালে শুরু হয়। প্রস্তাবিত সংশোধিত ডিপিপি (উন্নয়ন প্রকল্প প্রস্তাব) অনুযায়ী, প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২৫ থেকে বাড়িয়ে জুন ২০২৮ পর্যন্ত করার প্রস্তাব এসেছে।

মূল ডিপিপিতে প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ছিল এক লাখ ১৩ হাজার ৯২ কোটি টাকা (প্রায় ১১.৩৮ বিলিয়ন ডলার)। সংশোধিত প্রস্তাবে মোট ব্যয় নির্ধারণ করা হয়েছে এক লাখ ৩৮ হাজার ৬৮৫ কোটি টাকা, অর্থাৎ প্রকল্প ব্যয় প্রায় ২৫ হাজার ৫৯২ কোটি টাকা বাড়ছে।

সংশ্লিষ্ট ব্যক্তিরা জানান, ডলার বিনিময় হার বৃদ্ধি, দীর্ঘ ৮-এর পৃষ্ঠায় দেখুন

গণভোটে এক পক্ষ সরব, আরেক পক্ষ নীরব

বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন হচ্ছে অনেকটা ভিন্ন প্রেক্ষাপটে। এবারই প্রথম কোনো সাধারণ নির্বাচনের সঙ্গে পৃথক ব্যালটে হচ্ছে গণভোট। জুলাই জাতীয় সনদের সংবিধান-সংক্রান্ত সুপারিশকে আইনি ভিত্তি দেওয়া নিয়েই এই গণভোট। 'হ্যাঁ' ভোটের পক্ষে প্রচার চালাচ্ছে অন্তর্বর্তী সরকার।

দলের প্রতীকে ভোট চাওয়ার পাশাপাশি গণভোটে 'হ্যাঁ'-এর পক্ষে প্রচার চালাচ্ছে জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। তবে আনুষ্ঠানিক প্রচারের তিন দিনেও বিএনপির শীর্ষ নেতৃত্ব গণভোট নিয়ে বক্তব্য দেননি। বিএনপির তৃণমূলের কিছু জায়গায় 'না' ভোটের পক্ষে প্রচার দেখা গেলেও দলের নীতিনির্ধারকেরা জানিয়েছেন, দলের অবস্থান 'হ্যাঁ' ভোটের পক্ষেই।

রাজনৈতিক দলগুলোর সঙ্গে এক বছরের বেশি সময় আলোচনা করে জুলাই জাতীয় সনদ তৈরি করে অন্তর্বর্তী সরকারের গঠিত জাতীয় ঐকমত্য কমিশন। এটিকে চূড়ান্ত বৈধতা দেওয়া তথা বাস্তবায়নের জন্য গণভোটের সুপারিশ করেছিল কমিশন। তাদের সুপারিশের আলোকে সরকার জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ জারি করে। এতে বলা হয়েছে, নির্বাচনের দিনই গণভোট অনুষ্ঠিত হবে। কোনো কোনো মহলের পক্ষ থেকে আগেই গণভোট করার দাবি থাকলেও শেষ পর্যন্ত তা একই দিনে হবে বলে সিদ্ধান্ত হয়।

> 'হ্যাঁ ভোটের বিষয়ে আমরা অঙ্গীকারবদ্ধ। ...নেগেটিভ ক্যাম্পেইন করছে না। কেউ করলে আমরা তা জানি না।
>
> **সেলিমা রহমান**
> স্থায়ী কমিটির সদস্য, বিএনপি
>
> 'হ্যাঁ' ভোট মানে হলো— আমূল সংস্কার, হাদিসহ সব গণহত্যার বিচার করা, দেশে আর ফ্যাসিবাদ ফিরে আসতে দেওয়া হবে না।
>
> **শফিকুর রহমান**
> আমির, জামায়াতে ইসলামী

সংস্কার বিষয়ে গণভোট-সংক্রান্ত সরকারি জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়কের দায়িত্ব দেওয়া হয়েছে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক আলী রীয়াজকে। এরই মধ্যে সরকার 'হ্যাঁ' ভোটের পক্ষে দেশজুড়ে প্রচার শুরু করেছে। রাজনৈতিক দলগুলোকেও প্রচার করার অনুরোধ জানানো হয়েছে। প্রসঙ্গত, অন্তর্বর্তী সরকারের 'হ্যাঁ' ভোটের পক্ষে প্রচার চালানো নিরপেক্ষতা ভঙ্গের শামিল বলে কোনো কোনো মহল থেকে অভিযোগ করা হলেও সরকার এর পক্ষে বিভিন্ন যুক্তি তুলে ধরেছে।

২২ জানুয়ারি থেকে নির্বাচনের আনুষ্ঠানিক প্রচার শুরু হয়েছে। সেদিন সিলেটে নির্বাচনী প্রচার শুরু করেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। সিলেটের জনসভা শেষে সড়কপথে ঢাকায় ফেরার সময় আরও ছয়টি নির্বাচনী জনসভা করেন তিনি। এসব সভায় বিএনপির পক্ষ থেকে গণভোটের বিষয়ে কোনো বক্তব্য দেওয়া হয়নি বলে জানা গেছে। ১১-এর পৃষ্ঠায় দেখুন

আমার সন্তানের শিক্ষা সম্পর্কে আমি বাংলায় অবহিত হতে পারি কি?

Can I be informed about my child's education in Bangla?

NYC Public Schools
Delivering for you. Every day. Everywhere.

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে!

NYC Public Schools Speak Your Language!

আপনার প্রয়োজন অনুযায়ী সহায়তা পেতে আপনি বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবার অনুরোধ করতে পারেন।

You can request free translation and interpretation services to get the help you need.

আরো জানুন | Learn more

on.nyc.gov/Hello /nycschools 311

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

নির্বাচনি প্রচারণা, কাদা ছোড়াছুড়ি অমঙ্গলই বয়ে আনবে

মহা উদ্যমে এগিয়ে চলেছে নির্বাচনি প্রচারণা। দুটি বড় আকারের রাজনৈতিক জোটসহ অন্য অংশগ্রহণকারীরা চালিয়ে যাচ্ছে ভোটে বিজয়ী হওয়ার প্রচারণা। একটা উৎসবমুখর পরিবেশ দেখা দিয়েছে সংসদীয় এলাকাগুলোয়। অবশ্য কিছু বিচ্ছিন্ন আক্রমণ, প্রতি-আক্রমণের খবরও রয়েছে।

নির্বাচনি প্রচারণায় দুই জোটই মূলত প্রধান প্রতিপক্ষ। আবার এ দুই জোটের প্রধান শরিক বিএনপি ও জামায়াতে ইসলামী রয়েছে ভোটের ফলাফলে নিয়ামকের ভূমিকায়। এ দুই দলের শীর্ষ নেতা যথাক্রমে তারেক রহমান ও ডা. শফিকুর রহমানসহ অন্য নেতা ও প্রার্থীরা জাতির সামনে ও স্ব স্ব নির্বাচনি এলাকার জনগণের কাছে তাদের বক্তব্য তুলে ধরার প্রয়াস পাচ্ছেন। তাদের বক্তব্য বিশ্লেষণ করলে দেখা যাবে, উভয়পক্ষই প্রতিশ্রুতির বন্যা বইয়ে দিচ্ছেন। নির্বাচনে বিজয়ী হয়ে সরকার গঠন করতে পারলে তারা কী কী কর্মসূচি হাতে নেবেন, সেসবের বর্ণনা দিচ্ছেন তারা।

একই সঙ্গে প্রতিপক্ষ দলের প্রার্থীর বিরুদ্ধে সমালোচনাও শোনা যাচ্ছে। নির্বাচনে প্রতিপক্ষের বিরুদ্ধে সমালোচনা আইনগতভাবে সিদ্ধ। কিন্তু সমালোচনা যদি নিন্দার পর্যায়ে চলে যায়, তাহলে সেটা নিশ্চয়ই গণতন্ত্রসম্মত হবে না। আমরা লক্ষ করছি, অনেক প্রার্থীই পরস্পর কাদা ছোড়াছুড়ি করে চলেছেন। প্রতিপক্ষের বিরুদ্ধে তথ্যভিত্তিক সমালোচনা এবং সেই সমালোচনার ভাষা শালীন হওয়া অত্যাবশ্যক। তা না হলে প্রচারণার মাঠ উত্তপ্ত হয়ে উঠতে পারে, যা নির্বাচনের স্বাভাবিক কার্যক্রমকে ব্যাহত করবে। ফলে কাদা ছোড়াছুড়ির পরিবর্তে প্রার্থীদের কাছ থেকে বিষয়ভিত্তিক আলোচনা বা সমালোচনা আশা করছে জাতি।

নির্বাচনি প্রচারণার মাঠে যে বিষয়টির অভাব অনুভূত হচ্ছে, তা হলো-প্রতিশ্রুতিগুলো ভোটার শ্রেণি জানতে পারছে; কিন্তু সেগুলো কীভাবে বাস্তবায়িত হবে, সে ব্যাপারে রূপরেখা জানতে পারছে না। আমাদের অভিজ্ঞতা বলছে, নির্বাচনের আগে দল ও দলীয় প্রার্থীদের পক্ষ থেকে জনগণকে প্রচুর প্রতিশ্রুতির গল্প শোনানো হয়। কিন্তু ভোট প্রদান শেষ হয়ে গেলে ভোটাররা সেসব প্রতিশ্রুতির বাস্তবায়ন দেখতে পান না। একগাদা প্রতিশ্রুতির মধ্যে অল্পসংখ্যকের প্রতি নির্বাচিত সরকার মনোযোগী হয়, বাদবাকিগুলো চলে যায় বিস্মৃতির অন্তরালে। এ কারণে সরকারে থাকা দল পরবর্তী নির্বাচনে ভালো ফল করতে পারে না। এমনও দেখা গেছে, কিছু প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, যেগুলো বাস্তবায়ন করা খুব কঠিন। বাস্তবতার মধ্যে থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়নি অনেক ক্ষেত্রে। ফলে সরকার গঠনের পর ভোটাররা হতাশ হয়েছেন এবং এ হতাশা থেকে জন্ম নিয়েছে ক্ষোভ, সমাজে বেড়েছে অস্থিরতা। তাই আমরা মনে করি, জনগণকে এমন প্রতিশ্রুতি দেওয়া উচিত, যা বাস্তবায়নযোগ্য। মিথ্যা আশ্বাস কাজের কথা নয়। আমাদের সীমাবদ্ধ সম্পদের মধ্যে থেকেই প্রতিশ্রুতি দেওয়া ভালো। সবচেয়ে বড় কথা, প্রতিশ্রুতি শোনানোর চেয়ে সেই প্রতিশ্রুতি কীভাবে বাস্তবায়িত হবে, সে ব্যাপারে স্পষ্ট বক্তব্য থাকা উচিত। সেক্ষেত্রেই বরং সন্তুষ্ট হলে ভোটাররা প্রতিশ্রুতি প্রদানকারীকে ভোট দিতে উৎসাহীবোধ করবে। আমরা আশা করব, নির্বাচনে অংশগ্রহণকারীরা তাদের নির্বাচনি ইশতেহার সবিস্তারে জনগণের সামনে ব্যাখ্যা করবেন। আরও গুরুত্বপূর্ণ, নির্বাচনি পরিবেশ যাতে শান্তিপূর্ণ ও সৌহার্দপূর্ণ থাকে, সে ব্যাপারে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকতে হবে। উত্তেজিত হয়ে প্রতিপক্ষকে আক্রমণ পরিহার করে যুক্তিসঙ্গত বক্তব্য দ্বারা প্রতিপক্ষকে খণ্ডাতে হবে। সেক্ষেত্রেই শুধু নির্বাচন অর্থবহ হয়ে উঠতে পারে।



আব্রাহাম লিংকন ও মার্টিন লুথার কিং-এর দেশে এক মাস

শেষ পৃষ্ঠায় পর কোম্পানির কার্যালয়। মোটকথা বিশ্বের সৌভাগ্যবান ১,০০০ কোম্পানির অন্তত শতকরা ১০ ভাগের কোম্পানিরই সদর দপ্তর ক্যালিফোর্নিয়ায় এবং এটা সম্ভবত যেকোন রাজ্যের মধ্যে বেশি।

যুক্তরাষ্ট্রের মধ্যে সবচেয়ে জনবহুল এই অঞ্চলের আবহাওয়ায় রয়েছে বৈচিত্র্য। আর তাই অর্থনীতিতে রয়েছে এই বৈচিত্র্যের বহুমুখিতার ছাপ। সবচেয়ে বেশি প্রভাবক ক্ষেত্রগুলোর মধ্যে রয়েছে – আর্থিক খাত, ব্যবসা-বাণিজ্য, সরকারি প্রতিষ্ঠান, নির্মাণ শিল্প। এ-ধরনের খাতসমূহের বেশির ভাগই গড়ে উঠেছে উপকূলীয় নগরগুলোতে, বিশেষ করে লসঅ্যাঞ্জেলসে। এখানে প্রচার মাধ্যমের উপস্থিতিটা বিশ্ব দরবারে চোখে পড়ার মতো। এ প্রসঙ্গে আমি হলিউডের নাম তো অবশ্যই করতে পারি। সানফ্রান্সিসকো উপসাগর অঞ্চলেও এসব খাতের অস্তিত্ব রয়েছে। এর বেশির ভাগ প্রযুক্তিনির্ভর। এই দুই শহরের সঙ্গে যুক্ত করতে পারি সানদিয়াগোর নাম। এটি বিশেষভাবে যুক্তরাষ্ট্রের ব্যবসা-বাণিজ্যের ঘাঁটি বলেই পরিচিত। অধিকন্তু ক্যালিফোর্নিয়ার সেন্ট্রাল ভ্যালি বিশ্বের অন্যতম কৃষি ফসল উৎপাদনের কেন্দ্রবিন্দু। গোটা যুক্তরাষ্ট্রের ফলফলাদি, শাকসবজি এবং বাদাম জাতীয় ফসলের অর্ধেকটাই এই অঞ্চলে আবাদ হয়।'

অধ্যাপক সাহেব এভাবে এক এক করে ক্যালিফোর্নিয়ার অর্থনীতির ইতিহাস, রাজ্যের ব্যবসার বিশেষ করে কর আহরণ পদ্ধতি, মাথাপিছু আয়, সমাজে অর্থনৈতিক বৈষম্য, গৃহায়ন, মানুষের পেশা, জীবন ও জীবিকার বৈচিত্র্য ইত্যাদি নিয়ে একটি জীবন্ত অভিধানের মতো কথা বলে গেলেন। বুঝতে কষ্ট হল না তিনি আমাদের জন্যে ভাল প্রস্তুতি নিয়ে রেখেছেন। আমরা এক সময় তাঁর কাছ থেকে বিদায় নিলাম। তিনি আমাদের এই অঞ্চল ভ্রমণের জন্যে আমন্ত্রণ জানালেন। বললেন, তিনি আমাদের সঙ্গে কথা বলতে পেরে খুব খুশি। আলোচনাটা ছিল প্রাণবন্ত। আমরাও ফাঁকে ফাঁকে বাংলাদেশের ইতিহাস, মুক্তিযুদ্ধের কথা, আত্মত্যাগ, বঙ্গবন্ধুর অবদান, প্রধান দুই রাজনৈতিক দল ক্ষমতা ভাগাভাগি করলেও কিভাবে অর্থনীতিতে অবদান রেখে চলেছে ইত্যাদি বিষয়ে কথা বললাম। তিনিও আগ্রহ নিয়ে শুনলেন।

সৌন্দর্যের শহর সানফ্রান্সিসকো

প্রকৃতির অপূর্ব সৌন্দর্য, খাদ্যে আত্মনির্ভরতা এবং সমৃদ্ধ শিল্পকলা – এই তিন বৈশিষ্ট্যে মহিমান্বিত সানফ্রান্সিসকো। আবহাওয়া মানুষের বসবাসের উপযুক্ত। অর্থাৎ কখনোই মাত্রাতিরিক্ত উষ্ণ বা মাত্রাতিরিক্ত শীতল নয়। ক্যাবল কার আর আঁকাবাঁকা সড়ক এবং হালকা কুয়াশার কাঁথায় আবৃত সানফ্রান্সিসকো সৌন্দর্য্যের অপূর্ব লাবণ্যে মুগ্ধ আমাদের করেছে। আমার মতো আগন্তুকের মনে হবে যেন প্রকৃতির সৌন্দর্যকে ভালবাসেন এমন কোন শিল্পীর ড্রইংরুমে বসে তাঁর আঁকা ছবি দেখছি।

সানফ্রান্সিসকোর আরো সৌন্দর্য রয়েছে সুখ্যাত স্বর্ণালী ফটকের সেতু বা এড়ভষফবহ এধঃব ইৎরফমব, কোথাও কোথাও খাঁড়া সড়ক, পর্যটকদের অবকাশ যাপনের জন্যে সারাক্ষণ মানুষে ভরা বসতবাটি। যুক্তরাষ্ট্রের ত্রয়োদশ বৃহত্তম এই শহরে রয়েছে বেশকিছু ঐতিহাসিক নিদর্শন – যা প্রত্যক্ষ না করলেই নয়। ১৯৪৫ সালে জাতিসংঘের সনদের খসড়া এবং সংশোধনী এই সানফ্রান্সিসকোতে সম্পাদন করা হয়।

গোল্ডেন গেইট ব্রিজ সানফ্রান্সিসকোর জন্যে এক রহস্যঘেরা সৌন্দর্যের আঁধার। এক মাইল দীর্ঘ এই সেতু সানফ্রান্সিসকো উপসাগর এবং প্রশান্ত মহাসাগরের মধ্যে বন্ধন রচনা করেছে। এই সেতুর উচ্চতা ২২৭ মিটার। এটির প্রকৌশল নকশা শিল্প রচনা করেন জোশেফ স্ট্রস, চার্লস এলিস (Joseph Strauss, Charles Ellis) এবং লিও সলোমন মরসিফ (Leon Solomon Moisseiff). এই সেতু আধুনিক বিশ্বের সাত আশ্চর্যের অন্যতম। এই সেতু আন্তর্জাতিকভাবে স্বীকৃত সানফ্রান্সিসকোরই প্রতীক। প্রথমে ১৯১৭ সালে যোশেফ স্ট্রস এর নকশা করেন। আমেরিকান সোসাইটি অব সিভিল ইঞ্জিনিয়ার্স এই নির্মাণশৈলীকে আধুনিক বিশ্বের অন্যতম বিস্ময় বলে অভিহিত করে।

আল কাটরাজ দ্বীপ সানফ্রান্সিসকোর আকর্ষণের অন্যতম কেন্দ্রবিন্দু। সানফ্রান্সিসকো উপসাগরে এর অবস্থান। সানফ্রান্সিসকোর উপকূল থেকে এটি ২ দশমিক ০১ কিলোমিটার দূরে অবস্থিত। এই দ্বীপটি গড়ে উঠেছে অনেক সুযোগ-সুবিধা নিশ্চিত করে। যেমন, এখানে রয়েছে লাইট হাউজ বা আলোকস্তম্ভ, রয়েছে সামরিক দুর্গ। এছাড়া আছে কেন্দ্রীয় বন্দিশালা। এই বন্দিশালা ১৯৩৪ থেকে ১৯৬৩ সালের ২১শে মার্চ পর্যন্ত বন্দিদের কারারুদ্ধ করে রাখার জন্য ব্যবহৃত হত। এই দ্বীপ ঘিরে পানির স্রোতমালা সব সময়ই বেশ তীব্র থাকে। ১৯৬৯-এর নভেম্বরের শুরু থেকে ১৯ মাসেরও বেশি সময় ধরে আমেরিকানদের আদি অধিবাসীরা এটি দখলে রাখে। ১৯৭২ সালে আল কাটরাজ (Alcatraz) দ্বীপটি গোল্ডেন গেট'র (Golden Gate) ন্যাশনাল রিক্রিয়েশনের আওতাভুক্ত হয় এবং ১৯৮৬ সালে এটি জাতীয় ঐতিহাসিক নিদর্শনের অন্যতম হিসেবে বিবেচিত হয়।

বাঙালি হোটেলের সন্ধান

প্রায় মাস হতে চলল আমরা যুক্তরাষ্ট্রে। এই এক মাস শুধু সময়ের পেছনে ছুটেছি। একটা বৈঠক শেষ হতে না হতেই আরেকটি বৈঠকে যোগদানের তাড়া। ভোর সাতটায় উঠেই শুরু হত দিনের কর্মমালা। আর এর পরিসমাপ্তি ঘটত কখনো সন্ধ্যা ছ'টায়, কখনো রাত আটটা অব্দি। এরপর গোটা দিনের ক্লান্তি ঢেলে দিতাম হোটেলের শুভ্র চাদর মোড়া প্রিয়জনবিহীন কোমল বিছানায়। স্ত্রী নেই, সন্তান নেই – সকলে সুদূর বাংলাদেশের নিভৃত এক গৃহে। স্ত্রী ব্যস্ত। আমার অনুপস্থিতিতে তাঁর ব্যস্ততা ছিল আরো বেশি।

আমাদের ব্যস্ততার মধ্যে কখনো যুক্ত হত ঐতিহাসিক কোন নিদর্শন দেখার। থিয়েটারও প্রত্যক্ষ করার সুযোগ ঘটেছিল একদিন। থিয়েটারের মঞ্চসজ্জা, আলোর বিন্যাস, দৃশ্যের বিষয় বৈচিত্র্য – সবকিছুই ছিল আমাদের কাছে বিস্ময়। আমরা বাংলাদেশীরা অভিনয় শিল্পে অগ্রসর একটি জাতি বলে গর্ব করতে পারি। কিন্তু এই মঞ্চ সজ্জা শিল্পে এদেশে এসে বিজ্ঞানের যে মেলবন্ধন দেখলাম তা কেবল বিস্মিত করেনি আমাদের, মুগ্ধও করেছে। নাটকের বিষয়বস্তু যুদ্ধনির্ভর, প্রেমনির্ভর।

আমাদের আহার প্রক্রিয়াটা ছিল একেবারেই পশ্চিমা ধাঁচের। প্রাচ্যের আহার রীতির কোন উপস্থিতি এই দীর্ঘ এক মাস সময়ে আমরা কোথাও প্রত্যক্ষ করিনি। মাছ-ভাত, দুধ-ভাত, গরুর মাংসের ভুনা, কিংবা করল্লার চচ্চরি, ছোট চিংড়ি দিয়ে লাউ শাক, কিংবা লাল শাক ভাজি, আলু ভর্তাসহ হরেক রকম ভর্তার সমাহার, ঘন ডালের চচ্চরি, সরষে ইলিশ, দোপেঁয়াজা করে মাছ ভাজা কিংবা গোল বেগুন চাকতি করে ভাজা, বেগুন ভর্তা, শুঁটকির চচ্চরি – না, এসব আমাদের হিসাব থেকে মিলিয়ে গেছে এই দেশে এসে।

আমাদের এক বন্ধু উদ্যোগ নিলেন বাঙালি হোটেল কিংবা রেস্তরাঁ খুঁজে বের করার। অভ্যর্থনা কক্ষে আসীন এক তরুণী সাহায্য করলেন। বললেন, সাগরের গা ঘেঁষে বাঙালি পরিচালিত একটি রেস্তরাঁ আছে। আর সেখানে মিলবে সব ধরনের বাঙালি খাবার। তবে দাম আকাশছোঁয়া। আমার মনে পড়ে গেল, কয়েক বছর আগে স্পেনের বার্সেলোনায় এ রকম একটি অভিজ্ঞতার। আমরা তিন সাংবাদিক বন্ধু গিয়েছিলাম বার্সেলোনায় তামাক সেবন নিয়ন্ত্রণ বিষয়ক এক সেমিনারে যোগ দিতে। আমাদের সংক্ষিপ্ত নিবাস হয়েছিল ভূমধ্যসাগরের অদূরে ২২তলা হোটেল সোফিয়াতে। স্পেনের রানীর নামানুসারে এই নাম। সংক্ষিপ্ত অবস্থানকালে আমরা বহু খুঁজে বের করেছিলাম এক ভারতীয় রেস্তরাঁ। এক মোগল সম্রাটের নামানুসারে নাম হোটেল শাহজাহান। রাজপোশাক পরা সম্রাট শাহজাহানের ছবি সম্বলিত সাইনবোর্ড। সেখানে আমরা সরু চিকন চালের ভাত, চিংড়ি মাছ সহযোগে লাল শাক ভাজি, খাসির মাংস আর ঘন ডাল দিয়ে রাতের খাবার খেয়েছিলাম। তবে খরচটা ছিল বড্ড বেশি। মাথাপিছু ১০ ইউরো। আমাদের অর্থের অভাব ছিল না – আয়োজকদের বদান্যতায়।

সানফ্রান্সিসকোর এই রেস্তরাঁয় আমরা ঢুকে পড়লাম। মাঝারি আকারের শ্যামলা রঙের এক উদ্দীপ্ত তরুণ হাসিমুখে এগিয়ে এলেন। আমাদের প্রবেশের সঙ্গে সঙ্গে মনে হল পুরো রেস্তরাঁ জুড়ে যেন আনন্দের আলো নেচে উঠল। সকলে আমাদের ঘিরে ধরলেন। সাংবাদিক পরিচয় পাওয়ার পর তাঁদের কৌতূহল, ভালবাসা আর মমতায় সিক্ত হলাম আমরা। তাঁদের আচরণে আমরা মুগ্ধ। মালিকের কাছে খবর গেল। তিনি ছুটে এলেন। ধবধবে সাদা পাঞ্জাবি। কড়া ইস্ত্রি করা। সোনালী বোতাম ঠাসা পাঞ্জাবির গায়ে। দুই দিকে ভাঁজ করা সরু গোঁফ। বেশ উজ্জ্বল রঙ। গলায় সোনার চেইন। হাতে সাদা পাঞ্জাবির সঙ্গে সংগতি রেখে ঘড়ি। এক নজরে সবার দৃষ্টি কাড়লেন। রাজনীতি, রাজনীতি আর কেবলই রাজনীতি নিয়ে কথা বললেন। আমেরিকার রাজনীতি নয়, বাংলাদেশের রাজনীতি। মনে হল কতদিন তিনি প্রাণভরে কথা বলেননি। আমরাও। সবাই মুগ্ধ হয়ে আতিথেয়তা গ্রহণ করলাম। গোল বাঁধল বিল দেয়ার সময়। মালিক জিহ্বা কাটলেন। দু'হাত জোড় করে ক্ষমা চাইলেন যেন তাঁকে এই আতিথেয়তার সুযোগ থেকে বঞ্চিত না করি। রেস্তরাঁর সব বাঙালি কর্মচারী গোল হয়ে আমাদের ঘিরে ধরেছেন। আমি বয়োজ্যেষ্ঠ সাংবাদিক হিসেবে এগিয়ে গেলাম মালিকের কাছে। বিনয় আর আন্তরিকতার সবটুকু প্রকাশ করে বললাম, 'আপনাদের আতিথেয়তায় আমরা মুগ্ধ। এখানে আমরা তিনদিন থাকবো। প্রতিরাতে এসে আপনাদের আতিথেয়তা গ্রহণ করব– তবে শর্ত একটাই বিল নিতে হবে।' বললাম, 'আমরা মার্কিন সরকারের রাষ্ট্রীয় অতিথি। বিনা অর্থে আমরা কোন রেস্তরাঁয় আহার গ্রহণ করতে পারি না। এই অর্থের বিল শোধ করার জন্যে আমাদের হাতে মার্কিন সরকারের পক্ষ থেকে টাকা তুলে দেয়া হয়েছে।' শেষ পর্যন্ত আমাদের মধ্যে একটা সমঝোতা হল, তাঁরা আমাদের কাছ থেকে কোন লাভ গ্রহণ করবেন না। মূল খরচের টাকাটাই শুধু গ্রহণ করবেন।

রেস্তরাঁর সকলের আনন্দ দেখে কয়েকবছর আগে অস্ট্রেলিয়ায় আমার এক সফরের কথা মনে পড়ল। তখন দেশে বড়পুকুরিয়া কয়লাখনি থেকে কয়লা উত্তোলনের বিষয়ে ব্যাপক তর্ক-বিতর্ক চলছে। কি পদ্ধতিতে কয়লা উত্তোলন করলে পরিবেশ ক্ষতিগ্রস্ত হবে না–সেই বিতর্ক। অস্ট্রেলিয়ায় তখন উন্মুক্ত পদ্ধতিতে কয়লা উত্তোলন হচ্ছে। এ বিষয়ে সরজমিন অভিজ্ঞতা অর্জনের জন্যে কয়েকজন সাংবাদিকের অস্ট্রেলিয়ায় যাওয়ার সুযোগ ঘটে। আনুষ্ঠানিক সফর শেষে আমি সিডনিতে বেড়ানোর উদ্দেশ্যে কয়েকদিনের জন্যে থেকে যাই। সিডনিতে আমার এক বন্ধুর আত্মীয়ের বাসায় আতিথেয়তা গ্রহণ করি। সফরের শেষ দিন গৃহকর্তা বিকেলে আমাকে এসে হোটেল থেকে তাঁর বাড়িতে নিয়ে যান। তিন-চারদিন তাঁর আতিথেয়তা গ্রহণ করে আমি যারপরনাই মুগ্ধ। ঘরের ছোট বাচ্চা থেকে শুরু করে সকলের কাছেই মনে হতো তাঁদের ঘরে শাওয়ালের চাঁদ উঠেছে। আনন্দ আর আনন্দ। প্রতিবেলার আহারে মিলতো হরেক রকম মুখরোচক খাবার। তাঁরা আমাকে এক এক দিন কখনো কোন বাঙালি পরিবারের বাড়িতে আবার কখনো দর্শনীয় স্থানে নিয়ে যেতেন। এটাই বোধহয় আমাদের বাঙালিদের অহংকার আর ঐতিহ্যের মূল জায়গা – যা কখনো কখনো অতিদারিদ্র্য আর নাগরিক জীবনের কৃত্রিম পোশাকের আড়ালে ঢাকা পড়ে যায়।

নিউইয়র্কে জিয়াউর রহমানের ৯০তম জন্মদিবস পালন





বাংলা পত্রিকা ডেস্কঃ বিএনপির প্রতিষ্টাতা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউর রহমানের ৯০ তম জন্ম দিবস উপলক্ষ্যে গত ২০শে জানুয়ারি নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপি ব্রঙ্কসের গোল্ডেন প্যালেসে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।

সংগঠনের সভাপতি আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি বক্তব্যে রাখেন বিএনপির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক জনাব আনোয়ার হোসেন খোকন এবং গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক কোষাধ্যক্ষ জনাব জসিম ভূইয়া, বিশেষ অতিথি বিএনপি নেতা আব্দুর রহিম, লিয়াকোত আলী, সেবুল খান মাহবুব, মোঃআলী রাজা, মোঃ মমতাজ উদ্দীন, সুলতান মাহমুদ সিদ্দিকী ও নাসিমা আক্তার। কোরআন তেলওয়াত করেন আশিকুল হক। স্বাগত বক্তব্য রাখেন বিএনপি নেতা আসাদুজ্জামান আসাদ।



অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মোস্তাফিজুর রহমান প্রিন্স, বেগ হুসাইন ইসলাম মিঠু, আব্দুল আহাদ হেলাল, মোঃ জামাল হোসেন, মোঃ হাসিব মিয়া, আব্দুল মুক্তাদির, তপদী রায় ব্রণ, মোহাম্মদ জাকির হোসেন বাচ্চু, মোঃ বাদল হোসেন, মোহাম্মদ আলী মিলন মোঃ সৈকত আহমদ, মাহবুব চৌধুরী মোঃ মুরাদ হোসেন, মোঃ সাদিক আলী মোঃ সোহেল আহমেদ, চৌধুরী মোমিত তানিম, শাহ স্বপন, মোঃ জাহির হোসাইন, আব্দুল ওয়াদুদ খোকন, মোঃ শহিদুল ইসলা, হাজী ইকবাল হোসেন, সামসুল হক, রাহেল আহমেদ ও শাহ ইকবাল রাজু।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিএনপির কেন্দ্রীয় আন্তর্জাতিক সম্পাদক আনোয়ার হোসেন খোকন বলেন, শহিদ জিয়াউর রহমান সত্যিকার অর্থে ছিলেন একজন দেশপ্রেমিক রাজনীতিবিদ। তিনি যেমনি বাংলাদেশের স্বাধীণতা যুদ্ধে অনবদ্য ভুমিকা পালন করেছেন তেমনি স্বাধীণতাত্তোর বাংলাদেশকে পুনঃগঠন করেছেন। তাঁর শাসনামলে দেশ অর্থনৈতিকভাবে একটি সাবলম্বী দেশ হিসাবে গড়ে উঠেছিলো।

অনুষ্ঠানে শহিদ জিয়া ও সদ্য প্রয়াত বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। দোয়া পরিচালনা করেন আব্দুল আহাদ হেলাল।



ট্রাম্পের অভিবাসন নীতি নিয়ে ওবামা-ক্লিনটনের হুঁশিয়ারি

বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রের মিনিয়াপোলিসে আমেরিকান নাগরিক ও নার্স এলেক্স প্রেটির আইসিই (ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট) সংশ্লিষ্ট ফেডারেল এজেন্টদের গুলিতে নিহত হওয়ার ঘটনায় যুক্তরাষ্ট্রজুড়ে নড়েচড়ে বসছে রাজনৈতিক নেতা ও আইনপ্রণেতারা। ঘটনায় দুইবারের প্রাক্তন প্রেসিডেন্ট বারাক ওবামা ও বিল ক্লিনটন তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন এবং দেশজুড়ে ন্যায়ের জন্য দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন।

ওবামা ও তার স্ত্রী মিশেল আইসিই পরিচালিত এই নৃশংস হত্যাকাণ্ডকে একটি হৃদয়বিদারক ট্র্যাজেডি হিসেবে বর্ণনা করে বলেছেন, এটি প্রত্যেক আমেরিকানের জন্য একটি সতর্কবার্তা যে দেশের মৌলিক মূল্যবোধের উপর আক্রমণ চলছে। তাঁরা প্রশাসনকে আরও দায়িত্বশীলভাবে কাজ করতে ও স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে সমন্বয় করার জন্য আহ্বান জানিয়েছেন।

একই সঙ্গে বিল ক্লিনটন কঠোর সমালোচনা করে বলেছেন যে শান্তিপূর্ণ প্রতিবাদকারীদের বিরুদ্ধে ব্যবহার করা হামলা ও গুলিতে দু'জনের মৃত্যুর ঘটনা অগ্রহণযোগ্য এবং আমেরিকান নাগরিকদের সোচ্চার হতে আহ্বান জানিয়েছেন।

জানুয়ারির শুরুতে মিনিয়াপোলিসে আইসিই এর গুলিতে রেনে গুড নামক এক আমেরিকান নারী নিহতের ঘটনায় পুরো যুক্তরাষ্ট্রজুড়ে পতিবাদ তীব্র হয়। বিশেষ করে মিনিয়াপোলিস অঞ্চলে শান্তিপূর্ণ প্রতিবাদের মাঝে আবারও অস্ত্র ব্যবহারের ঘটনায় উত্তেজনা তীব্র হচ্ছে। ট্রাম্প প্রশাসনের অভিবাসন নীতি ও কঠোর অভিযানের বিরুদ্ধে সম্প্রতি চাপ বাড়ছে এবং কিছু ডেমোক্র্যাট আইনপ্রণেতা হোমল্যান্ড সিকিউরিটি বাজেট ব্লক করার হুমকি দিচ্ছেন।



যুক্তরাষ্ট্রের মিনেসোটায় ফের বিক্ষোভ, এজেন্টদের সরানোর দাবি গভর্নরের

বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রের মিনিয়াপোলিসে আবারও গুলিতে এক আমরিকান নাগরিকের মৃত্যুর পর ফেডারেল অভিবাসন কর্মকর্তাদের অভিযানের বিরুদ্ধে বিক্ষোভ করছেন স্থানীয়রা। রাজ্যের গভর্নর টিম ওয়ালজ সেখান থেকে ফেডারেল এজেন্টদের সরিয়ে নিতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রতি আহবান জানিয়েছেন। আমেরিকানদের উদ্দেশ্যে তিনি বলেছেন, এটি একটি সন্ধিক্ষণ।

নিজের সামাজিক মাধ্যমে ট্রুথ সোশ্যালে দেওয়া পোস্টে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ওয়ালজ ও মিনিয়াপোলিসের মেয়র জেকব ফ্রে-র উচিত রাজ্যের কারাগারে থাকা সব বন্দিকে দেশ থেকে বহিষ্কারের জন্য কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া।

গত শনিবার অ্যালেক্স প্রেট্টি নামের আমেরিকান নাগরিককে হত্যার আগ মুহূর্তে যা ঘটেছে তা নিয়ে ভিন্ন ভিন্ন বক্তব্য পাওয়া যাচ্ছে রাজ্য ও ফেডারেল কর্মকর্তাদের পক্ষ থেকে। গুলি করার যেসব ভিডিও ছড়িয়ে পড়েছে সেগুলোর বিষয়ে বর্ডার পেট্রোল কমান্ডার গ্রেইগ বভিনো বলেছেন, সত্য উদঘাটনের জন্য তদন্ত হওয়া দরকার।

এক সংবাদ সম্মেলনে গ্রেইগ বভিনো বলেন, শনিবারের ঘটনার সঙ্গে জড়িত সব এজেন্ট এখনও কাজ করছেন। তবে তাদের মিনিয়াপোলিস থেকে অন্য জায়গায় সরিয়ে নেওয়া হয়েছে। তাদের নিরাপত্তার জন্য এটি করা হয়েছে।

এক সাংবাদিক বভিনোকে প্রশ্ন করেন চলতি মাসেই মিনিয়াপোলিসে দুটি মৃত্যুর দায় তিনি নিচ্ছেন কি-না। জবাবে বভিনো বলেন, আইন প্রয়োগকারী সংস্থার অভিযানের সময় যারা বাধা তৈরি করেছে তাদের কারণেই এই ঘটনা ঘটেছে।

আইসিসির দ্বিচারিতা নিয়ে আফ্রিদি ও গিলেস্পির তীব্র সমালোচনা



ক্রীড়া ডেস্ক : বাংলাদেশকে ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত ঘিরে আইসিসির ভূমিকা নিয়ে তীব্র সমালোচনার ঝড় উঠেছে আন্তর্জাতিক ক্রিকেট মহলে। সাবেক পাকিস্তান অধিনায়ক শহীদ আফ্রিদি ও অস্ট্রেলিয়ার সাবেক অলরাউন্ডার জেসন গিলেস্পি সরাসরি আইসিসির সিদ্ধান্ত গ্রহণের "অসামঞ্জস্যতা" ও দ্বৈত নীতির প্রশ্ন তুলেছেন।

বাংলাদেশের বাদ পড়ার পর সামাজিক যোগাযোগমাধ্যমে আফ্রিদি স্মরণ করিয়ে দেন, ২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারত নিরাপত্তার অজুহাতে পাকিস্তানে যেতে অস্বীকৃতি জানালে আইসিসি কীভাবে ভেন্যু পরিবর্তনের সুযোগ দিয়েছিল। সেই সিদ্ধান্তের ফলে ভারতের ম্যাচগুলো দুবাইয়ে আয়োজন করা হয় এবং শেষ পর্যন্ত ফাইনালেও পাকিস্তান নিজেদের মাঠে ম্যাচ আয়োজনের সুযোগ পায়নি।

এক্সে (সাবেক টুইটার) আফ্রিদি লেখেন, "একজন সাবেক আন্তর্জাতিক ক্রিকেটার হিসেবে, যিনি বাংলাদেশে খেলেছেন এবং আইসিসি ইভেন্টেও অংশ নিয়েছেন, আইসিসির এই অসঙ্গতিপূর্ণ আচরণে আমি গভীরভাবে হতাশ। ২০২৫ সালে পাকিস্তানে না যাওয়ার ক্ষেত্রে ভারতের 'নিরাপত্তা উদ্বেগ' আইসিসি মেনে নিয়েছিল, অথচ বাংলাদেশকে সেই একই বাস্তবতায় একই সহানুভূতি দেখানো হচ্ছে না।"

তিনি আরও জোর দিয়ে বলেন, বিশ্ব ক্রিকেট পরিচালনায় ধারাবাহিকতা ও ন্যায্যতাই হওয়া উচিত মূল ভিত্তি। "বাংলাদেশের খেলোয়াড় এবং কোটি কোটি সমর্থক সম্মানের দাবিদার। দ্বৈত মানদণ্ড নয়। আইসিসির উচিত সেতু গড়া, ভাঙন তৈরি করা নয়," -যোগ করেন আফ্রিদি।

এই ইস্যুতে একই সুরে কথা বলেন পাকিস্তানের সাবেক কোচ জেসন গিলেস্পিও। তিনিও সামাজিক মাধ্যমে প্রশ্ন তোলেন- বাংলাদেশ কেন ভারতের বাইরে ম্যাচ খেলতে পারল না, যখন ভারতকে পাকিস্তানের বাইরে খেলতে দেওয়া হয়েছিল? যদিও পরে তিনি সেই পোস্টটি মুছে ফেলেন।

বাংলাদেশ নিরাপত্তা উদ্বেগ দেখিয়ে ভারতে দল পাঠাতে অস্বীকৃতি জানালে প্রায় তিন সপ্তাহ ধরে আইসিসির সঙ্গে অচলাবস্থা চলে। শেষ পর্যন্ত আইসিসি বাংলাদেশের আবেদন নাকচ করে আনুষ্ঠানিকভাবে স্কটল্যান্ডকে তাদের বদলি হিসেবে ঘোষণা করে।

এই সিদ্ধান্ত শুধু একটি দল নয়, বরং আইসিসির নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা নিয়েই বড় প্রশ্ন তুলে দিয়েছে- যার প্রতিধ্বনি এখন ক্রিকেট বিশ্বজুড়ে।

আইসিসির নীতিকে 'ডাবল স্ট্যান্ডার্ড' আখ্যা দিল উইজডেন

ক্রীড়া ডেস্ক : নিরাপত্তা ঝুঁকির পরও বাংলাদেশের দাবির প্রেক্ষিতে ভেন্যু বদল করেনি আইসিসি; অথচ গত বছরের আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফিতে পাকিস্তানে খেলতে যেতে অস্বীকৃতি জানানোয় ভারতের ম্যাচগুলো আয়োজন করা হয়েছিল দুবাইয়ে- এটি কি আইসিসির 'ডাবল স্টান্ডার্ড' নীতি নয়? এই প্রশ্ন তুলেছে শীর্ষস্থানীয় এবং স্বাধীন ক্রিকেট ম্যাগাজিন উইজডেন। নিজেদের এক প্রতিবেদনে শনিবার এমন প্রশ্ন তোলে 'ক্রিকেটের বাইবেল' খ্যাত পত্রিকাটি।

স্বৈরাচারী আওয়ামী লিগ সরকার পতনের পর থেকেই ভারত-বাংলাদেশ সম্পর্ক শীতল পরিস্থিতি বিরাজ করছে। গত ২০ ডিসেম্বর দিল্লির কূটনৈতিক এলাকায় নিরাপত্তাবেষ্টনী ভেদ করে বাংলাদেশ হাইকমিশনের সামনে গিয়ে 'অখণ্ড হিন্দু রাষ্ট্র সেনার' বিক্ষোভ ও হাইকমিশনারকে হুমকি এবং কাছাকাছি সময়ে ভারতের একাধিক রাজ্যে বাংলাদেশি সন্দেহে ভারতীয় নাগরিকদের পিটিয়ে হত্যার ঘটনা দেশটিতে বাংলাদেশিদের নিরাপত্তাশঙ্কা বাড়িয়ে তোলে।

সেই আগুনে ঘি ঢালে ভারতের উগ্র সাম্প্রদায়িক গোষ্ঠীর হুমকির মুখে বিসিসিআইয়ের নির্দেশে মুস্তাফিজুর রহমানের সঙ্গে কলকাতা নাইট রাইডার্সের চুক্তি বাতিলের ঘটনা। এর জেরে বাংলাদেশে আইপিএল সম্প্রচার বন্ধ করে দেওয়া হয় এবং বিশ্বকাপে শ্রীলঙ্কায় নিজেদের ম্যাচ আয়োজনের দাবি জোরালো করে বিসিবি।

বিসিবির শঙ্কার জায়গাটা হলো, ভারত যদি একজন খেলোয়াড়কেই নিরাপত্তা দিতে না পারে তাহলে পুরো একটি দল, দলের কোচিং স্টাফ, সাংবাদিক ও ভক্ত-সমর্থকদের কিভাবে নিরাপত্তা নিশ্চিত করবে। শেষ পর্যন্ত বিসিবির যৌক্তিক দাবি প্রত্যাখ্যান করে বিশ্বকাপে বাংলাদেশের জায়গায় স্কটল্যান্ডকে যুক্ত করে আইসসি।

গত বছর পাকিস্তানে গিয়ে আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলতে চায়নি ভারত। আইসিসি তাদের দাবি মেনে নিয়ে ফাইনালসহ তাদের ম্যাচগুলো আয়োজন করে দুবাইয়ে। অংশগ্রহণকারী অন্য সব দল পাকিস্তানে গেলেও ভারতের সঙ্গে খেলার জন্য সব দলকেই দুবাইয়ে যেতে হয়েছিল।

এই দুটি ঘটনা বর্ণনা করে আন্তর্জাতিক ক্রিকেটে ন্যায্যতা আদৌ শর্তসাপেক্ষ কিনা– সে প্রশ্ন তুলেছে উইজডেন। ভারত তাদের সিদ্ধান্ত জানানোর জন্য তিন মাস সময় পেয়েছিল; অন্যদিকে সূচি ও গ্রুপ ঘোষণার পর বাংলাদেশের হাতে ছিল মাত্র এক মাস। শুধু সময়ের ব্যবধানই কি আইসিসির 'ডাবল স্ট্যান্ডার্ডকে' ন্যায্যতা দিতে পারে?

উইজডেনের প্রতিবেদনে আরও বলা হয়েছে, সংকট তৈরিতে মোস্তাফিজুর রহমানকে ঘিরে ভারতের রাজনৈতিক বার্তা দেওয়ার ভূমিকা কি উপেক্ষা করা যায়? বিসিসিআই কখনোই মোস্তাফিজকে বাদ দেওয়ার কারণ হিসেবে নিরাপত্তার কথা বলেনি। কেবল একটি কথাই উল্লেখ করেছিল- 'সাম্প্রতিক পরিস্থিতি'।

বাংলাদেশ এটিকে নিরাপত্তা হুমকি হিসেবে দেখেছে। তাদের যৌক্তিক দাবি- যদি একজন খেলোয়াড়ের নিরাপত্তা নিশ্চিত করা না যায়, তাহলে পুরো দলকে কীভাবে নিরাপদ রাখা হবে?

মোস্তাফিজকে বাদ দেওয়ার বিষয়ে ভারতের সিদ্ধান্ত ছিল নিঃশর্ত ও অনুতাপহীন। কোনো ব্যাখ্যা ছাড়াই একজন খেলোয়াড়কে ছেড়ে দিয়ে বিসিসিআই স্পষ্ট বার্তা দেয়, ক্রিকেট রাজনৈতিক উদ্দেশ্যেও ব্যবহৃত হতে পারে। প্রশাসনিক ক্ষমতা ব্যবহার করে ক্রিকেটের মাধ্যমে রাজনৈতিক বার্তা দিয়েছে ভারত। বাংলাদেশ তাদের খেলোয়াড়দের সুরক্ষায় দাঁড়ালেও আত্মসম্মান ও নীতির প্রশ্নে কঠোর অবস্থান নিয়ে প্রকাশ্য হুমকির পথে গেছে। যার ফলে আইসিসির জন্য না বলাটা সহজ হয়েছে বলে মনে করে উইজডেন।

অন্যদিকে ভারত জানে, অর্থনৈতিক শক্তি ও সুপারস্টারদের কারণে তাদের ছাড়া আইসিসি টুর্নামেন্ট প্রায় অচল। তাই তারা পাকিস্তানে যেতে অস্বীকৃতি জানিয়ে নিজেদের ইচ্ছা চাপিয়ে দিতে পেরেছে। লড়াইয়ের পাল্লা শুরু থেকেই ভারতের দিকেই ভারী ছিল, যা দেখিয়ে দেয় কীভাবে ক্ষমতা, বিশেষ করে অর্থনৈতিক শক্তি, সিদ্ধান্তকে নিজের পক্ষে বাঁকিয়ে নিতে পারে।

অন্যদিকে বাংলাদেশের তেমন সামর্থ্য ছিল না। তাই এমন এক সিদ্ধান্তের খেসারত তাদের দিতে হয়েছে, যার কথা তারা তিন সপ্তাহ আগেও ভাবেনি। বাংলাদেশ বিশ্বকাপে ছিল, কিন্তু এখন আর নেই। শুধু নিজেদের পক্ষে দাঁড়ানোর কারণেই। যা দেশটির কোটি-কোটি ক্রিকেট সমর্থকদের জন্য কেবলই হতাশার।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



কম্বোডিয়া-পূর্ব তিমুর নয়, হামজাদের প্রীতি ম্যাচ ভিয়েতনামের সঙ্গে

ক্রীড়া ডেস্ক : সিঙ্গাপুরের বিপক্ষে এএফসি এশিয়ান কাপ বাছাইয়ের শেষ ম্যাচের আগে জাতীয় ফুটবল দলকে একটি প্রীতি ম্যাচ খেলানোর জন্য তিনটি দেশের সাথে যোগাযোগ করেছিল বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)। কম্বোডিয়া ও পূর্ব তিমুরের যে কোনো একটি দল হবে এমন ঘোষণা আনুষ্ঠানিকভাবে দিয়েছিল বাফুফে। তবে শেষ পর্যন্ত ওই দুই দেশের কোনোটাই হচ্ছে না প্রীতি ম্যাচে বাংলাদেশের প্রতিপক্ষ। হামজাদের প্রীতি ম্যাচের প্রতিপক্ষ হতে যাচ্ছে ভিয়েতনাম। বাফুফের একটি সূত্র সে তথ্যই জানিয়েছে।

সিঙ্গাপুরের বিপক্ষে ম্যাচ ৩১ মার্চ কালাং শহরে। বাফুফে ঘোষণা করেছিল সিলেটে প্রীতি ম্যাচ খেলে ২৮ মার্চ দল সিঙ্গাপুর যাবে। তবে এখন সেই সিডিউলে পরিবর্তন আসছে। ভিয়েতনামের বিপক্ষে ম্যাচটি খেলতে হবে তাদেরই মাটিতে। এখন পর্যন্ত যে খবর, তাতে ২৬ মার্চ ম্যাচ হবে ভিয়েতনামের বিপক্ষে।

যে কারণে হামজা-জামালদের আগেই ঢাকা ছাড়তে হবে। সবকিছু ঠিকঠাক থাকলে ভিয়েতনামের বিপক্ষে ম্যাচ খেলে সিঙ্গাপুর যাবে ক্যাবরেরার দল। তবে জাতীয় দলের নতুন এই সূচি এখনো আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেনি বাফুফে।

২০২৫ সালের ২৫ মার্চ শিলংয়ে ভারতের বিপক্ষে ম্যাচ দিয়ে শুরু হয়েছিল এশিয়ান কাপ বাছাই মিশন, শেষ হবে আগামী ৩১ মার্চ সিঙ্গাপুরের বিপক্ষে ম্যাচ দিয়ে। এ পর্যন্ত খেলা ৬ ম্যাচে বাংলাদেশ ভারতের বিপক্ষে হোম ম্যাচ জিতেছে এবং ড্র করেছে দুই ম্যাচ।

সাফ নারী ফুটসালের প্রথম চ্যাম্পিয়ন বাংলাদেশ

থাইল্যান্ডে সাবিনাদের শিরোপা উৎসব



ক্রীড়া ডেস্ক : শুরুতে এগিয়ে গেল মালদ্বীপ। আত্মঘাতী গোল করলেন মাসুরা পারভীন। একপেশে ম্যাচে চমক বলতে এতটুকুই! এরপর দ্রুতই আড়মোড় ভেঙে জেগে উঠলেন সাবিনা-লিপিরা। মালদ্বীপকে চেপে ধরে গোল করলেন মুড়িমুড়কির মতো। বিশাল জয়ে লেখা হলো ইতিহাস। মেয়েদের সাফ ফুটসালের প্রথম শিরোপা বাংলাদেশ জিতে নিল অপরাজিত থেকে। গতকাল থাইল্যান্ডে রাউন্ড রবিন লিগে নিজেদের ষষ্ঠ ও শেষ ম্যাচে মালদ্বীপকে ১৪-২ গোলে উড়িয়ে দেয় বাংলাদেশ। দলের জয়ে সাবিনা হ্যাটট্রিকসহ ৪টি, লিপি আক্তার হ্যাটট্রিকসহ ৩টি, কৃষ্ণা রানী সরকার ২টি গোল করেন। এছাড়া নোশিন জাহান, মাতসুশিমা সুমাইয়া, নিলুফা ইয়াসমিন নীলা, মেহেনুর আক্তার ও মাসুরারাও পান একবার করে জালের দেখা। সবমিলিয়ে ছয় ম্যাচে পাঁচ জয় ও এক ড্রয়ে ১৬ পয়েন্ট নিয়ে সেরা হলো দক্ষিণ এশিয়ান ফুটবল ফেডারেশনের আয়োজনে প্রথম ফুটসালের।

জাতীয় দলের মূল পরিকল্পনা থেকে বাদ পড়া অভিজ্ঞ ফুটবলারদের নিয়ে এই দল গঠন করা হয়েছিল, যাদের অনেকে বাংলাদেশের সাফ চ্যাম্পিয়নশিপ জয়ের কারিগর ছিলেন। শেষ পর্যন্ত সেই অভিজ্ঞদের ওপর ভর করেই দক্ষিণ এশিয়ার ফুটসালে প্রথম মুকুট পরল বাংলাদেশ। এদিন ব্যাংককের ননথাবুরি হলে শেষের বাঁশি বাজতেই সাবিনা, মাতসুশিমা, মাসুরা, নিলুফারা পরস্পরকে আলিঙ্গণে বাঁধলেন। লাল-সবুজের পতাকা উড়িয়ে হলে চক্কর দিলেন। গ্যালারিতে আসা সমর্থকদের অভিনন্দনে সাড়া দিলেন। ফটোসেশনে উল্লাসে ফেটে পড়লেন তারা এই প্রতিযোগিতার প্রথম আসরের শ্রেষ্ঠের সিংহাসনে বসার তৃপ্তি নিয়ে। পরে অনির্বচনীয় আনন্দের অনুভূতিও সাবিনা-মাতসুশিমারা ভাগাভাগি করে নিলেন সবার সাথে। বাফুফেও জানালো অভিনন্দন।

টুর্নামেন্ট শুরুর আগেও এত বড় স্বপ্ন ছিল না সাবিনা-মাসুরাদের চোখে। থাইল্যান্ডে রওনা দেওয়ার আগে ঢাকার সংবাদ সম্মেলনে অধিনায়ক সাবিনা, কোচ সাঈদ খোদারাহমির কণ্ঠে ছিল না শিরোপা জয়ের জোরাল আশা। 'ভালো কিছু' পাওয়ার আশাতেই সীমাবদ্ধ ছিল তাদের কথা। ওই সীমানা ছাড়িয়ে যাওয়ার শুরু ভারতের বিপক্ষে ৩-১ গোলের জয়ের পর থেকে। দ্বিতীয় ম্যাচে অবশ্য ভুটানের বিপক্ষে ৩-৩ ড্রয়ে আত্মবিশ্বাসে চোট লাগে কিছুটা, কিন্তু এরপর সাবিনারা অদম্য, দুর্বার। নেপালকে ৩-০ গোলে হারিয়ে, শ্রীলঙ্কাকে ৬-২ ব্যবধান উড়িয়ে এবং পাকিস্তানকে ৯-১ গোলে গুঁড়িয়ে শিরোপার ঘ্রাণ পেতে থাকে মেয়েরা। মালদ্বীপকে উড়িয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার পর সামাজিক যোগাযোগের মাধ্যমে দেওয়া ছোট ছোট একাধিক পোস্টে সাবিনা তুলে ধরলেন অনুভূতি, 'মালদ্বীপ ম্যাচ শুরুর আগে সাবিনা পোস্ট করেছিলেন, 'একটা লড়াই বাকি। সব হৃদয় (একসাথে), কোনো ভয় নেই। বাংলাদেশ বনাম মালদ্বীপ। বাংলাদেশ সময় ১০টায় (খেলা)। আমাদেরকে প্রার্থনায় রাখবেন।' মালদ্বীপকে উড়িয়ে দেওয়ার পর তিনটি পোস্টের একটিতে তিনি লিখেছেন 'আলহামদুলিল্লাহ', অন্যটিতে 'আল্লাহ মহান', আরেকটিতে পোস্ট করেছেন টিম বাসে করে হোটেলে ফেরার মুহূর্ত। সেখানে 'চ্যাম্পিয়ন-চ্যাম্পিয়ন, বাংলাদেশ চ্যাম্পিয়ন' স্লোগানের নহর বইছে।

ইতিহাস গড়া এই সাফল্যের পর সাফের পোস্ট করা ভিডিওতে পাশে থাকা সমর্থকদের ধন্যবাদ জানাতে ভোলেননি মাতসুশিমা সুমাইয়া, 'মালদ্বীপের বিপক্ষে আজ (গতকাল) আমাদের শেষ ম্যাচ ছিল। আলহামদুলিল্লাহ আমরা চ্যাম্পিয়নশিপ জিতেছি। খেলোয়াড়, কোচিং স্টাফ, ফিজিও এবং সমর্থক, যারা আমাদের সমর্থন করেছেন তাদের সবাইকে অসংখ্য ধন্যবাদ। এই প্রতিযোগিতা আয়োজনের জন্য সাফকে ধন্যবাদ। এখানে অনেক প্রতিভাবান খেলোয়াড় পেয়েছি, যাদের বিপক্ষে খেলতে পেরে আনন্দিত। সব মিলিয়ে আমার অভিজ্ঞতা ছিল চমৎকার।'

বিশ্বকাপ ফুটবল বয়কটের হুমকি জার্মানির!

ক্রীড়া ডেস্ক : যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ডেনমার্কের স্বায়ত্তশাসিত অঞ্চল গ্রীনল্যান্ড দখলের ঘোষণায় ফুঁসে উঠেছে ইউরোপের বেশীরভাগ দেশ। যদিও এমন পরিকল্পনায় অনড় রয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার এমন সিদ্ধান্তে প্রভাব পড়েছে ফুটবলেও। এঘটনায় বিশ্বকাপ ফুটবল বয়কটের দাবি উঠেছে জার্মানিতে। চারবারের বিশ্বকাপ শিরোপাজয়ী দেশটির রাজনীতিকদের একাংশ এই আহবান জানিয়েছেন। তারা মনে করেন, পরিস্থিতি আরও ঘোলাটে হলে যুক্তরাষ্ট্রে আয়োজিত বিশ্বকাপে অংশ না নেওয়াই হতে পারে যথাযথ প্রতিবাদ। মার্কিন যুক্তরাষ্ট্রের গ্রিনল্যান্ড দখলের পরিকল্পনার বিরোধিতা করেছে ডেনমার্ক, জার্মানিসহ ইউরোপের আটটি দেশ। ক্ষুব্ধ হয়ে দেশগুলোর ওপর উচ্চ শুল্ক আরোপের হুমকি দিয়েছেন ট্রাম্প। সেই হুমকির পাল্টা পদক্ষেপ হিসেবেই এই সিদ্ধান্ত নিতে যাচ্ছে জার্মানি। এ ব্যাপারে সমর্থন রয়েছে জার্মানির সরকারেরও। যদিও রাজনীতিবিদরা আহবান জানালেও চূড়ান্ত সিদ্ধান্ত নেবে দেশটির ফুটবল ফেডারেশন।

এদিকে, জার্মানী বিশ্বকাপ বয়কটের হুমকি দিলেও ডোনাল্ড ট্রাম্পের গ্রীনল্যান্ড দখলে নিতে চাওয়া নিয়ে চলমান উত্তেজনার মধ্যে ফ্রান্স ২০২৬ ফিফা বিশ্বকাপ বয়কট করার কথা ভাবছে না বলে জানিয়েছেন দেশটির ক্রীড়ামন্ত্রী মারিনা ফেরারি। ৫২ বছর বয়সী ফেরারি বলেন, খেলাধুলাকে রাজনীতি থেকে আলাদা রাখতে চান তিনি। তবে ফ্রান্সের বামপন্থী আইন প্রণেতা এরিক কোকেরেল বলেছেন, বিশ্বকাপের দুইবারের চ্যাম্পিয়ন ফ্রান্সের আগামী আসর বয়কটের কথা বিবেচনা করা উচিত। তিনি বলেন, 'সত্যি বলতে, আমরা কি সত্যিই এমন একটি দেশে ফুটবল বিশ্বকাপ খেলার কথা কল্পনা করতে পারি, যে দেশটি তার 'প্রতিবেশীদের' আক্রমণ করে, গ্রীনল্যান্ড আক্রমণের হুমকি দেয়, আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে, জাতিসংঘকে ধ্বংস করতে চায়।'

প্রথমবারের মতো ৪৮ দল নিয়ে আগামী জুন-জুলাইয়ে ২০২৬ ফিফা বিশ্বকাপ যৌথভাবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও ম্যাচের বড় অংশ আয়োজন করবে যুক্তরাষ্ট্র।

বিশ্বের সর্বোচ্চ আয় করা নারী ফুটবলার ট্রিনিটি রডম্যান



ক্রীড়া ডেস্ক : নারী ফুটবলে বিশ্বের সবচেয়ে বেশি আয় করা ফুটবলার এখন ট্রিনিটি রডম্যান। গত ৩১ ডিসেম্বর যুক্তরাষ্ট্রের জাতীয় নারী সুপার লিগের (এনডব্লুএসএল) ওয়াশিংটন স্পিরিটের সঙ্গে রডম্যানের আগের চুক্তির মেয়াদ শেষ হয়ে যায়। তখন থেকেই হয়ে যান ফ্রি এজেন্ট।

শুক্রবার (২৩ জানুয়ারি) তার সঙ্গে ওয়াশিংটন স্পিরিট তিন বছরের নতুন চুক্তি করেছেন। কত আয় করবেন, সে ব্যাপারে স্পষ্ট কিছু জানা না গেলেও আল জাজিরাসহ বিদেশি বিভিন্ন সংবাদমাধ্যমে জানা গেছে, নতুন চুক্তিতে বোনাসসহ প্রত্যেক বছর ২০ লাখ ডলার পাবেন ট্রিনিটি।

বাংলাদেশি মুদ্রায় তা ২৪ কোটি ৪৬ লাখ টাকা। ২০২৮ পর্যন্ত ওয়াশিংটন স্পিরিটের হয়ে খেলবেন তিনি। তার এজেন্ট মাইক সেক্কোভচ্চি ইসএসপিএনকে জানিয়েছেন, ওয়াশিংটন স্পিরিটের সঙ্গে নতুন চুক্তির ফলে বিশ্বের সর্বোচ্চ আয় করা নারী ফুটবলার হবেন রডম্যান।

বিশ্বকাপের আগে আর কয়টি ম্যাচ খেলবে আর্জেন্টিনা ও ব্রাজিল, প্রতিপক্ষ কারা

ক্রীড়া ডেস্ক : ২০২৬ বিশ্বকাপের বাঁশি বাজতে আর খুব বেশি দেরি নেই। শিরোপার বড় দুই দাবিদার বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা ও পাঁচবারের চ্যাম্পিয়ন ব্রাজিল বিশ্বকাপের দল গোছাতে ব্যস্ত। মাঠের লড়াই শুরুর আগে নিজেদের ঝালিয়ে নিতে মার্চ মাসেই আবার মাঠে নামছে এই দুই পরাশক্তি।

বিশ্বকাপের আগে আর্জেন্টিনার সামনে এখন বড় সুযোগ আরও একটি শিরোপা ঘরে তোলার। আগামী ২৭ মার্চ কাতারের লুসাইল স্টেডিয়ামে হবে 'ফিনালিসিমা' ম্যাচ। দক্ষিণ আমেরিকা চ্যাম্পিয়ন আর্জেন্টিনার মুখোমুখি হবে ইউরোজয়ী স্পেন। ২০২২ সালে এই মাঠেই বিশ্বকাপ উঁচিয়ে ধরেছিলেন লিওনেল মেসি। চেনা সেই আঙিনায় আরও একটা ট্রফির প্রত্যাশা নিয়েই যাবে আলবিসেলেস্তেরা।

স্পেনের বিপক্ষে এই হাইভোল্টেজ লড়াইয়ের রেশ কাটতে না কাটতেই আরও একটি প্রীতি ম্যাচ খেলবে বিশ্ব চ্যাম্পিয়নরা। এবার প্রতিপক্ষ কাতার। ৩১ মার্চ কাতারের মাঠেই হবে খেলাটি। কাতার ফুটবল অ্যাসোসিয়েশন এরই মধ্যে বিষয়টি নিশ্চিত করেছে। তবে ম্যাচের ভেন্যু ও সময় এখনো চূড়ান্ত হয়নি। বিশ্বকাপের শিরোপা ধরে রাখার মিশনে নামার আগে স্কালোনির শিষ্যদের জন্য এটিই হতে পারে শেষ পরীক্ষা।



ব্রাজিলও বসে নেই। কার্লো আনচেলত্তির দলও মার্চের আন্তর্জাতিক বিরতিতে দুটি বড় ম্যাচ খেলবে। এই দুই ম্যাচের পরই ঘোষণা করা হবে ব্রাজিলের বিশ্বকাপ দল।

ব্রাজিল ফুটবল কনফেডারেশন (সিবিএফ) জানিয়েছে, ম্যাচ দুটি হবে যুক্তরাষ্ট্রে। ২৬ মার্চ ফক্সবরোর জিলেট স্টেডিয়ামে ব্রাজিলের মুখোমুখি হবে দিদিয়ের দেশমের ফ্রান্স। বাংলাদেশ সময় রাত দুইটায় শুরু হবে সেই ধ্রুপদি লড়াই। এরপর ১ এপ্রিল সকাল ছয়টায় অরল্যান্ডোতে ব্রাজিল খেলবে ক্রোয়েশিয়ার বিপক্ষে।

এই ম্যাচগুলোতেই ব্রাজিল পরবে তাদের বিশ্বকাপের নতুন জার্সি। ফ্রান্সের বিপক্ষে তারা নামবে চিরাচরিত হলুদ জার্সিতে, আর ক্রোয়েশিয়ার বিপক্ষে দেখা যাবে নীল জার্সিতে। মজার ব্যাপার হলো ব্রাজিল, ফ্রান্স ও ক্রোয়েশিয়া–তিন দলেরই স্পনসর একই প্রতিষ্ঠান। তাই সব দলের গায়েই উঠবে নতুন জার্সি।

আগামী ১১ জুন থেকে শুরু হতে যাওয়া বিশ্বকাপে ব্রাজিল খেলবে 'সি' গ্রুপে। সেখানে তাদের সঙ্গী মরক্কো, হাইতি ও স্কটল্যান্ড। অন্যদিকে আর্জেন্টিনার গ্রুপে আছে আলজেরিয়া, অস্ট্রিয়া ও জর্ডান। ১৬ জুন কানসাস সিটিতে আলজেরিয়ার বিপক্ষে ম্যাচ দিয়ে শিরোপা রক্ষার মিশন শুরু করবে বিশ্ব চ্যাম্পিয়নরা।

ফুটবল মাঠে ১১ জনকে হত্যা

ক্রীড়া ডেস্ক : মেক্সিকোর সালামানকা শহরে একটি ফুটবল ম্যাচের পর মাঠেই ১১ জনকে হত্যা করেছে একদল সশস্ত্র হামলাকারী। এ হামলার ঘটনায় আরও ১২ জন আহত হয়েছেন। রোববার (২৫ জানুয়ারি) ফেসবুকে সালামানকার মেয়র সেসার প্রিয়েতো ঘটনাটির কথা জানিয়েছেন। এই ঘটনাকে 'গুরুতর সামাজিক ভাঙন' বলে উল্লেখ করেছেন সালামানকার মেয়র। এই হামলায় এক নারী ও এক শিশুও আহত হয়েছেন বলে জানিয়েছেন তিনি।

প্রিয়েতো বলেন, 'এই ঘটনা রাজ্যজুড়ে, বিশেষ করে সালমানকায় সহিংসতার একটি ঢেউ বইয়ে দিয়েছে, যা আমরা দুঃখের সঙ্গে প্রত্যক্ষ করছি। দুর্ভাগ্যজনকভাবে অপরাধী গোষ্ঠীগুলো কর্তৃপক্ষকে তাদের অধীন করার চেষ্টা করছে, কিন্তু তারা তা অর্জন করতে পারবে না।' সালমানকা যেখানে অবস্থিত সেই গুয়ানাহুয়াতো রাজ্যের অ্যাটর্নি জেনারেলের দপ্তর জানিয়েছে, এই হামলার ঘটনা নিয়ে একটি তদন্ত শুরু করা হয়েছে। এক বিবৃতিতে দপ্তরটি জানিয়েছে, ওই এলাকার বাসিন্দাদের সুরক্ষা দিতে, নিরাপত্তা জোরদার ও সম্ভাব্য অপরাধীদের খুঁজে বের করতে তারা নগর, রাজ্য ও ফেডারেল কর্তৃপক্ষের সঙ্গে সমন্বিতভাবে প্রচেষ্টা চালাচ্ছে।

যুক্তরাষ্ট্রে স্ত্রীসহ ৪ আত্মীয়কে গুলি করে হত্যা করলেন ভারতীয়

২-এর পৃষ্ঠায় পর

এক্সে দেওয়া এক বিবৃতিতে কনসুলেট জেনারেল জানায়, 'পারিবারিক বিরোধ থেকে এক মর্মান্তিক গুলির ঘটনায় আমরা গভীরভাবে শোকাহত। এ ঘটনায় নিহতদের মধ্যে একজন ভারতীয় নাগরিক ছিলেন। অভিযুক্ত হামলাকারীকে গ্রেপ্তার করা হয়েছে এবং শোকাহত পরিবারকে সব ধরনের সহায়তা দেওয়া হচ্ছে।'

ফক্স ৫ আটলান্টার খবরে বলা হয়, অভিযুক্ত ব্যক্তির নাম বিজয় কুমার (৫১)। তিনি আটলান্টার বাসিন্দা।

গুইনেট কাউন্টি পুলিশের বরাতে জানা গেছে, নিহতরা হলেন অভিযুক্ত কুমারের স্ত্রী মীমু ভোগরা (৪৩), গৌরব কুমার (৩৩), নিধি চন্দর (৩৭) ও হরিশ চন্দর (৩৮)।

প্রতিবেদনে বলা হয়, অভিযুক্তের বিরুদ্ধে চারটি গুরুতর হামলার (অ্যাগ্রাভেটেড অ্যাসল্ট) অভিযোগ, চারটি ফৌজদারি হত্যার (ফেলনি মার্ডার) অভিযোগ, চারটি উদ্দেশ্যপ্রণোদিত হত্যার (ম্যালিস মার্ডার) অভিযোগ, প্রথম ডিগ্রিতে শিশুদের প্রতি নিষ্ঠুরতার একটি অভিযোগ এবং তৃতীয় ডিগ্রিতে শিশুদের প্রতি নিষ্ঠুরতার দুটি অভিযোগ আনা হয়েছে।

পুলিশ জানায়, শুক্রবার ভোর আনুমানিক ২টা ৩০ মিনিটে (স্থানীয় সময়) ব্রুক আইভি কোর্টের ১০০০ ব্লকে একটি ফোনকল পেয়ে তারা ঘটনাস্থলে পৌঁছায়। সেখানে পৌঁছে একটি আবাসিক বাড়ির ভেতরে চারজন প্রাপ্তবয়স্কের মরদেহ পাওয়া যায়। প্রতিবেদনে বলা হয়, সবার শরীরে গুলিবিদ্ধ হয়ে প্রাণঘাতী আঘাতের চিহ্ন ছিল।

পুলিশ কর্মকর্তারা জানান, গুলির ঘটনা শুরু হওয়ার সময় বাড়িতে তিনটি শিশু উপস্থিত ছিল। নিজেদের রক্ষা করতে তারা একটি আলমারির ভেতরে লুকিয়ে পড়ে।

তদন্তকারীরা জানান, শিশুদের একজন ৯১১-এ (জরুরি সেবা) কল করতে সক্ষম হয় এবং গুরুত্বপূর্ণ তথ্য দেয়, যার ফলে পুলিশ কয়েক মিনিটের মধ্যেই ঘটনাস্থলে পৌঁছাতে পারে। শিশুরা কেউ আহত হয়নি এবং পরে পরিবারের এক সদস্য তাদের নিয়ে যান।

লেভেল প্লেয়িং ফিল্ড নিয়ে পাল্টাপাল্টি

৯-এর পৃষ্ঠায় পর

আল্লাহ সেটা দেওয়ার মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে নির্বাচনের আগেই মানুষকে ঠকাচ্ছে। এই দল মুসলমানদের শিরক ও কুফরি শেখাচ্ছে। যারা বলে অমুককে দেখেছি, তমুককে দেখেছি তাদের '৭১ সালের ইতিহাস জনগণ জানে। তারা এ দেশের স্বাধীনতা চায়নি।' কিশোরগঞ্জের জনসভায় জামায়াতকে উদ্দেশ করে বিএনপি চেয়ারম্যান বলেন, 'এবারও একটি দল ষড়যন্ত্র শুরু করেছে। মা-বোনদের আইডি কার্ডের নম্বর ও বিকাশ নম্বর নিচ্ছে তারা। '৭১ সালে যারা মা-বোনের সম্মানহানি করেছে, তারা এ কাজগুলি করছে। ষড়যন্ত্রকারীর বিরুদ্ধে আমাদের সজাগ থাকতে হবে।'

পঞ্চগড়ের জনসভায় জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেন, 'আমাদের হাতে কোনো কার্ড নাই। আপনাদের বুকে ভালোবাসার কার্ড চাই। সমর্থন, দোয়া ও ভালোবাসা আমাদের কার্ড। একদল বেকার ভাতা দিতে চায়। আমরা বেকার ভাতা নয়, যুবকদের কাজ দিয়ে সম্মানিত করতে চাই।' গাইবান্ধার জনসভায় তিনি বলেন, 'জামায়াতের নেতা-কর্মীরা জুলুম-নির্যাতন সহ্য করেও দেশেই ছিলেন, দেশ থেকে কোথাও মুচলেকা দিয়ে পালিয়ে যাননি। যে দলের নেতারা দেশ ও দেশের মানুষকে ভালোবাসেন, তারা দেশ ছেড়ে পালিয়ে যান না।'

বিএনপির সমালোচনা করে জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, 'যারা ফ্ল্যাট দেওয়ার কথা বলে তাদের বস্তি উচ্ছেদের পরিকল্পনা আছে। এ ধরনের প্রতারণা জনগণ বুঝে গেছে। ফ্যামিলি কার্ড বা কৃষক কার্ড বিএনপির ধোঁকাবাজি, মাঠপর্যায়ে মানুষ এসব প্রতিশ্রুতিতে সাড়া দিচ্ছে না।' তিনি আরও বলেন, 'একদিকে তারা কার্ড দেওয়ার কথা বলছেন, আরেক দিকে ঋণখেলাপিদের মনোনয়ন দিচ্ছেন। যাদের মনোনয়ন দেওয়া হচ্ছে তারা তো আবার ক্ষমতায় গিয়ে লুট করবে। জনগণের টাকা মেরে খাবে, এমন ব্যক্তিদেরই নমিনেশন দিয়েছে দলটি।'

অন্যদিকে নির্বাচনি মাঠে 'লেভেল প্লেয়িং ফিল্ড' নষ্ট করা হচ্ছে বলে অভিযোগ করেছে বিএনপি। দলটির দাবি, একটি বিশেষ রাজনৈতিক দল স্বার্থ হাসিলের জন্য ধর্মীয় অনুভূতির অপব্যবহার করছে এবং পোস্টাল ব্যালট প্রক্রিয়ায় অনিয়ম চালাচ্ছে। দলটির কেন্দ্রীয় জাতীয় নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র মাহদী আমিন বলেন, 'গণমাধ্যমে দেখা গেছে একটি বিশেষ দলের মার্কায় ভোট দিতে পবিত্র কোরআন ছুঁয়ে শপথ করানো হচ্ছে, যা আচরণবিধির সরাসরি লঙ্ঘন। এ ছাড়া ওই দলটি বাড়ি বাড়ি গিয়ে জাতীয় পরিচয়পত্র ও বিকাশ নম্বর সংগ্রহ করছে', যার পেছনে অসাধু উদ্দেশ্য রয়েছে বলে দাবি করেন তিনি। জামায়াতে ইসলামীর অভিযোগ, নির্বাচনের দায়িত্বে থাকা মাঠ প্রশাসন একটি নির্দিষ্ট দলের পক্ষে কাজ করছে। দলটির সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেন, 'প্রশাসনের নিরপেক্ষতা জরুরি। কিন্তু মাঠপর্যায়ের রিটার্নিং কর্মকর্তারা পক্ষপাতমূলক আচরণ করছেন।' এনসিপির নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেন, 'নির্বাচন কমিশন সঠিকভাবে লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করতে পারছে না। দলীয়করণ থেকে সরে এসে সঠিকভাবে দায়িত্ব পালনের আহ্বান জানাই। প্রচারের প্রথম দিন থেকেই অন্যতম একটি রাজনৈতিক দল ও দলের চেয়ারম্যান তারেক রহমান আচরণবিধি লঙ্ঘন করছেন।' পোস্টার ও মাইক ব্যবহার করে নির্বাচনি বিধিনিষেধ লঙ্ঘন করা হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি। নির্বাচনকেন্দ্রিক রাজনৈতিক দলগুলোর এ ধরনের পাল্টাপাল্টি অবস্থানকে কীভাবে দেখছেন-জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান ড. সাজ্জাদ সিদ্দিকী বাংলাদেশ প্রতিদিনকে বলেন, 'এর মাধ্যমে দলগুলো সরকারের ওপর চাপ সৃষ্টি করে নিজের অবস্থান শক্তিশালী করছে। কিন্তু দিনশেষে মানুষ আদর্শিক রাজনীতি করে না, করে পেশিশক্তির রাজনীতি। এটা তৃতীয় বিশ্বের দেশগুলোর অন্যতম বৈশিষ্ট্য।' তিনি বলেন, 'এখনই যেভাবে কাদা ছোড়াছুড়ি বা অভিযোগের রাজনীতি শুরু হয়েছে, তাতে ভবিষ্যতে সহিংস ঘটনার আশঙ্কা রয়েছে।' বিশ্লেষকদের মতে সামনে লেভেল প্লেয়িং ফিল্ড নিয়ে বিতর্ক আরও তীব্র হতে পারে। সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন নিশ্চিত করতে রাজনৈতিক দলগুলোর পাশাপাশি প্রশাসন ও নির্বাচন কমিশনের ভূমিকা গুরুত্বপূর্ণ বলে মনে করছেন তাঁরা।

আ.লীগের ভোট নিয়ে টানাটানি

২-এর পৃষ্ঠায় পর

পেছনে আরও কিছু কারণ রয়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা। তাদের ভাষ্য, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগকে বাইরে রাখার ফলে নির্বাচন নিয়ে দেশে-বিদেশে এক ধরনের সমালোচনা ও চাপ দেখা দিয়েছে। নির্বাচনের বিশ্বাসযোগ্যতা নিয়ে নির্বাচনের আগেই প্রশ্ন তোলার চেষ্টা চলছে। আওয়ামী লীগের নেতাকর্মী-সমর্থকরা ভোট বর্জন করলে ভোটার উপস্থিতি হতাশাজনক হবে। তাতে নির্বাচন নিয়ে বিদেশিদের সমালোচনা শুনতে হবে। দুর্বল হয়ে উঠবে ত্রয়োদশ জাতীয় সংসদ। ১২ ফেব্রুয়ারির নির্বাচন ঘিরে সামনে উঠে আসা এসব ইস্যু ছাই চাপা দিতে আওয়ামী লীগবিরোধী সব পক্ষই এ কৌশল গ্রহণ করেছে। দলটির ভোট টানতে নানা রকম আশ্বাস দিয়ে যাচ্ছে।

তবে বিএনপি-জামায়াত আওয়ামী লীগের ভোট পেতে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রাখলেও জাতীয় পার্টি এ লড়াইয়ে একটু পিছিয়ে রয়েছে। দলটি বিশ্বাস করে আমরা নিশ্চিত আওয়ামী লীগের ভোটাররা কেন্দ্রে ভোট দিতে আসবে না। যদি এসেই থাকে সেই ভোটারগুলো জাতীয় পার্টিকেই ভোট দেবে। ফলে আওয়ামী লীগের ভোটারদের পিছনে না ছুটলেও চলবে তাদের।

জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের বলেছেন, 'আওয়ামী লীগ দল হিসেবে এখনো নিষিদ্ধ নয়। আওয়ামী লীগকে রাজনীতি করতে দেওয়া হচ্ছে না ঠিক আছে, কিন্তু তাদের সমর্থকদের ভোট দিতে দেবেন না, নাগরিকত্বের অধিকার দেবেন না, এটি কখনো কোনো দেশে হয়নি। তারা নির্বাচনে আসতে চাইলে তাদের চাপ দেওয়া হচ্ছে।'

কাদের বলেন, 'বলা হচ্ছে আওয়ামী লীগ আমাদের ভোট দিলে ঠিক আছে, কিন্তু জাতীয় পার্টিকে দেওয়া যাবে না। তাহলে জাতীয় পার্টির কী অপরাধ। জামায়াত, বিএনপি, এনসিপি সবাই আওয়ামী লীগের ভোট চাইছে। তাদের কোনো অপরাধ নেই। কিন্তু জাতীয় পার্টি চাইলে দোসর হয়ে যাচ্ছে।'

এদিকে, বিএনপি ভিন্ন একটি কৌশল নিয়ে আওয়ামী লীগের ভোট পাওয়া ও ভোটারদের কেন্দ্রে আসার অনুরোধ করছে। সেই কৌশলের পুরোভাগে গণভোটের ব্যাপার রয়েছে। গণভোটে 'হ্যাঁ' পরাজিত করতে হলে আওয়ামী লীগের ভোটার যত বেশি আসবে তত সম্ভাবনা দেখা দেবে না ভোট জেতার। বিষয়টি গুরুত্ব দিয়ে আওয়ামী লীগ ভোটারদের বোঝাচ্ছে বিএনপি।

বিএনপির শীর্ষ পর্যায় মনে করে, গণভোটে না যেতে উৎসাহ দিয়ে ভোটার টানা গেলে ধানের শীষ প্রতীকে ভোটও নিশ্চিত করা যাবে।

আওয়ামী লীগের ভোট টানতে জামায়াতের কৌশল হলো ৫ আগস্ট পরবর্তী সময়ে পরিস্থিতি তাদের সামনে তুলে ধরা। জামায়াত আওয়ামী লীগের ভোটারদের সঙ্গে যোগাযোগ করে ভোট চাওয়ার পাশাপাশি স্মরণ করিয়ে দিচ্ছে, গত দেড় বছরে আওয়ামী লীগের নেতাকর্মীরা অত্যাচারিত হয়েছে বিএনপির দ্বারা। জামায়াত বলছে, তাদের কোনো নেতাকর্মী আওয়ামী লীগ নেতাদের বিরুদ্ধে মামলা দিয়েছে নজির নেই, বাড়ি পুড়িয়েছে, ব্যবসা-বাণিজ্য দখল করার ইতিহাস নেই। ক্ষেত্রবিশেষে অনেক এলাকায় জামায়াত নিরাপত্তা দিয়েছে আওয়ামী লীগের নেতাকর্মীদের। ভবিষ্যতে জামায়াত ক্ষমতায় এলে সে সুযোগ আরও বেড়ে যাবে। বিএনপি ক্ষমতায় আসলে অত্যাচার-নির্যাতনের মাত্রা আরও বেড়ে যাবে।

আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ে কথা বলে জানা গেছে, জামায়াতের ভোট নেওয়ার যে কৌশল গ্রহণ করে মাঠে নেমেছে সেটি আওয়ামী লীগের একটি অংশের ভোটাররা বিশ্বাসও করতে শুরু করেছে। দলটির অনেকেই মনে করে বিএনপি সত্যিকার অর্থে অত্যাচার-নির্যাতন বাড়িয়ে দেবে।

আওয়ামী লীগের তৃণমূলের একটি অংশ ভোটকেন্দ্রে গেলে জামায়াতের দিকে ঝুঁকে যাওয়ার ইঙ্গিত পাওয়া যাচ্ছে। খোঁজ নিয়ে জানা গেছে, জামায়াতের এ কৌশল জানতে পেরেছে বিএনপির শীর্ষ পর্যায়। তাই বিএনপি সিরিয়াস হয়ে উঠেছে আওয়ামী লীগের ভোট পেতে। ৫ আগস্ট পরবর্তী সময়ে ঘটনাগুলো ভুলিয়ে দেওয়ার চেষ্টার পাশাপাশি ভোটের মাঠে আওয়ামী লীগের শাসনামলের সমালোচনা যত কম করে পারা যায় সেই চেষ্টা করে যাচ্ছে। এরই অংশ হিসেবে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে বলতে হয়েছে বিনা অপরাধী আওয়ামী লীগের পাশে বিএনপি থাকবে।

এ প্রসঙ্গে জানতে চাইলে রাজনৈতিক বিশ্লেষক অধ্যাপক মাহবুব উল্লাহ বলেন, ক্ষমতায় যাওয়া ও বুর্জোয়া রাজনীতিতে এটাই স্বাভাবিক। এগুলো সুবিধাবাদী রাজনীতি। বিএনপি-জামায়াত চেষ্টা করবে আওয়ামী লীগের ভোট ভাগাভাগি করার। এখানে কোয়ালিটি ম্যাটার করে না। কোয়ান্টিটি ম্যাটার করে। নিরেট আদর্শবাদী দল হলে এভাবে উঠে পড়ে লাগত না আওয়ামী লীগের ভোট পেতে। এ ধরনের রাজনীতি আদর্শবাদী রাজনীতির সঙ্গে সাংঘর্ষিক। এ ধরনের ক্ষমতাকাঠামো ও রাজনীতি যতদিন থাকবে সুবিধাবাদী রাজনীতিও থাকবে।

একনেকে প্রকল্প ছাড়ের হিড়িক

৩-এর পৃষ্ঠায় পর

বাস্তবায়নকাল, চুক্তি অনুযায়ী অগ্রিম পরিশোধ, ভ্যাট ও শুল্ক ব্যয়, সেবা চুক্তি এবং খুচরা যন্ত্রাংশ সরবরাহের প্রয়োজনীয়তার কারণেই এই ব্যয় বেড়েছে। যদিও ঋণের মোট ডলার অঙ্ক অপরিবর্তিত রয়েছে, তবে স্থানীয় মুদ্রায় এর চাপ বহুগুণ বেড়েছে।

সংশোধিত ডিপিপিতে রূপপুর প্রকল্পের আওতায় বিদ্যুৎকেন্দ্রের অবশিষ্ট নির্মাণ ও কমিশনিং কাজ সম্পন্ন, অপারেশন ও মেইনটেন্যান্সের জন্য সেবা চুক্তি, প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ, নিউক্লিয়ার নিরাপত্তা ও লাইসেন্স ফি পরিশোধ, জনবল প্রশিক্ষণ, জরুরি প্রস্তুতি ও প্রতিক্রিয়া ব্যবস্থা জোরদার, বর্জ্য ব্যবস্থাপনা এবং রুশ ঠিকাদারি প্রতিষ্ঠানের বিদেশি জনবলের আবাসন সুবিধার জন্য অবকাঠামো নির্মাণ অন্তর্ভুক্ত করা হয়েছে।

এ ছাড়া গ্রিন সিটি আবাসিক এলাকায় অসমাপ্ত ভবন এবং নতুন করে অধিগ্রহণ করা জমিতে স্থাপনা নির্মাণের বিষয়টিও সংশোধিত প্রস্তাবে যুক্ত করা হয়েছে। রুশ ফেডারেশনের অর্থায়নে নির্মীয়মাণ এই প্রকল্পে এরই মধ্যে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং ইউনিট-১-এর কমিশনিং কার্যক্রম চলমান।

সভায় অনুমোদনের তালিকায় থাকা বাংলাদেশ-চীন মৈত্রী এক হাজার শয্যা জেনারেল হাসপাতাল স্থাপন প্রকল্পে মোট ব্যয় ধরা হয়েছে দুই হাজার ৪৫৯ কোটি টাকা। প্রকল্পটি জানুয়ারি ২০২৬ থেকে ডিসেম্বর ২০২৮ মেয়াদে নীলফামারী সদর উপজেলায় বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা হিসেবে আধুনিক, প্রযুক্তিনির্ভর একটি হাসপাতাল গড়ে তুলবে।

এই প্রকল্পের আওতায় একটি এক হাজার শয্যা বহুতল হাসপাতাল ভবন নির্মাণ, আধুনিক অপারেশন থিয়েটার, আইসিইউ, সিসিইউ ও এইচডিইউ, ডায়ালিসিস ইউনিট, ক্যান্সার চিকিৎসা ও কেমোথেরাপি সুবিধা, নিউরোলজি ও কার্ডিয়াক কেয়ার ইউনিট, উন্নত ডায়াগনস্টিক সেন্টার, ডিজিটাল হাসপাতাল অটোমেশন ব্যবস্থা, ইলেকট্রনিক হেলথ রেকর্ড, মেডিক্যাল গ্যাস সিস্টেম, জরুরি বিভাগ এবং প্রয়োজনীয় চিকিৎসা যন্ত্রপাতি স্থাপনের পরিকল্পনা রয়েছে। পাশাপাশি চিকিৎসক, নার্স ও সহায়ক জনবলের প্রশিক্ষণ এবং গবেষণা সুবিধাও প্রকল্পের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

একনেকের আলোচ্যসূচি পর্যালোচনায় দেখা গেছে, একনেকে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে ভৌত অবকাঠামো উন্নয়ন। বিশেষ করে পানিসম্পদ, নিরাপত্তা, বিমানবন্দর, রেল ও কৃষি খাতের প্রকল্প। অনুমোদনের জন্য সর্বাধিক প্রকল্প প্রস্তাব রয়েছে পানিসম্পদ মন্ত্রণালয়ের। একনেকে এই মন্ত্রণালয়ের পাঁচটি প্রকল্প তোলা হবে। পাশাপাশি স্থানীয় সরকার বিভাগ, কৃষি মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের দুটি করে প্রকল্প প্রস্তাব রয়েছে।

এ ছাড়া গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও সেবা বিভাগ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের একটি করে প্রকল্প অনুমোদনের জন্য তোলা হবে। অনুমোদনের অপেক্ষায় থাকা এসব প্রকল্প এরই মধ্যে যাচাই-বাছাই করে একনেকসভায় উপস্থাপনের জন্য প্রস্তুত করেছে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগগুলো।

নতুন প্রকল্পের মধ্যে রয়েছে রাঙামাটি (মানিকছড়ি)-মহালছড়ি-খাগড়াছড়ি আঞ্চলিক মহাসড়ক প্রশস্তকরণ, মুন্সীগঞ্জের তিনটি আঞ্চলিক ও একটি জেলা মহাসড়ক উন্নয়ন, স্যানিটেশনে নারী উদ্যোক্তা, দেশের বিভিন্ন স্থানে ফাঁড়ি/তদন্তকেন্দ্র, ক্যাম্প, নৌ পুলিশ কেন্দ্র, রেলওয়ে পুলিশ থানা ও আউটপোস্ট, ট্যুরিস্ট পুলিশ সেন্টার এবং হাইওয়ে পুলিশের জন্য থানা/আউটপোস্ট নির্মাণ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা কার্যালয় নির্মাণ (প্রথম পর্যায়)। বিদ্যালয়বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষার সুযোগ, এক হাজার শয্যার বাংলাদেশ-চীন মৈত্রী হাসপাতাল।

আশুগঞ্জ-পলাশ সবুজ প্রকল্প, বাংলাদেশ পরিষ্কার বায়ু প্রকল্প- পর্যায়-১, উপাদান-১ : বায়ুর মান ব্যবস্থাপনা শক্তিশালীকরণ, চট্টগ্রামস্থ পারকিতে পর্যটন সুবিধাদি প্রবর্তন (দ্বিতীয় সংশোধিত), চাঁপাইনবাবগঞ্জ জেলার পদ্মা নদীর উভয় তীর সংরক্ষণ (প্রথম অংশ), তেঁতুলিয়া নদীর ভাঙন থেকে বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকা রক্ষাকরণ, কুমিল্লা জেলার গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন। একনেকসভায় অনুমোদন পেলে প্রকল্পগুলোর বাস্তবায়নকাজ শুরু হবে।

এ ছাড়া চতুর্থবার মেয়াদ বৃদ্ধির প্রস্তাবগুলোর মধ্যে রয়েছে চট্টগ্রাম শহরের লালখান বাজার থেকে শাহ আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ (দ্বিতীয় সংশোধিত), চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে বিদ্যমান রানওয়ে ও ট্যাক্সিওয়ের শক্তি বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন বৃদ্ধিকরণ (প্রথম সংশোধিত), দোহাজারী হয়ে রামু হয়ে কক্সবাজার এবং রামু থেকে মায়ানমারের কাছে ঘুমধুম পর্যন্ত সিঙ্গল লাইন ডুয়াল গেজ ট্র্যাক নির্মাণ (দ্বিতীয় সংশোধিত), সিলেট টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন (দ্বিতীয় সংশোধিত) এবং সিলেট টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন (দ্বিতীয় সংশোধিত)।

ব্যয় ও মেয়াদ বৃদ্ধির জন্য সংশোধনের প্রস্তাবগুলোর মধ্যে রয়েছে দেশের ৬৪ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবকদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প (প্রস্তাবিত প্রথম সংশোধন), স্মলহোল্ডার অ্যাগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (তৃতীয় সংশোধিত), চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় মহানন্দা নদী ড্রেজিং ও রাবার ড্যাম (তৃতীয় সংশোধন), শরীয়তপুর জেলার জাজিরা উপজেলার পদ্মা নদীর ডান তীরের ভাঙন থেকে মাঝিরঘাট জিরো পয়েন্ট এলাকা রক্ষা (প্রথম সংশোধন) এবং চট্টগ্রামের পারকিতে পর্যটন সুবিধাদি প্রবর্তন (দ্বিতীয় সংশোধিত)।

লেভেল প্লেয়িং ফিল্ড নিয়ে পাল্টাপাল্টি



বাংলা পত্রিকা ডেস্ক: নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজনৈতিক অঙ্গনে বাড়ছে পাল্টাপাল্টি বক্তব্য। কথার ফুলঝুরি দিয়ে প্রতিপক্ষকে ঘায়েল করছেন নির্বাচনি রেসে থাকা রাজনৈতিক দল ও সংশ্লিষ্ট নেতারা। তারা অভিযোগ তুলছেন লেভেল প্লেয়িং ফিল্ড নিয়ে। এতে আগামী জাতীয় নির্বাচন কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনের কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত উত্তাপ বাড়ছে।

এ পরিপ্রেক্ষিতে রাজনৈতিক আদর্শ থেকে সরে এসে নির্বাচনে পেশিশক্তি ব্যবহার হলে সহিংস ঘটনার আশঙ্কা রয়েছে বলে মনে করছেন রাজনীতি বিশ্লেষকরা। তবে নির্বাচন কমিশনের পক্ষ থেকে দলগুলোর এ ধরনের অভিযোগ উড়িয়ে দেওয়া হয়েছে। তাদের দাবি, নির্বাচন কমিশন স্বাধীনভাবে কাজ করছে এবং সব দলের জন্য সমান সুযোগ রয়েছে। আইন অনুযায়ী প্রশাসন নিরপেক্ষ ভূমিকা পালন করছে এবং কেউ নির্বাচনি বিধি লঙ্ঘন করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। জামায়াতে ইসলামীর সমালোচনা করে বক্তব্য দিতে দেখা গেছে বিএনপির শীর্ষ নেতাদের। অন্যদিকে বিএনপির সমালোচনায়ও ছাড় দিচ্ছেন না জামায়াত ও এনসিপির শীর্ষ নেতারা।

সিলেটে প্রথম নির্বাচনি জনসভায় বিএনপি চেয়ারম্যান তারেক রহমান বলেন, 'একটি দল নির্বাচনের আগে আপনাদের বেহেশত দেওয়ার প্রতিশ্রুতি দিচ্ছে। যা দেওয়ার মালিক ৮-এর পৃষ্ঠায় দেখুন

মিনেসোটায় এবার দুই বছরের শিশুকে আটক করে নিয়ে গেলেন আইসিই সদস্যরা

দ্য গার্ডিয়ান : যুক্তরাষ্ট্রের মিনেসোটা অঙ্গরাজ্যের মিনিয়াপলিসে বৃহস্পতিবার ফেডারেল ইমিগ্রেশন (আইসিই, আইস নামে পরিচিত) এজেন্টরা দুই বছরের এক শিশুকন্যা এবং তার বাবাকে আটক করে টেক্সাসে পাঠিয়ে দিয়েছেন। আদালতের নথিপত্র ও আইনজীবীদের কথায় এ ঘটনার ভয়াবহ চিত্র ফুটে উঠেছে।



মিনেসোটার দুই বছর বয়সী এই শিশুকন্যাকে আটক করে নিয়ে যান যুক্তরাষ্ট্রের আইসিই সদস্যরা –পরিবারটির আইনজীবী থেকে পাওয়া ছবি

বৃহস্পতিবার বেলা একটার দিকে এলভিস জোয়েল টিই ও তাঁর দুই বছরের মেয়ে দোকান থেকে ফিরছিলেন। তখন আইসিই সদস্যরা তাঁদের আটক করেন। পরিবারের আইনজীবীরা অভিযোগ করেছেন, আইসিই সদস্যদের কাছে কোনো ওয়ারেন্ট ছিল না।

শিশুটি গাড়ির ভেতরে থাকা অবস্থায় একজন আইসিই সদস্য গাড়ির জানালার কাচ ভেঙে ফেলেন। এ সময় শিশুটির মা কাছেই দাঁড়িয়ে ছিলেন। কিন্তু বাবা যাতে মেয়েশিশুকে মায়ের কাছে দিয়ে আসতে না পারেন, সে জন্য এজেন্টরা বাধা দেন।

শিশুটিকে ইমিগ্রেশন গাড়িতে করে নিয়ে যাওয়া হয়।

ঘটনাটি জানাজানি হওয়ার পর আইনজীবীরা জরুরি ভিত্তিতে আদালতে আবেদন করেন। রাত ৮টা ১০ মিনিটের দিকে একজন ফেডারেল বিচারক আদেশ দেন, বাবা ও মেয়েকে মিনেসোটার বাইরে পাঠানো যাবে না। তিনি রাত সাড়ে ৯টার মধ্যে শিশুটিকে ছেড়ে দেওয়ারও নির্দেশ দেন। বিচারক মন্তব্য করেন, 'বলাই বাহুল্য, এই শিশুর কোনো অপরাধের ইতিহাস নেই।'

কিন্তু সরকারি কর্মকর্তারা আদালতের আদেশের তোয়াক্কা না করে রাত সাড়ে আটটার দিকে তাঁদের উড়োজাহাজে করে টেক্সাসের একটি আটককেন্দ্রে পাঠিয়ে দেন।

আইনজীবী ইরিনা ভায়নারম্যান বলেছেন, ব্যাপক আইনি লড়াইয়ের পর শুক্রবার বিকেলে শিশুটিকে মিনেসোটায় ফিরিয়ে এনে মায়ের কাছে হস্তান্তর করা হয়েছে। তবে বাবা এলভিস জোয়েল এখনো মিনেসোটায় আটক রয়েছেন।

হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ (ডিএইচএস) দাবি করেছে, শিশুটির বাবা বেপরোয়াভাবে গাড়ি চালাচ্ছিলেন। তিনি অবৈধভাবে যুক্তরাষ্ট্রে ঢুকেছেন। তারা আরও দাবি করেছে, শিশুটির মা তাকে নিতে অস্বীকার করেছিলেন।

তবে আইনজীবীরা হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের এই দাবিকে মিথ্যা বলে উড়িয়ে দিয়েছেন। তাঁরা বলেন, আইসিই সদস্যরাই শিশুটিকে তার মায়ের কাছে যেতে দেয়নি। গ্রেপ্তারের সময় সেখানে উপস্থিত উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করতে এজেন্টরা রাসায়নিক গ্যাস ও ফ্ল্যাশ-ব্যাং ব্যবহার করেছেন।

পরিবারের আইনজীবী ভায়নারম্যান বলেন, 'এই নৃশংসতা ভাষায় প্রকাশ করার মতো নয়। কোনো মা-বাবাই তাঁর সন্তানের থেকে বিচ্ছিন্ন হওয়ার এই ভয়াবহতা সহ্য করতে পারবেন না। এই ছোট শিশুর ওপর এর দীর্ঘমেয়াদি প্রভাব কী হবে, তা কেউ জানে না।'

আইনজীবী অভিযোগ করেন, আইসিই সদস্যরা লোকজনকে দ্রুত অন্য রাজ্যে সরিয়ে নিচ্ছেন, যাতে তাঁরা আইনি সহায়তা না পান এবং আদালতের নাগালের বাইরে চলে যান।

বিশেষ নির্বাচনের বিজ্ঞপ্তি – প্রার্থীদের তালিকা
মঙ্গলবার, ফেব্রুয়ারি মাসের ৩ তারিখ, ২০২৬

অগ্রিম ভোট: শনিবার, ২৪ জানুয়ারী, ২০২৬ থেকে রবিবার, ১ ফেব্রুয়ারি, ২০২৬ পর্যন্ত।

নিউ ইয়র্ক শহরের নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১২০ এবং ৪-১২২ এর বিধান অনুসারে, এই বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে নিউ ইয়র্ক কাউন্টি, এবং কুইন্স কাউন্টিতে বিশেষ নির্বাচন মঙ্গলবার, ফেব্রুয়ারি মাসের ৩ তারিখ সকাল ৬ টা থেকে রাত ৯ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থী:

নিউ ইয়র্ক কাউন্টি
নিউ ইয়র্ক স্টেটের — ৭৪ নম্বর ডিসট্রিক্টের অ্যাসেম্বলি সদস্য — নির্বাচিত হবে: ১ জন
ডেমোক্র্যাটিক Keith Powers
রিপাবলিকান Joseph W. Foley
কনজারভেটিভ Joseph W. Foley

নিউ ইয়র্ক কাউন্টি
নিউ ইয়র্ক স্টেট সিনেটের — ৪৭ তম সিনেটরিয়াল জেলা — নির্বাচিত হবে: ১ জন
ডেমোক্র্যাটিক Erik Bottcher
রিপাবলিকান Charlotte Friedman
ওয়ার্কিং ফ্যামিলিস Erik Bottcher

কুইন্স কাউন্টি
নিউ ইয়র্ক স্টেটের — ৩৬ নম্বর ডিসট্রিক্টের অ্যাসেম্বলি সদস্য — নির্বাচিত হবে: ১ জন
ডেমোক্র্যাটিক Diana C. Moreno
ওয়ার্কিং ফ্যামিলিস Diana C. Moreno
কুইন্স ফর অল Rana Abdelhamid
পিপল ফার্স্ট Mary Jobaida

আপনি ভোট দিতে পারবেন কি না জানতে, প্রার্থীদের তালিকা দেখতে, ভোট-কেন্দ্র খুঁজতে, অথবা একটি নমুনা ব্যালটের জন্য, দেখুন:

VOTE.NYC

অথবা, কল করুন টোল - ফ্রি: **(866) 868-3692** • টিটিওয়াই: **(212) 487-5496**
নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে **POLLWORKER.VOTE.NYC** দেখুন

অগ্রিম ভোট
শনিবার, ২৪ জানুয়ারী, ২০২৬ থেকে রবিবার, ১ ফেব্রুয়ারি, ২০২৬ পর্যন্ত।

দ্যা বোর্ড অব ইলেকশনস
ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক
Executive Office, 32 Broadway, 7th Floor
New York, NY 10004

কমিশনারস অব ইলেকশনস
Jodi Morales—প্রেসিডেন্ট
Gino A. Marmorato—সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Marc A. Landis
Frank R. Seddio
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan
Frederic M. Umane

তীব্র তুষাড়ঝড়ে বিপর্যস্ত জনজীবন







প্রথম পৃষ্ঠার পর

ব্যাহত হয়েছে। মেট্রোপলিটান ট্রানজিট অথরিটি (এমটিএ) ঘোষণা করেছে যে সাবওয়ে পরিষেবা সীমিত সময়সূচীতে চলছে, কয়েকটি রুটে পরিমিত ক্ষমতায় চলেছে এবং সংক্রমণে বিলম্ব আসছে কারণ বরফ ও তুষার স্লিপেজের কারণে ট্র্যাক ও সিগন্যালিং সিস্টেমে সমস্যা হচ্ছে।

নিউইয়র্ক, নিউ জার্সি ও কানেক্টিকাটে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে, গভর্নররা নাগরিকদের অপ্রয়োজনীয় ভ্রমণ এড়াতে সতর্ক করেছেন। শহরের প্রধান বিমানবন্দরগুলোতে হাজার হাজার ফ্লাইট বাতিল হয়েছে, লা গার্ডিয়া সোমবার ভোর পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে।

নিউইয়র্ক সিটি কর্মকর্তারা জনসাধারণকে বাড়ির মধ্যে থাকার এবং অপ্রয়োজনীয় যাত্রা এড়ানোর জন্য সতর্ক করেছেন। তুষার ও বরফে ঢাকা রাস্তা ও ফুটপাতের কারণে নাগরিকদের চলাচল বিপজ্জনক এবং বিদ্যুৎ বিভ্রাটের আশঙ্কা রয়েছে।

সিবিএস নিউজ ও এপির প্রতিবেদন থেকে জানা যায়, রবিবার যুক্তরাষ্ট্রের দক্ষিণাঞ্চল থেকে শুরু করে নিউ ইংল্যান্ড পর্যন্ত বিস্তৃত এলাকায় এক ভয়াবহ তুষাড়ঝড় তাণ্ডব চালিয়েছে। ভারী তুষারপাত, বরফবৃষ্টি ও হিমশীতল বৃষ্টির কারণে তাপমাত্রা নেমে গেছে শূন্যের অনেক নিচে, বন্ধ হয়ে গেছে বিমান চলাচল ও ব্যাহত হয়েছে সড়ক যোগাযোগ। বরফের ভারে গাছের ডাল ও বিদ্যুৎ লাইন ভেঙে পড়ায় দক্ষিণ-পূর্বাঞ্চলে শত শত হাজার বাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠান বিদ্যুৎহীন হয়ে পড়েছে।

ন্যাশনাল ওয়েদার সার্ভিস জানিয়েছে, সোমবার পর্যন্ত তুষার ও বরফবৃষ্টি অব্যাহত থাকতে পারে। এরপর তীব্র শৈত্যপ্রবাহ পরিস্থিতিকে আরও জটিল করে তুলবে, যার ফলে কয়েক দিন ধরে ভ্রমণ ও অবকাঠামোর ওপর মারাত্মক প্রভাব পড়তে পারে। ওহাইও ভ্যালি থেকে উত্তর-পূর্বাঞ্চল পর্যন্ত ভারী তুষারপাত হচ্ছে, আর লোয়ার মিসিসিপি ভ্যালি থেকে মিড-অ্যাটলান্টিক ও দক্ষিণ-পূর্বাঞ্চলে "ভয়াবহ মাত্রার বরফ জমার" আশঙ্কা দেখা দিয়েছে।

আবহাওয়াবিদ অ্যালিসন স্যান্টোরেলি বলেন, এটি একটি ব্যতিক্রমী ঝড়, কারণ এর বিস্তৃতি প্রায় দুই হাজার মাইল জুড়ে। নিউ মেক্সিকো ও টেক্সাস থেকে শুরু করে নিউ ইংল্যান্ড পর্যন্ত প্রায় পুরো অঞ্চলই এর প্রভাবে পড়েছে।

পরিস্থিতির গুরুত্ব বিবেচনায় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অন্তত এক ডজন স্টেটে জরুরি অবস্থা ঘোষণা অনুমোদন করেছেন। ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি বিভিন্ন স্টেটে উদ্ধারকারী দল ও ত্রাণসামগ্রী মোতায়েন করেছে বলে জানিয়েছেন হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি ক্রিস্টি নোয়েম।

নিউইয়র্ক স্টেটে কানাডা সীমান্ত সংলগ্ন এলাকায় রেকর্ড ভাঙা তাপমাত্রা নেমেছে। ওয়াটারটাউনে তাপমাত্রা নেমে গেছে মাইনাস ৩৪ ডিগ্রি ফারেনহাইটে এবং কোপেনহেগেনে মাইনাস ৪৯ ডিগ্রি ফারেনহাইটে, জানান গভর্নর ক্যাথি হোচুল।

দক্ষিণাঞ্চলে সবচেয়ে বড় ঝুঁকি তৈরি করেছে বরফবৃষ্টি, যা সড়ক পিচ্ছিল করে গাছ ও বিদ্যুৎ লাইনের ওপর ভেঙে পড়ছে। মিসিসিপির করিন্থ শহরে ক্যাটারপিলার কোম্পানি কর্মীদের ঘরে থাকতে বলেছে। রাজ্যটির গভর্নর টেট রিভস জানান, এটি ১৯৯৪ সালের পর সবচেয়ে ভয়াবহ বরফঝড় এবং রাস্তায় বরফ গলাতে রেকর্ড পরিমাণ রাসায়নিক ব্যবহার করা হচ্ছে।

টেনেসির ন্যাশভিলে বাসিন্দারা বিদ্যুৎ বিচ্ছিন্ন হওয়ার আশঙ্কায় আতঙ্কিত। অনেক এলাকায় ঢালু রাস্তায় বরফ জমে যাওয়ায় মানুষ কার্যত ঘরবন্দি হয়ে পড়েছে। আর্কানসাস থেকে নিউ ইংল্যান্ড পর্যন্ত প্রায় ১,৩০০ মাইল এলাকাজুড়ে এক ফুটের বেশি তুষার জমে গেছে, যার ফলে যান চলাচল বন্ধ হয়ে গেছে এবং হাজার হাজার ফ্লাইট বাতিল হয়েছে।

রবিবার সকাল পর্যন্ত প্রায় ২১ কোটি ৩০ লাখ মানুষ কোনো না কোনো শীতকালীন সতর্কতার আওতায় ছিল। প্রায় ১২ হাজার ফ্লাইট বাতিল এবং প্রায় ২০ হাজার ফ্লাইট বিলম্বিত হয়েছে। বিশেষ করে ফিলাডেলফিয়া, ওয়াশিংটন, বাল্টিমোর, নিউইয়র্ক ও নিউ জার্সির বিমানবন্দরগুলো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

আবহাওয়াবিদরা সতর্ক করেছেন, ঝড়ের পর তীব্র ঠান্ডা পরিস্থিতিকে আরও বিপজ্জনক করে তুলবে। বরফ ও তুষার সহজে না গলায় বিদ্যুৎ পুনরুদ্ধারের কাজও ব্যাহত হতে পারে।

নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি জানান, তাপমাত্রা হঠাৎ নেমে যাওয়ায় অন্তত পাঁচজনকে বাইরে মৃত অবস্থায় পাওয়া গেছে, যদিও তাদের মৃত্যুর কারণ এখনও তদন্তাধীন। তিনি সবাইকে ঘরে থাকতে ও অপ্রয়োজনীয় যাতায়াত এড়াতে আহ্বান জানিয়ে বলেন, "আমরা চাই প্রতিটি নিউইয়র্কবাসী এই ঝড় নিরাপদে পার করুক।"

লুইজিয়ানার ক্যাডো প্যারিশে ঝড়-সংক্রান্ত হাইপোথার্মিয়ায় দু'জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে স্কুল ও বিশ্ববিদ্যালয়গুলো সোমবারের জন্য ক্লাস বাতিল বা অনলাইনে নেওয়ার ঘোষণা দিয়েছে।

কর্তৃপক্ষ জানিয়েছে, ঝড় কেটে গেলেও স্বাভাবিক অবস্থায় ফিরতে সময় লাগবে। অনেক এলাকায় বিদ্যুৎকর্মীদের জীবনঝুঁকি থাকায় উদ্ধার ও মেরামত কাজ সাময়িকভাবে বন্ধ রাখতে হয়েছে। দক্ষিণাঞ্চলে পরিস্থিতির ভয়াবহতা বোঝাতে এক শেরিফ অফিস মজা করে লিখেছে, "ওয়াফল হাউস বন্ধ থাকলে বুঝতে হবে অবস্থা সত্যিই খারাপ" যা সেখানে দুর্যোগের একটি অনানুষ্ঠানিক সূচক হিসেবে পরিচিত।

অসহিষ্ণু হয়ে উঠছে রাজনীতি

২-এর পৃষ্ঠায় পর

দলগুলোর নেতারা দায়িত্বশীল হবেন এবং একে অন্যের প্রতি শ্রদ্ধাশীল হয়ে বক্তব্য রাখবেন। কিন্তু শুরুতে প্রথম দু-তিন দিনে যেটা হলো তা তো আর বলার অপেক্ষা রাখে না।

এখন সামনের দিকে কি হয় সেটা দেখতে হবে। এত মানুষকে কিভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে? কিভাবে দেশের অর্থনীতিকে এগিয়ে নেওয়া হবে? এটা স্পষ্ট না করে যদি সেই পুরোনো পথেই আমরা হাঁটি, তাহলে সবাই আশাহত হবে। জনগণ ভাববে নতুন কিছু তো পেলাম না।

ভোটের প্রচারের শুরু থেকেই নিজের নানা প্রতিশ্রুতির পাশাপাশি প্রতিপক্ষকে ইঙ্গিত করে নানা সমালোচনাও করছেন জামায়াতের শীর্ষ নেতারা। শনিবার বগুড়ার ঐতিহাসিক আলতাফুন্নেছা খেলার মাঠে আয়োজিত জনসভায় জামায়াত আমির ডা. শফিকুর রহমান বলেন, 'জামায়াতের লোকেরা অতীতে কখনো চাঁদাবাজি করেনি, বর্তমানে করে না এবং ভবিষ্যতেও করবে না। আমাদের পরিষ্কার ঘোষণা হলো আমরা চাঁদাবাজি করব না, কাউকে করতেও দেব না।

এর আগে শুক্রবার পঞ্চগড়ের চিনিকল মাঠের জনসভায় বিএনপির নাম উল্লেখ না করলেও 'ফ্যামিলি কার্ডের' বিষয়ে ইঙ্গিত করে বক্তব্য রেখেছিলেন জামায়াত আমির। তিনি বলেছিলেন, 'ভাই, আমাদের কাছে কোনো কার্ড নেই। আপনারা সবাই ভাইবোনেরা আমাদের কার্ড। আপনাদের বুকে আমরা একটা ভালোবাসার কার্ড চাই।'

সরাসরি নাম উল্লেখ না করলেও বিএনপি চেয়ারম্যান তারেক রহমানসহ দলটির শীর্ষ নেতাদের নিয়েও ইঙ্গিতপূর্ণ বক্তব্য দিচ্ছেন জামায়াত ও এনসিপির নেতারা। শুক্রবার খুলনায় জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার তারেক রহমানের বক্তব্যের প্রতি ইঙ্গিত করে বলেন, 'আমরা ধারণা করেছিলাম, উনি লন্ডনে গেছেন, পড়াশোনা করেছেন, কিছুটা পলিটিক্যাল ম্যাচিউরিটি হয়তো আছে। কিন্তু দেখি যে উনি তো এখন বড় মুফতি হয়ে গেছেন। বিলেত থেকে এসে ফতোয়া দিচ্ছেন, কে মুসলমান আর কে কাফের। এটা বলার তার কোনো অধিকার নেই। রাজনৈতিক নেতা হিসাবে সৌজন্যতা, শিষ্টাচার বোধের জায়গা থেকেও এই কথা বলা যায় না।'

শনিবার সকালে রাজধানীর শাহজাদপুরে নির্বাচনি প্রচারণাকালে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বিএনপির প্রতি ইঙ্গিত করে বলেন, 'ফ্যামিলি কার্ড, কৃষক কার্ডের কথা বলে ভোট কেনার এক ধরনের কৌশল তারা করছেন।' এর আগে নির্বাচনি প্রচারের প্রথম দিন বৃহস্পতিবার 'ফ্যামিলি কার্ডের বিষয়ে বিএনপির প্রতিশ্রুতির' সমালোচনা করে তিনি বলেছিলেন, 'একদিকে তারা কার্ড দেওয়ার কথা বলছেন, আরেক দিকে ঋণখেলাপিদের মনোনয়ন দিচ্ছেন।' আর শুক্রবার বাড্ডার বাঁশতলা এলাকায় সমাবেশে তিনি বলেছিলেন, '১০ দলীয় জোটের গণজোয়ার দেখে একটি বড় দল ভয় পেয়ে বিভ্রান্তি ও আতঙ্ক ছড়াচ্ছে।'

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর শনিবার নির্বাচনি প্রচারে আবারও স্বাধীনতা যুদ্ধের প্রসঙ্গ টেনে জামায়াতের তীব্র সমালোচনা করেছেন। ঠাকুরগাঁও সদর উপজেলার আউলিয়াপুর ইউনিয়নে গণসংযোগকালে তিনি বলেন, 'যারা আজ দাঁড়িপাল্লা নিয়ে ভোট চাইছে, তারা বাংলাদেশের স্বাধীনতার বিরোধিতা করেছিল।' এ সময় জামায়াতকে নিয়ে হিন্দু ভোটাররা ভয়ে আছে বলেও অভিযোগ তোলেন মির্জা ফখরুল।

তিনি বলেন, 'হিন্দু ভাইদের মধ্যে ভয়-আতঙ্ক কাজ করে। তারা মনে করেন, আমরা যদি অন্য কাউকে ভোট দেই, তাহলে ওরা যদি আমাদের ক্ষতি করে? অনেকে আমাকে বলেছেন, আমরা ধানের শীষে ভোট দিলাম, কিন্তু তারপর তো আপনারা থাকবেন না। তখন যদি দাঁড়িপাল্লার লোকজন আমাদের কিছু করে?'

এদিকে শুক্রবার চকরিয়ায় এক পথসভায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ কোনো দলের নাম উল্লেখ না করে বলেন, 'যারা ভারতের পক্ষের শক্তি ছিল তারা ভারতে পালিয়েছে। আরেকটি শক্তি বিদেশি শক্তির গোলামি করে, তারা বাংলাদেশে বিভিন্ন রকম বিভ্রান্তি করে রাজনীতি করছে। আমরা বাংলাদেশের শক্তি, বাংলাদেশের মানুষের পক্ষের শক্তি। আমাদের স্লোগান হচ্ছে সবার আগে বাংলাদেশ।'

শনিবার বিকালে মুন্সীগঞ্জের টঙ্গিবাড়ী উপজেলার সোনারং আমতলি মাদ্রাসা মাঠে এক নির্বাচনি জনসভায় বক্তব্য রাখেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম। এ সময় তিনি জামায়াতে ইসলামীকে ইঙ্গিত করে বলেন, 'ইসলামী আন্দোলন এখন একা নয়, ওরা একা হয়ে গেছে। যারা ইসলামের সাইনবোর্ড লাগিয়ে ষড়যন্ত্র করেছিল, শরিয়া আইনে তারা দেশ পরিচালনা করবে না। তারা ইসলাম থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে। ইসলামপ্রিয় মানুষ তাদের ছেড়ে আমাদের সঙ্গে চলে এসেছে। তারা একা হয়ে গেছে।'

এদিকে শুধু শীর্ষ নেতারাই নন, ভোটের মাঠের দল বা জোটের প্রার্থীরাও প্রতিপক্ষকে নিশানা করে দিচ্ছেন নানা বক্তব্য। ঢাকা-৭ আসনে বিএনপি মনোনীত প্রার্থী ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন সূত্রাপুর এলাকায় এক সভায় সরাসরি হুঁশিয়ারি দিয়ে বলেন, 'বিএনপি চাইলে ঢাকায় জামায়াত-শিবিরকে রাস্তায় নামতে দেওয়া হবে না।' তিনি দলটিকে তাদের রাজনৈতিক কর্মকাণ্ডে 'সাবধান' হওয়ার আহ্বান জানান। অন্যদিকে আনুষ্ঠানিক প্রচার শুরু হওয়ার আগে এক ভিডিওতে ঢাকা-১৭ আসনের জামায়াতের সংসদ-সদস্য প্রার্থী ডা. এসএম খালিদুজ্জামানকে বলতে শোনা যায়, 'সব সাইজ হয়ে যাবে, ঢাকায় কোনো সিট দেব না।'

শুধু কথার লড়াই নয়, নির্বাচনি প্রচারে নেমে অসহিষ্ণু আচরণের শিকার হওয়ার ঘটনাও ঘটতে দেখা গেছে। ঢাকা-৮ আসনের ১০ দলীয় ঐক্যের প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারী শুক্রবার সন্ধ্যায় সিদ্ধেশ্বরী এলাকায় গণসংযোগে গেলে এক অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির শিকার হন। প্রচারণার সময় একটি ভবনের ওপর থেকে তাকে লক্ষ্য করে ডিম ও নোংরা পানি নিক্ষেপ করে অজ্ঞাত ব্যক্তিরা। এ ঘটনার পরে কারও নাম উল্লেখ না করে নাসীরুদ্দীন পাটওয়ারী গণমাধ্যমকে বলেন, আমি চাঁদাবাজির বিরুদ্ধে কথা বলছি। যাদের চাঁদাবাজির সাম্রাজ্য ভেঙে পড়ছে, তারাই ময়লা পানি ও ডিম নিক্ষেপের ঘটনার সঙ্গে জড়িত।

এর আগের দিন বৃহস্পতিবার রাতে ঢাকা-২ আসনের কেরানীগঞ্জে নির্বাচনি কার্যালয়ের পাশে হযরতপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক হাসান মোল্লাকে গুলি করে দুর্বৃত্তরা। গুরুতর অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে শনিবার তিনি মারা যান।

একটি শান্তিময় পৃথিবীর জন্য

জাফর আহমাদ

পৃথিবীতে শান্তি নেমে আসে আল্লাহর প্রতি আনুগত্য ও আত্মসমর্পণের মাধ্যমে। ইসলামের মৌল লক্ষ্য হলো, সামাজিক শান্তি, নিরাপত্তা ও ন্যায়বিচার প্রতিষ্ঠার মাধ্যমে আখিরাতের মুক্তি সুনিশ্চিত করা। আমরা সকলেই জানি মানুষসহ সকল সৃষ্টির সৃষ্টিকর্তা মহান আল্লাহ। তিনি প্রকৃতি সৃষ্টি করেছেন এবং প্রকৃতির জন্য একটি নিয়মও বেঁধে দিয়েছেন। প্রকৃতির নিয়মের সাথে মিল রেখে তিনি মানুষের স্বভাব-প্রকৃতিও তিনি সৃষ্টি করেছেন। প্রকৃতি আল্লাহর একান্ত বাধ্যগত। তাই মানুষ যখন আল্লাহর আনুগত্য করে এবং নিজেকে তাঁর কাছে সমর্পণ করে, তখন প্রকৃতি তার অনুকূলে যায়। প্রকৃতি তাকে সকল প্রকার সাহায্য-সহযোগীতা করে। ইসলামে মৌলিক লক্ষ্যকে বাস্তবায়ন করার জন্য প্রধান কাজ হলো, আল্লাহ নির্দেশিত ও রাসুলুল্লাহ সাঃ প্রদর্শিত জীবন ব্যবস্থার কাছে নিজেকে সমর্পণ করে দেয়া। এই আত্মসমর্পনের মাধ্যমেই মানুষ দুনিয়ার শান্তি ও আখিরাতের মুক্তি সুনিশ্চিত হয়। এর মাধ্যম সামাজিক শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা লাভ করে। সমাজ ব্যবস্থার সর্বস্তরে সৎকর্ম ও ন্যায়বিচার চালু হয়। সামাজিক সম্প্রীতি, পারস্পরিক শ্রদ্ধা, ভালবাসা, সহনশীলতা, সহাবস্থান মানুষের ব্যক্তি চরিত্রকে মাধুর্যপুর্ণ করে তুলে। সমাজের প্রতিটি সদস্যদের মধ্যে নিচের কাজগুলো পরিলক্ষিত হয়।

- মানুষকে সহজেই ক্ষমা করে দেয়।
- তাদের যা আছে তাতেই সন্তুষ্ট থাকে এবং মহান আল্লাহর কৃতজ্ঞতা আদায় করে।
- সে হিংসা করে না বরং দু'আ করে।
- সব চাওয়া-পাওয়া আল্লাহর কাছে সোপর্দ করে দেয়।
- মানবিক গুণাবলীতে সে সমৃদ্ধশালী হয়। যথা নম্রতা, ভদ্রতা, বিনয়, সহমর্মিতা, সাহায্য-সহযোগীতা, ভালবাসা, সৌহার্দপূর্ণ আচরণ ও পরশ্রীমৃখরতা ইত্যাদি।

কিন্তু বর্তমান পৃথিবী আল্লাহর আনুগত্য থেকে বেরিয়ে যাওয়ার কারণে বা আল্লাহর সামনে পুরোপুরি আত্মসমর্পণ না করার কারণে আমাদের মধ্যে উল্লেখিত গুণাবলী আর সৃষ্টি হয় না। ফলে এই স্থান আজ দখল করে নিয়েছে দ্বন্ধ, মতবিরোধ, কুৎসিত পেশীশক্তির প্রদর্শন, পরশ্রীকাতরতা ও হিংসা-বিদ্বেষ জোর-জুলুম ইত্যাদি। মানুষের মধ্যে ভালবাসা ও সহনশীলতা নেই। ফলে পৃথিবীটা অশান্তির দাবানলে জ্বলছে। কোথাও শান্তি নাই- নিরাপত্তা নেই। দিকে দিকে যুদ্বের দামামা বাজছে, বারুদের গন্ধে আকাশ-বাতাস ভারী হয়ে উঠেছে। মানুষসহ সকল জীব-জন্তু শ্বাস-প্রশ্বাস গ্রহণ করতে পারছে না। আন্তর্জাতিক নিয়ম-কানুনকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে শক্তিশালীরা দুর্বলদের সীমানা প্রাচীর অতিক্রম করছে। মানুষের জীবন, ইজ্জত-আব্রু ও মৌলিক অধিকার মারাত্মকভাবে লুণ্ঠিত হচ্ছে। এক কথায় পৃথিবীটা একটি অগ্নীগর্ভের রূপ পরিগ্রহ করেছে। পৃথিবটিা মানুষের বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে।

পৃথিবীর বিভিন্ন জাতি-গোষ্ঠীর ন্যায় মুসলমানগণও যেদিন থেকে আল্লাহ ও তাঁর আনুগত্যকে বাদ দিয়ে অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে নিজেদের জীবন গড়ে তুলছে, সেদিন থেকে তাদেরও কপাল পুড়তে শুরু করেছে। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অক্লান্ত পরিশ্রমে গড়া 'বুনিয়ানুম মারচুচ' 'সুদৃঢ় প্রাচীর'এর ফাটল বা ভাঙনও সেখান থেকেই শুরু হয়েছে। বিজাতীয়দের ন্যায় মুসলমানদের মধ্যেও আজ বিভেদের পাহাড় পরিলক্ষিত হয়। আর এরই ফলশ্রুতিতে তাদের মধ্যেও অহংকার, ঘৃণা, তাচ্ছিল্য, বিদ্বেষ ও অবমাননা এবং জুলুম ও নির্যাতন দানা বেঁধে উঠেছে। অথচ এটি ছিল ইহুদী-খ্রীষ্টান ও পৌত্তলিকদের চরিত্র। জাতীয়তার ভিত্তিতে ইহুদীরা মনে করেছে তারাই আল্লাহর মনোনীত সৃষ্টি। এজন্য পৃথিবীর সকল অইসরাঈলীরা অধিকার ও মর্যাদার দিক থেকে নিম্ন পর্যায়ের। পক্ষান্তরে খ্রীষ্টানেরা বলেছে ঈশা আল্লাহর পুত্র (নাউযুবিল্লাহ), সুতরাং তারাই পৃথিবীর শ্রেষ্ট জাতি। হিন্দু জাতি পৃথিবীর অন্যান্য জাতি-গোষ্ঠী থেকে নিজেদেরকে শ্রেষ্ঠতর মনে করা ছাড়াও নিজেদের মধ্যেও অসংখ্য কঠিন ভেদনীতি চালু করে রেখেছে। তারা বর্ণাশ্রমের ভিত্তিতে ব্রাহ্মণদের শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠা করেছে এবং শুদ্রদের লাঞ্ছনার গভীর খাদে নিক্ষেপ করেছে। তাদের ঘরে অন্য ধর্মের কেউ ঢুকে পড়লে সেটিকে ধুয়ে-মুছে পবিত্র করে থাকে। এরাই আন্তর্জাতিক পর্যায়ে উদার গণতন্ত্র ও কট্টর সমাজনীতি শ্রেণী সংগ্রামের আগুন জ্বালিয়েছে, সাদা-কালো বর্ণবাদনীতি অসংখ্য বণী আদমের রক্ত ঝড়িয়েছে, আদিবাসী-অআদিবাসীর উচ্ছেদের সংগ্রাম তো চলছেই।

সারা পৃথিবীর চিকিৎসা বিজ্ঞানী, সমাজ বিজ্ঞানী, বুদ্ধিজীবিসহ প্রায় সকল চিন্তাবিদই আজ একটি বাস্তবতাকে খুব ভাল করে উপলব্ধি করতে সক্ষম হয়েছেন, সেটি হলো, 'মরণব্যাধি এইডস্ থেকে বাঁচতে হলে 'ধর্মীয় অনুশাসন মানতে হবে' 'ধর্মীয় জীবন-যাপন করতে হবে'। তারা নর-নারীর অবাধ মেলামেশা, উদ্দাম, উশৃংখল ও বিকৃত যৌনাচার এইডসের প্রধান কারণ হিসাবে উলেখ করেছেন। যার পরিণাম হলো নিশ্চিত মৃত্যু। আমরা বলতে চাই শুধুমাত্র মরণব্যাধি এইডস্ কেন? জীবনের সামগ্রীক কল্যাণ ও মুক্তির জন্য অবশ্যই ধর্মীয় অনুশাসন মানতে হবে। ধর্মীয় অনুশাসন বলতে আল-কুরআনের শাসনকেই বুঝায়। জীবনের প্রতিটি ক্ষেত্রেই আজ বিশাল ধ্বংসের দিকে দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। চারদিকে শুধু অবক্ষয় আর অবক্ষয়। ব্যক্তি ও জাতীয় চরিত্রের অধঃপতন, পারিবারিক ও সামাজিক সুশৃংখল অবকাঠামোর ভাঙ্গন, সামাজিক ও রাজনৈতিক অসহিষ্ণুতা এবং রাষ্ট্রীয় নির্যাতন ও সন্ত্রাসসহ পৃথিবী আজ এক জংগলী আবাসনের রূপ নিয়েছে। দুর্নীতি, দুষ্কর্ম ও দুঃশাসন পৃথিবীকে গ্রাস করে ফেলেছে। ভোগের রাজ্যে চলছে অত্যধিক মাতলামী। চারদিকে মানুষ মানুষের রক্তের হোলী খেলায় মেতে উঠেছে। মোটকথা মানুষের ব্যক্তি, পরিবার, সমাজ, রাষ্ট্র ও আন্তর্জাতিক জীবন আজ মরনব্যাধী এইডস্-এ আক্রান্ত। সামগ্রীক এ ধ্বংস থেকে বাঁচতে হলে অনুধাবন করতে হবে এবং কুরআন অনুযায়ী ব্যক্তি, পরিবার ও সমাজকে গড়ে তুলতে হবে।

মনে করুন, ছিপি আঁটা এক শিশি মধু, শিশির বাইর থেকে ছাটাছাটি করলে কি মধুর স্বাদ ও উপকার পাওয়া যাবে? কখনো না। বরং মধুর স্বাদ পেতে হলে ছিপি খোলে মুখে ঢালতে হবে এবং গিলতে হবে। তাহলে মধুর স্বাদ এবং উপকার দুটোই পাওয়া যাবে। আল কুরআন ছিপি আঁটা এক শিশি প্রাণ সঞ্জিবিনী মধু ও মহৌষধ। বর্তমানে আমরা এ কুরআনের বাইর থেকে ছাটাছাটি করে থাকি অর্থাৎ মাথায় রেখে সম্মান প্রদর্শন করি এবং চুমু দিয়ে, বুকে জড়িয়ে ভালবাসা প্রকাশ করে থাকি। কিন্তু তার বিশাল ভুবনে প্রবেশ করি না। আমরা যদি ভেতরে প্রবেশ করে গভীর ভাবে তেলাওয়াত করতাম এবং কুরআনের আলোকে আমাদের ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্র গঠন করে পৃথিবীবাসীর সামনে এর স্বাক্ষ্যকে বাস্তবে উপস্থাপন করতে পারতাম, তবে আল কুরআনের বাস্তব কার্যকারিতা ও নৈতিক প্রভাব দেখে দুনিয়াবাসী উপলব্ধি করতে পারতো। পৃথিবী মরণব্যাধি এইডস্-এর ন্যায় এক বাক্যে বলে উঠতো যে, ঝঞ্জা-বিক্ষুব্ধ পৃথিবীকে সুস্থ জীবনে ফিরিয়ে আনতে দলে দলে কুরআনের কাছে চলো। রাসুল সঃ মানুষের ব্যক্তি, পরিবার ও মদীনা নামক রাষ্ট্রে আল-কুরআনকে প্রতিষ্ঠা করে দুনিয়াবাসীর সামনে অনন্য নজির স্থাপন করে গেছেন। পৃথিবী বিখ্যাত রক্ত পিপাসু এবং সুন্দর এক পৃথিবী গড়ার জন্য আল-কুরআনের কাছে অবশ্যই ফিরে আসতে হবে। এই কুরআনকে শুধু তেলাওয়াত নয়, বরং এর গভীওে প্রবেশ করে একে অনুসরণ করতে হবে এবং কুরআন অনুযায়ী ব্যক্তি, পরিবার ও সমাজকে গড়ে তুলতে হবে।

মানুষগুলো আল-কুরআনের বদৌলতে মানবতার পরম বন্ধুতে পরিণত হয়েছিল।

আজকের পৃথিবী অশান্তির দাবানলে জ্বলছে। কোথাও শান্তি নাই-শান্তি নাই। শান্তির পিপাসায় মানুষ পৃথিবীর বিভিন্ন মতবাদের দ্বারছ হয়ে ব্যর্থ মনোরথ হয়ে বার বার ফিরে আসছে। মনে করুন বিশাল সমুদ্র, যার পানি দরুন মিষ্টি, এর পাশে দাঁড়িয়ে কোন ব্যক্তি যদি তৃষ্ণার্থ হয়ে মরতে থাকে, তবে তার চেয়ে বড় বোকা আর কে হতে পারে? সমুদ্র থেকে এক অঞ্জলি পানি পান করলেই তো তার তৃষ্ণা মিটে যায়। সারা পৃথিবীর মানুষ আজ শান্তির পিপাসায় কাতরাচ্ছে। এ পিপাসা নিবারণের জন্য চলে যাচ্ছে ড্রেনের পঁচা ও পুঁতি গন্ধময় পানির কাছে। তা পান করে রোগ-বালাই ও ব্যধি ছড়িয়ে পড়ছে মানুষের ব্যক্তি, পরিবার, সমাজ, রাষ্ট্র ও বিশ্বময়। ড্রেনের পঁচা পানি হলো, মানুষের মনগড়া মতবাদ, যা মানুষের মস্তিষ্ক প্রসূত। অথচ লোকটি আগে দেখল না তার ঘরে পানি আছে কিনা। তার ঘরে যে পানি আছে তার নাম 'আবে হায়াত' তথা 'আল-কুরআন'।

আল-কুরআন মহান আলাহ রাব্বুল আলামীনের পক্ষ থেকে সকল মানুষের হেদায়াতের মশাল, দুনিয়া ও আখিরাতের মুক্তির সনদ। এটি একক কোন ব্যক্তি, গোষ্ঠী বা দলের সম্পদ নয়। বরং কুরআন সকল মানুষের এক অতুলনীয় ও অমুল্য সম্পদ। যা অবতীর্ণ করা হয়েছে মানুষদেরকে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসার জন্য। আলাহ তায়ালা বলেন, "আলিফ-লাম-রা। হে মুহাম্মদ! এটি একখান কিতাব, যা আমরা তোমার প্রতি নাযিল করেছি, যেন তুমি মানুষদেরকে জমাট বাঁধা অন্ধকার থেকে বের করে আলোতে লয়ে আস।" (সুরা ইবরাহিম ঃ ১)

আবু মুসা রাঃ থেকে বর্ণিত। নবী সঃ বলেছেনঃ যে জ্ঞান ও সঠিক পথ-নির্দেশ দিয়ে আল্লাহ আমাকে পাঠিয়েছেন, তার দৃষ্টান্ত মাটির ওপর বর্ষিত প্রচুর বৃষ্টির মত। যে মাটি পরিষ্কার ও উর্বর, তা ঐ পানি গ্রহণ করে অনেক ঘাস ও শস্য উৎপন্ন করে। আর যে মাটি শক্ত, তা ঐ পানি ধরে রাখে। আলাহ তার সাহায্যে মানব-জাতির কল্যাণ করেন। মানুষ তা নিজেরা পান করে, পশুদেরকে পান করায় এবং সেচের মাধ্যমে ফসল উৎপন্ন করে। আর কিছু অনূর্বর মাটি থাকে যা বৃষ্টির পানি ধরে রাখেনা এবং ঘাসও উৎপন্ন করেনা। এটাই হচ্ছে তার দৃষ্টান্ত যে আল্লাহর দ্বীনের জ্ঞান অর্জন করে এবং তাতে লাভবান হয়। আল্লাহ আমাকে যা দিয়ে পাঠিয়েছেন তা নিজে শিক্ষা করে এবং অন্যকে শিক্ষা দেয়। আর ঐ লোকেরও দৃষ্টান্ত যে, তার দিকে মাথা তুলেও তাকায় না এবং আমাকে আল্লাহর যে পথ-নির্দেশ দিয়ে পাঠান হয়েছে তাও গ্রহণ করেনা। (বুখারী ঃ ৭৯, কিতাবুল ইলম,বাবু ফাদলি মান আলিমা ওয়া আল্লামা, মুসলিম:২২৮২, আহমাদ:২৭৬৮২)

গণভোটে এক পক্ষ সরব, আরেক পক্ষ নীরব

৩-এর পৃষ্ঠায় পর

একই দিন রাজধানীর মিরপুরে জামায়াত ও এনসিপির নেতৃত্বাধীন জোট নির্বাচনী জনসভা করে। সেখানে নেতারা জোটের প্রার্থীদের পক্ষে ভোট চাওয়ার পাশাপাশি গণভোটে 'হ্যাঁ' ভোট দিতেও জনগণকে অনুরোধ করেন। ওই দিন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, 'এবারের নির্বাচন কেবল প্রতিদ্বন্দ্বিতার নির্বাচন নয়; একটি গণভোটও আছে। আমরা সবাই গণভোটে 'হ্যাঁ' ভোট দেব।'

গণভোটে 'হ্যাঁ' ভোটের পক্ষে প্রচার করতে অন্তর্বর্তী সরকার রাজনৈতিক দলগুলোর সঙ্গে যোগাযোগ রাখছে বলে জানিয়েছেন অধ্যাপক আলী রীয়াজ। তিনি বলেন, 'আমরা লক্ষ রাখছি অনেক রাজনৈতিক দলের পক্ষ থেকে, এমনকি স্থানীয় পর্যায়ে কিছু কিছু ক্ষেত্রে গণভোটের পক্ষে প্রচার করছে বলে আমরা দেখতে পাচ্ছি। কিছু দল তো সুস্পষ্টভাবে অবস্থান নিয়ে গণভোটের পক্ষে প্রচার করছে। সামনে রাজনৈতিক দলগুলো আরও শক্তিশালী প্রচারে অংশ নেবে বলে আমরা আশা করছি।'

শুক্রবার পর্যন্ত বড় দুটি রাজনৈতিক জোটের প্রচারের বিষয়ে জানতে চাইলে আলী রীয়াজ বলেন, 'প্রথম দিনের প্রচারে গণভোটের কথা অনেক ক্ষেত্রে এসেছে, অনেক ক্ষেত্রে হয়তো আসেনি। তবে আমরা অতটা ঘনিষ্ঠভাবে লক্ষ করেছি দাবি করা সঠিক হবে না।'

নির্বাচনের তফসিল ঘোষণার পর থেকে গণভোটে বিএনপির অবস্থান নিয়ে দলটির নেতা-কর্মীরা সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন ধরনের বক্তব্য দিচ্ছিলেন। তাঁদের কেউ 'হ্যাঁ' ভোটের পক্ষে, আবার কেউ 'না' ভোটের পক্ষে ছিলেন। শুরু থেকে দলটির নেতারা বলছেন, গণভোটের প্রচারের দায়িত্ব সরকারের। জানুয়ারির দ্বিতীয় সপ্তাহে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'জনগণের দায়িত্ব ভোট দেওয়া– 'হ্যাঁ' বা 'না' ভোট দেওয়া। জনগণ যা করে, তা-ই হবে।' তবে বিএনপির স্থায়ী কমিটি সদস্য ও নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান নজরুল ইসলাম খান স্পষ্টভাবে 'হ্যাঁ' ভোটের পক্ষেই বলেছেন। তিনি বলেছেন, 'আমরা সংস্কারের পক্ষে। আমরা গণভোটে হ্যাঁ ভোট দেব, এটাই আমাদের সিদ্ধান্ত।'

সার্বিকভাবে দলটির নীতিনির্ধারকেরা বলছেন, গণভোটে বিএনপির অবস্থান 'হ্যাঁ' এর পক্ষে এবং এ বিষয়ে তারা অঙ্গীকারবদ্ধ। এ বিষয়ে স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান গত শনিবার বলেন, 'হ্যাঁ ভোটের বিষয়ে আমরা তো অঙ্গীকারবদ্ধ।'

বিএনপির নির্বাচনী প্রচারের দায়িত্বে থাকা একাধিক ব্যক্তি বলেছেন, গণভোটের প্রচার নিয়ে দলের পক্ষ থেকে তেমন নির্দেশনা নেই। এখন দলীয় মার্কার পক্ষে প্রচারকে গুরুত্ব দেওয়া হচ্ছে। তবে গণভোট নিয়ে প্রচার করলে 'হ্যাঁ' ভোটের পক্ষেই করা হবে।

গতকাল সামাজিক যোগাযোগমাধ্যমে 'না' ভোটের পক্ষে বিএনপির এক তৃণমূলের নেতার প্রচারের ভিডিও ছড়ায়। তবে ওই নেতা দাবি করেছেন, মুখ ফসকে এ কথা বলে ফেলেছেন তিনি।

বিএনপির নির্বাচনী প্রচারে গণভোটের বিষয়টি এখনো দৃশ্যমান নয় এবং তৃণমূলের কোথাও কোথাও 'না'-এর পক্ষে প্রচার চলছে এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে জ্যেষ্ঠ নেতা সেলিমা রহমান বলেন, 'নেগেটিভ ক্যাম্পেইন করছে না। কেউ করলে আমরা তা জানি না।...সরকার তো প্রচারণা করছে...ভালোই তো প্রচার হচ্ছে। প্রচারের সময় অনেকে অনেক কথা বলে। এখন যে যার মতো কথা বলছে। এখানে বাধা দেওয়ারও কিছু নাই, কিছু বলারও নাই।'

অধ্যাপক আলী রীয়াজ বলেন, 'প্রথম দু-এক দিনের প্রচারে দল তো নিজেদের বিষয়ে প্রাধান্য দেবেই; বিশেষ করে কেন্দ্রীয় নেতারা দলের অবস্থান ব্যাখ্যা করছেন। বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বেশ কয়েকটি জনসভা করেছেন, দীর্ঘদিন পরে তিনি সরাসরি উপস্থিত হয়ে মানুষের সামনে বক্তব্য দিচ্ছেন। ফলে দলের অনেকগুলো বিবেচনা তাঁর কাছে থাকছে।'

গণভোট প্রসঙ্গে আলী রীয়াজ আরও বলেন, 'শফিকুর রহমান সাহেব ও নাহিদ ইসলামের প্রচারে কিছু কিছু উল্লেখিত হয়েছে বলে আমরা জানি। দলগুলোর প্রচারণা এগিয়ে গেলেই আমরা তাঁদের সঙ্গে আরেক দফা প্রকাশ্যে আলোচনা করব এবং বিভিন্নভাবে তাঁদের প্রচারে উৎসাহিত করতে যোগাযোগ করব।'

এদিকে গণভোটে 'হ্যাঁ' ভোট দেওয়ার পক্ষে নির্বাচনী জনসভায় নানা বক্তব্য দিচ্ছে জামায়াত ও এনসিপি। তাদের কর্মী-সমর্থকেরাও সামাজিক যোগাযোগমাধ্যমে 'হ্যাঁ' ভোটের পক্ষে প্রচার করছেন। গতকাল সিরাজগঞ্জের নির্বাচনী জনসভায় জামায়াতের আমির শফিকুর রহমান বলেন, 'হ্যাঁ' ভোট মানে হলো– আমূল সংস্কার, হাদিসহ সকল গণহত্যার বিচার করা, দেশে আর ফ্যাসিবাদ ফিরে আসতে দেওয়া হবে না, আর কোনো আধিপত্যবাদের দালালকে বাংলার জনগণ বরদাশত করবে না, কোনো চাঁদাবাজের অস্তিত্ব বাংলার জমিনে বরদাশত করা হবে না।

গণভোটে 'হ্যাঁ'-এর পক্ষে প্রচারের জন্য শুক্রবার ২৩৮টি আসনে দলীয় প্রতিনিধি ঘোষণা করেছে এনসিপি। এ প্রচারণার কাজে আজ রোববার রাত থেকে দেশজুড়ে নির্বাচনী পদযাত্রা করবে দলটি।

অন্যদিকে গত তিন জাতীয় সংসদের বিরোধী দল জাতীয় পার্টি 'না' ভোটের পক্ষে প্রচার করবে বলে আনুষ্ঠানিকভাবে জানিয়েছে।

গণভোটের প্রচারের জন্য রাজনৈতিক দলগুলোকে আরও সক্রিয় হওয়া দরকার বলে মনে করেন নাগরিক অধিকার ও গণতন্ত্র নিয়ে কাজ করা সংগঠন সুশাসনের জন্য নাগরিকের (সুজন) সম্পাদক বদিউল আলম মজুমদার। তিনি বলেন, 'দলগুলো 'হ্যাঁ' নাকি 'না'-এর পক্ষে, সে বিষয়ে তাদের সুস্পষ্ট অবস্থান নিতে হবে। গণভোটের বিষয়ে দলগুলো সুস্পষ্টভাবে অঙ্গীকার করেছে। গণভোটে 'না' ভোট বিজয়ী হলে তার জন্য জাতিকে মাশুল দিতে হবে।'

যুক্তরাষ্ট্রে অভিবাসীদের আতঙ্কের নাম এখন গ্রেগরি বোভিনো

বাংলা পত্রিকা ডেস্ক: এক বছর আগেও গ্রেগরি বোভিনো ছিলেন যুক্তরাষ্ট্রের সাধারণ মানুষের কাছে প্রায় অচেনা এক নাম। আজ তিনি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিবাসন দমন অভিযানের সবচেয়ে আলোচিত মুখ। মাঠপর্যায়ের কৌশল থেকে শুরু করে তাঁর পোশাক–সবকিছুই এখন যুক্তরাষ্ট্রজুড়ে তীব্র বিতর্কের কেন্দ্রে।

বর্ডার প্যাট্রলের 'কমান্ডার-অ্যাট-লার্জ' হিসেবে বোভিনোকে দেখা গেছে একাধিক মার্কিন শহরের রাস্তায়। মাথায় ছোট করে কাটা চুল, জলপাই রঙের ইউনিফর্ম পরে তিনি নিজেই নেতৃত্ব দিচ্ছেন টহল অভিযানে। কোথাও কাঁদানে গ্যাস ছোড়া, কোথাও বিক্ষোভকারীদের সঙ্গে প্রকাশ্য বাগ্‌বিতণ্ডা–সব ক্ষেত্রেই তিনি আছেন সামনের সারিতে। অন্য অনেক ফেডারেল কর্মকর্তার মতো মুখোশ না পরায় আরও আলাদা করে নজরে আসছেন।

রোববার (২৫ জানুয়ারি) সিএনএন জানিয়েছে, সোশ্যাল মিডিয়ায় নিয়মিত ছবি ও সিনেমাটিক ভিডিও পোস্ট করেন বোভিনো। এসব পোস্টে মার্কিন সীমান্তরক্ষী বাহিনীর দৃঢ়তা ও 'মিশন সম্পন্ন করার' সংকল্প তুলে ধরা হয়। একই সঙ্গে টেলিভিশনের পর্দায়ও তাঁর উপস্থিতি বেড়েছে। মিনিয়াপোলিসে অভিবাসন অভিযান জোরদার হওয়ার পর সেখানে প্রতিদিনের ব্রিফিংয়ে তাঁকে নিয়মিত দেখা যাচ্ছে।

মাত্র কয়েক দিনের ব্যবধানে মিনিয়াপোলিসে সীমান্তরক্ষীদের গুলিতে দুজন প্রাণ হারিয়েছেন। সর্বশেষ স্থানীয় সময় শনিবার (২৪ জানুয়ারি) অ্যালেক্স প্রিটি নামে একজন নিহত হওয়ার ঘটনায় বোভিনো দাবি করেছেন, নিহত ব্যক্তি অস্ত্রধারী ছিলেন এবং আত্মরক্ষার্থে কর্মকর্তা গুলি ছুড়েছেন। তিনি বলেন, 'আইন নিজে নিজে কার্যকর হয় না। জীবন বাজি রেখে আইন কার্যকর করতে হয়।' তিনি দাবি করেন, যুক্তরাষ্ট্রের অভিবাসন ও কাস্টমস আইন প্রয়োগকারী সংস্থার (আইসিই) সদস্যরা দেশকে নিরাপদ ভবিষ্যৎ দিতে কাজ করছেন।



নিজ দলের কর্মকর্তাদের সঙ্গে গ্রেগরি বোভিনো। *ছবি: সিএনএন*

তবে বোভিনোর অভিযানের কৌশল বেশির ভাগ ক্ষেত্রেই আক্রমণাত্মক বলে অভিযোগ রয়েছে। তবে এমন কৌশলকে 'টার্ন অ্যান্ড বার্ন' বলে বর্ণনা করেছেন বোভিনো। দ্রুত ও কঠোর এই অভিযানে অনেক সময় জানালা ভেঙে ঘরে প্রবেশ করেও মানুষদের আটক করা হচ্ছে। সমর্থকেরা এই কৌশলকে কার্যকর বলে মনে করলেও সমালোচকেরা এটিকে ভয়ংকর কর্তৃত্ববাদী বলছেন।

ইলিনয় অঙ্গরাজ্যের গভর্নর জেবি প্রিটজকার অভিযোগ করেছেন, বোভিনো ও তাঁর সহকর্মীরা ইচ্ছাকৃতভাবে উত্তেজনা বাড়াচ্ছেন, যেন পরিস্থিতিকে 'যুদ্ধক্ষেত্র' বানানো যায়। শিকাগোসহ বিভিন্ন শহরে পার্কিং লট ও রাস্তায় আকস্মিক ধরপাকড় নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয় নেতারা।

বোভিনো এসব সমালোচনা নাকচ করে বলেছেন–তাঁর কর্মকর্তারা আইনসম্মত, নৈতিক ও পেশাদার আচরণ করছেন। উত্তর ক্যারোলিনায় জন্ম নেওয়া বোভিনো ১৯৯৬ সালে বর্ডার প্যাট্রলে যোগ দেন। তিন দশকের কর্মজীবনে তিনি যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঞ্চল ও বিদেশে দায়িত্ব পালন করেছেন। ২০২৩ সালে সীমান্ত পরিস্থিতি নিয়ে বাইডেন প্রশাসনের সমালোচনা করায় তাঁকে সাময়িকভাবে পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছিল।

সম্প্রতি তাঁর লম্বা সবুজ কোট নিয়েও বিতর্ক হয়েছে। ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম একে নাৎসি বাহিনীর পোশাকের সঙ্গে তুলনা করেছেন। বোভিনো বলেন, কোটটি তিনি ২৫ বছর আগে কিনেছিলেন এবং এতে কোনো রাজনৈতিক বার্তা নেই। সব মিলিয়ে, গ্রেগরি বোভিনো এখন শুধু একজন কর্মকর্তা নন–তিনি যুক্তরাষ্ট্রের অভিবাসন রাজনীতির প্রতীক হয়ে উঠেছেন।

ভেনেজুয়েলা অভিযান নিয়ে ট্রাম্পের চাঞ্চল্যকর তথ্য ফাঁস

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন যে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে আটক করার অভিযানে এক বিশেষ গোপন মারণাস্ত্র ব্যবহার করেছে মার্কিন বাহিনী।

'ডিসকম্বোবুলেটর' নামক এই প্রযুক্তির মাধ্যমে ভেনেজুয়েলার সামরিক সরঞ্জাম ও প্রতিরক্ষা ব্যবস্থা পুরোপুরি অচল করে দেওয়া হয়েছিল বলে তিনি জানিয়েছেন। নিউইয়র্ক পোস্টকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প জানান, এই রহস্যময় অস্ত্রের কারণে ভেনেজুয়েলার সেনারা তাদের রুশ ও চীনা প্রযুক্তির রকেটগুলো ব্যবহারই করতে পারেনি।

অভিযানের সময় ঠিক কী ঘটেছিল তার বর্ণনা দিতে গিয়ে ট্রাম্প বলেন, মার্কিন বাহিনী যখন কারাকাসে প্রবেশ করে, তখন ভেনেজুয়েলার সেনারা রকেট ছোড়ার জন্য বাটনে চাপ দিলেও কোনো কিছুই কাজ করেনি। তিনি একে একটি পালসড এনার্জি ওয়েপন বা স্পন্দিত শক্তি অস্ত্র হিসেবে ইঙ্গিত করলেও এর কৌশলগত বিশদ প্রকাশ করতে রাজি হননি।

তিনি কেবল বলেন, এই অস্ত্রের প্রভাবে কারাকাসের বিদ্যুৎ ব্যবস্থা প্রায় সম্পূর্ণ বন্ধ হয়ে গিয়েছিল এবং শত্রুপক্ষের রাডার ব্যবস্থা পুরোপুরি অচল হয়ে পড়েছিল।

মাদক কার্টেল দমনে মেক্সিকোতেও হামলার হুমকি

ভেনেজুয়েলার সফল অভিযানের পর এবার ড্রাগ কার্টেল বা মাদক পাচারকারী চক্রগুলোর বিরুদ্ধে সরাসরি সামরিক পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন ট্রাম্প। তিনি স্পষ্ট করেছেন যে কেবল দক্ষিণ আমেরিকা নয়, প্রয়োজনে উত্তর আমেরিকার দেশ মেক্সিকোতেও স্থল অভিযান চালানো হতে পারে। ট্রাম্পের মতে, মার্কিন প্রশাসন এই কার্টেলগুলোর আস্তানা এবং যাতায়াতের রুট সম্পর্কে বিস্তারিত জানে এবং খুব শীঘ্রই তাদের লক্ষ্য করে হামলা চালানো হবে।



শুক্রবার (২৩ জানুয়ারি) প্রশান্ত মহাসাগরে একটি মাদকবাহী নৌকায় মার্কিন হামলার তথ্য নিশ্চিত করে প্রেসিডেন্ট বলেন, এই অভিযান কেবল শুরু। তিনি আরও জানান যে ভেনেজুয়েলার সঙ্গে সম্পর্কযুক্ত সাতটি তেলবাহী ট্যাঙ্কার থেকে ইতিমধ্যে সব তেল সরিয়ে নিয়েছে যুক্তরাষ্ট্র। তবে সেই জাহাজগুলো বর্তমানে কোথায় আছে, তা নিরাপত্তার খাতিরে গোপন রাখা হয়েছে।

নোবেল পুরস্কার ও আর্কটিক চুক্তি নিয়ে মন্তব্য

সাক্ষাৎকারে ট্রাম্প আরও জানান, ভেনেজুয়েলার বিরোধী নেত্রী মারিয়া করিনা মাচাদো তাকে তার নোবেল শান্তি পুরস্কারটি উপহার দিয়েছেন। ওভাল অফিসে রাখা সেই পুরস্কারটি কোথায় ঝোলানো যায়, তা নিয়ে বর্তমানে তিনি চিন্তাভাবনা করছেন। এ ছাড়া ন্যাটোর প্রধান মার্ক রুটের সঙ্গে আর্কটিক অঞ্চলের নিরাপত্তা নিয়ে এক চুক্তির বিষয়েও কথা বলেন তিনি।

ট্রাম্প দাবি করেন, এই চুক্তির ফলে গ্রিনল্যান্ডসহ সংশ্লিষ্ট এলাকায় মার্কিন সামরিক ঘাঁটিগুলোর জমির মালিকানা যুক্তরাষ্ট্রের হাতে আসবে, যদিও ডেনমার্ক ও গ্রিনল্যান্ড কর্তৃপক্ষ সার্বভৌমত্বের প্রশ্নে কোনো আপস করা হবে না বলে আগেই জানিয়ে দিয়েছে।

সাক্ষাৎকারের শেষে ট্রাম্পের চিরচেনা রসিকতাও বাদ পড়েনি। আসন্ন সুপার বোলে পারফর্ম করতে যাওয়া শিল্পী ব্যাড বানি এবং গ্রিন ডে-কে 'ভয়ানক পছন্দ' হিসেবে আখ্যা দিয়ে তিনি জানান, এবার তিনি খেলা দেখতে স্টেডিয়ামে যাবেন না। *সূত্র: গলফ্ নিউজ*

এক বিচারপতির হাতেই ২৯৬ ফাঁসির আসামি

উৎপল রায় : প্যাংস অব ডেথ, বাংলায় যার অর্থ মৃত্যুযন্ত্রণা; ভেঙে বললে মৃত্যুর অপেক্ষায় থাকার সময়ের তীব্র মানসিক যন্ত্রণা। মৃত্যুদণ্ডের সাজা মাথায় নিয়ে যে আসামিরা নির্জন কারা প্রকোষ্ঠে (কনডেম সেল) থাকেন, তাদের যন্ত্রণা বোঝাতে এ শব্দবন্ধ যথার্থ বলে মনে করেন আইন ও বিচার-বিশ্লেষকরা। ফৌজদারি আইন ও বিচারব্যবস্থায় সবচেয়ে স্পর্শকাতর মামলা হিসেবে বিবেচনা করা হয় ফাঁসির আসামির মামলাকে। 'প্যাংস অব ডেথ' পর্যায়ে থাকা আসামিদের মামলার দ্রুত নিষ্পত্তিতে রাষ্ট্রের আন্তরিকতা কতটুকু সে প্রশ্ন ওঠে প্রায়ই।

বাস্তবতা বলছে, অধস্তন আদালতে ফাঁসির রায় হয়ে গেলে এর চূড়ান্ত নিষ্পত্তির জন্য অপেক্ষা করতে হয় দীর্ঘ সময়। কোনো কোনো ক্ষেত্রে এসব মামলার নিষ্পত্তিতে দুই যুগ পর্যন্ত গড়ানোর নজিরও রয়েছে। অনেকে বলেন, অপরাধীর শাস্তি হওয়ারই কথা এবং আসামির প্রতি অনুকম্পা প্রদর্শনের সুযোগ নেই। কিন্তু আন্তর্জাতিক আইন, বাংলাদেশের সংবিধান ও অন্যান্য বিধানে বিচারে দীর্ঘসূত্রতার বা আসামিকে শারীরিক ও মানসিক কষ্ট দেওয়ার সুযোগ নেই।

কারা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত বছরের ৩০ নভেম্বর পর্যন্ত (ডিসেম্বরে অধস্তন আদালতে অবকাশকালীন ছুটির কারণে নিয়মিত বিচার কার্যক্রম বন্ধ ছিল) দেশের ৬৮টি কেন্দ্রীয় ও জেলা কারাগারের ফাঁসির সেলগুলোতে ২ হাজার ৭০৫ জন মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি বন্দি ছিলেন এবং সংখ্যাটি কারা ইতিহাসে সর্বোচ্চ। তাদের মধ্যে নারী বন্দি ছিলেন ৯০ জন। আসামিদের মধ্যে হাইকোর্টে বিচারের নিষ্পত্তির অপেক্ষায় ছিলেন ২ হাজার ৩৭০ জন। তাদের মধ্যে বিচারের নিষ্পত্তির অপেক্ষায় ৬ থেকে ১৫ বছর বা তারও বেশি সময় ধরে কনডেম সেলে রয়েছেন ৯৩৯ জন।

হাইকোর্টে মামলা নিষ্পত্তিতে ৬৬টি দ্বৈত ও একক বেঞ্চের মধ্যে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিদের মামলা (ডেথ রেফারেন্স বা মৃত্যুদণ্ড অনুমোদন) নিষ্পত্তির জন্য রয়েছে চারটি বেঞ্চ বা আদালত, যেখানে একেকটি বেঞ্চে দুজন করে (দ্বৈত বেঞ্চ) বিচারক দায়িত্ব পালন করছেন। হাইকোর্টে একেকটি বেঞ্চ প্রায় ৫৯২ জন ফাঁসির আসামির মামলা সামলাচ্ছে। আর একেক বিচারকের হাতে রয়েছে প্রায় ২৯৬ জন ফাঁসির আসামির ভবিষ্যৎ।

অন্যদিকে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে ৩৩৫ জন ফাঁসির আসামির মামলা বিচারাধীন। ৬ থেকে ১৫ বছর বা তারও বেশি সময় ধরে বিচারের নিষ্পত্তির অপেক্ষায় রয়েছেন ৮৮ জন আসামি। বর্তমানে আপিল বিভাগে প্রধান বিচারপতিসহ ছয়জন বিচারক দায়িত্বে রয়েছেন। মাত্র ছয়জন বিচারক সামলাচ্ছেন তিনশোর বেশি ফাঁসির আসামির মামলা। হাইকোর্ট ও আপিল বিভাগে শত শত স্পর্শকাতর মামলা পরিচালনায় বেঞ্চ ও বিচারকের এ সংখ্যাকে অপ্রতুল বলছেন ফৌজদারি আইনবিশেষজ্ঞ ও জ্যেষ্ঠ আইনজীবীরা। প্রসঙ্গত, ২০২৫ সালের বেশিরভাগ সময় হাইকোর্টে ডেথ রেফারেন্স মামলার পরিচালনায় সাতটি দ্বৈত বেঞ্চ ছিল।

উচ্চ আদালতে নিয়মিত ফাঁসির আসামিদের মামলা পরিচালনাকারী জ্যেষ্ঠ আইনজীবী ও রাষ্ট্রপক্ষের কৌঁসুলিরা আসামিপক্ষের মামলার নথি ও সামাজিক অবস্থান বিশ্লেষণে বলেন, ফাঁসির সাজাপ্রাপ্ত বেশিরভাগ আসামি এবং তাদের পরিবার স্বল্পশিক্ষিত ও দরিদ্র শ্রেণির। অনেকের আইনজীবী নিয়োগের সামর্থ্যও থাকে না। কারও ক্ষেত্রে পরিবারও খোঁজ নেয় না। বছরের পর বছর মামলা টানতে গিয়ে তারা নিঃস্ব হয়ে যান।

'ফাঁসি দিলেই ন্যায়বিচার আর খালাস দিলে ন্যায়বিচার ব্যাহত' এমন ধারণা সঠিক নয় উল্লেখ করে ফৌজদারি আইনবিশেষজ্ঞ অ্যাডভোকেট এসএম শাহজাহান দেশ রূপান্তরকে বলেন, 'সমাজে শৃঙ্খলা আনতে অপরাধীর সাজা নিশ্চিত করা দরকার। কিন্তু এটা কোনো নীতি হতে পারে না যে, খুন হলেই ফাঁসি দিতে হবে। মামলার মেরিট বিবেচনায় ফাঁসি হতেও পারে আবার নাও হতে পারে। কারণ একটা মামলা কখনোই আরেকটা মামলার মতো নয়। একজন কৃষকের ফাঁসি আর সুইডেন আসলামের ফাঁসি কি এক হলো? সুইডেন আসলামরা প্রায়ই আইনের ফাঁক গলে বেরিয়ে যায়।'

তিনি আরও বলেন, 'কনডেম সেলে যে থাকে, সেই বোঝে এই যন্ত্রণা কী! রাখঢাক না রেখেই বলছি, 'স্পিডি ট্রায়াল অ্যান্ড ডিসপোজাল অব ডেথ রেফারেন্স'র বাইরে কোনো কথা নেই। তার জন্য বেঞ্চ আরও বাড়ানো প্রয়োজন। পেপারবুক যদি আসামিপক্ষ নিজের খরচে করতে চায়, তাহলে অনুমতি দেওয়া উচিত। তাতে কিছু মামলার সুরাহা তো হবে!'

ডেথ রেফারেন্সের নিষ্পত্তি কম

- ৪ আদালতে ২ হাজার ৩৭০ মৃত্যুদণ্ডের আসামির মামলা
- কনডেম সেলে মৃত্যুর দিন গুনছে ২ হাজার ৭০৫ আসামি
- রেকর্ড ১ হাজার ২৪৫ ডেথ রেফারেন্স মামলা হাইকোর্টে

অপরাধ ও সমাজবিজ্ঞানীরা বহু দিন ধরে বলে আসছেন, জনসংখ্যার আধিক্য, প্রযুক্তির সহজলভ্য, সামাজিক অবক্ষয়, রাজনৈতিক অসহিষ্ণুতা, অর্থনৈতিক অনিশ্চয়তা, বিচারে দীর্ঘসূত্রতাসহ নানা কারণে একশ্রেণির মানুষের মধ্যে অপরাধপ্রবণতা, হিংস্রতা ও নৃশংসতা বাড়ছে। অপরাধ নিয়ন্ত্রণে ব্যাপক হারে দৃষ্টান্তমূলক ফাঁসির রায়ও হচ্ছে অধস্তন আদালতে। তারপরও মামলাজট, বিচারক ও বেঞ্চ স্বল্পতা, পেপারবুক (অধস্তন আদালতে মামলার রায়সহ যাবতীয় নথির অনুলিপি) প্রস্তুতে বিলম্বের কারণে হাইকোর্টে ফাঁসির মামলার শুনানি ও নিষ্পত্তিতে প্রত্যাশিত গতি নেই। মামলার এত চাপ যে, হাইকোর্টে ডেথ রেফারেন্সের মামলায় কমপক্ষে পাঁচ বছর বা তার বেশি সময় লাগে শুনানি শুরু করতে। আর আপিল বিভাগে মামলা শেষ হতে ১০ বছর বা তার বেশি সময় লাগে। সংশ্লিষ্ট আইনজীবীরা জানান, হাইকোর্টে বর্তমানে ২০১৮ ও ২০১৯ সালে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিদের মামলার শুনানি চলছে।

ফাঁসির আসামির মামলার আইনি প্রক্রিয়া : ফৌজদারি আইনের বিধান মতে, অধস্তন আদালতে কোনো আসামির মৃত্যুদ-ের রায় হলে তা কার্যকরে হাইকোর্ট বিভাগের শুনানি ও অনুমোদনের প্রয়োজন হয়। এজন্য মৃত্যুদ-ের রায়ের পর লাল সালুতে মোড়া রায়সহ যাবতীয় নথি পাঠানো হয় হাইকোর্টে। দণ্ডপ্রাপ্ত আসামি আইনজীবীর মাধ্যমে আপিল করার সামর্থ্য না রাখলে জেল আপিলের (কারা কর্তৃপক্ষের আপিলের উদ্যোগ) সুযোগ পান। পেপারবুক প্রস্তুত করা সাপেক্ষে ডেথ রেফারেন্স মামলা শুনানির পর্যায়ে আসে। হাইকোর্টে শুনানির পর সাজা বহাল থাকলে আসামি আপিল বিভাগে আপিল বা জেল আপিল করতে পারেন। আপিল বিভাগে সাজা বহাল থাকলে আসামি রিভিউয়ের (রায় পুনর্বিবেচনা) সুযোগও পান। রিভিউ খারিজ হলে সর্বশেষ সুযোগ হিসেবে রাষ্ট্রপতির কাছে দোষ স্বীকার করে প্রাণভিক্ষার আবেদন করতে পারেন। সেটি নাকচ হলে কারাবিধি অনুযায়ী ফাঁসি কার্যকর করা যায়।

কারা অধিদপ্তরের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা নাম না প্রকাশের অনুরোধ জানিয়ে দেশ রূপান্তরকে বলেন, 'প্রতি মাসেই অনেক ফাঁসির আসামিকে সেলে পাঠানো হয়। এসব আসামির প্রতি অন্যান্য বন্দির চেয়ে বেশি নজর রাখতে হয়। বিচারের দীর্ঘসূত্রতায় অনেক আসামি মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে। একজন আসামির মামলার নিষ্পত্তি মানে আমাদের চাপ কিছু কমে যাওয়া; না হলে আমাদের কিছু করার নেই।'

ডেথ রেফারেন্স বাড়ছেই : সুপ্রিম কোর্টের তথ্য অনুযায়ী, ২০২১ সালে বিচারাধীন ৯৬২ ডেথ রেফারেন্স মামলার মধ্যে নিষ্পত্তি হয় ৮৮টি। ২০২২ সালে বিচারাধীন ১ হাজার ৬৮ মামলার মধ্যে নিষ্পত্তি হয় ১৫৮টি। ২০২৩ সালে বিচারাধীন ১ হাজার ১২৪ মামলার মধ্যে নিষ্পত্তি হয় ১০৩টি। ২০২৪ সালে ১ হাজার ২১২ মামলার মধ্যে নিষ্পত্তি হয় ৫৮টি। ২০২৫ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ২৯টি ডেথ রেফারেন্স মামলার নিষ্পত্তি হয়েছে হাইকোর্টে। এ সময় পর্যন্ত ১ হাজার ২৪৫টি ডেথ রেফারেন্স মামলা বিচারাধীন ছিল, যা হাইকোর্টে এ যাবৎকালের মধ্যে সর্বোচ্চ।

মামলা পরিচালনায় ডেথ রেফারেন্স বেঞ্চ অপ্রতুল কি না এমন প্রশ্নে সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী সম্প্রতি দেশ রূপান্তরকে বলেন, 'হাইকোর্টের বেঞ্চ নির্ধারণের এখতিয়ার শুধু প্রধান বিচারপতির। বেঞ্চ বাড়ানো-কমানোর সিদ্ধান্তও প্রধান বিচারপতি দেন। এ বিষয়ে আমাদের কাছে কোনো তথ্য নেই।'

ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) ৭৫টি দেশের নাগরিকদের জন্য ভিসা প্রক্রিয়াকরণ বন্ধ করে দিয়েছে। ডিওএস'র এই ঘোষণা ২১ জানুয়ারি, ২০২৬ থেকে কার্যকর হয়েছে।

বিভিন্ন মিটিয়া রিপোর্টে বলা হয়েছে যে, ডিওএস'র ঘোষণার কনস্যুলার অফিসারদের সরকারের বিস্তারিত ইনভেস্টিগেশন প্রক্রিয়া চলাকালে ঐসব দেশের নতুন ভিসা ইস্যু করা বন্ধ রাখতে নির্দেশ দেয়া হয়েছে। তবে, হোয়াইট হাউজের এক্স এ সোবেক টুউটার'এ বলা হয়েছে, এই ঘোষণা ইমিগ্রান্ট ভিসার ক্ষেত্রে প্রযোজ্য হলেও– নন ইমিগ্রান্টদের ক্ষেত্রে এ নির্দেশ প্রযোজ্য কি-না, বিষয়টি স্পষ্ট নয়।

ভিসা বন্ধ দেশের তালিকা নিচের দেশগুলোর জন্য ভিসা বন্ধ হয়েছেঃ

আলবেনিয়া, আফগানিস্তান, আলজেরিয়া, এ্যান্টিগুয়া এ্যান্ড বারবুদা, আর্মেনিয়া, আজারবাইজান, বাহামা, বাংলাদেশ, বার্বাডোজ, বেলারুশ, বেলিস, ভুটান, বসনিয়া, ব্রাজিল, বার্মা, ক্যাম্বেডিয়া, ক্যামেরুন, কেপ ভার্ডে, কলম্বিয়া, পোটে ডি আইভারি, কিউবা, ডেমক্যাটিক রিপাবলিক অব কঙ্গো, ডোমেনিকা, মিশর, ইরিত্রিয়া, ইথিওপিয়া, ইথিওপিয়া, ফিজি, গাম্বিয়া, জর্জিয়া, ঘানা, গ্রেনডা, গুয়াতেমালা, গিনি, হাইতি, ইরান, ইরাক, জ্যামাইকা, জর্ডান, কাজাখিস্তান, কাসাভো, কুয়েত, কিরগিস্তান, লাওস, লেবানন, লাইব্রেরিয়া, লিবিয়া, ম্যাসিডোনিয়া, মালদোভা, মঙ্গেলিয়া, মন্টেনেগ্রো, মরক্কো, নেপাল, নিকারাগুয়া, নাইজেরিয়া, পাকিস্তান, রিপাবলিক অব দি কঙ্গো, রাশিয়া, রোয়ান্ডা, সেন্ট কিটস এ্যান্ড নেভিস, সেন্ট লুসিয়া, সেন্ট ভিনসেন্ট এ্যান্ড দি গ্রেনাডাইনস, সেনেগাল, সিয়েরা লিওন, সোমালিয়া, দক্ষিণ সুদান, সুদান, সিরিয়া, তাঞ্জানিয়া, থাইল্যান্ড, ট্যাগো, তিউনিশিয়া, উগান্ডা, উরুগুয়ে, উজবেকিস্তান এবং ইয়েমেন।

ভারত অবশ্য এই তালিকায় অন্তর্ভুক্ত নয়।

ইউএস ইমিগ্রেশনের "পাবলিক চার্জ" প্রভিশন

হোয়াইট হাউস মনে করে যে, ৭৫টি দেশে ভিসা সাময়িকভাবে বন্ধ করা জরুরী, এ উদ্দেশ্যে যে– তাদের ইউএস সরকার থেকে বিভিন্ন সুবিধাগ্রহণ হতে বিরত রাখা। প্রশাসনের কর্মকর্তারা এও উল্লেখ করেছেন যে, বর্তমান সময়ে বিভিন্ন সরকারী দফতর সমূহের মধ্যে তথ্য শেয়ার করার ঘাটতিও রয়েছে। সরকার ভিসা ইস্যু করার পূর্বেই আরও অধিক কার্যকর পন্থা প্রবর্তন করবে।

২০২৫'এর সিভিক টেস্ট

ইউএ সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিস ফেডারেল রেজিস্টার নোটিশ দিয়ে ২০২৫ সালের ন্যাচারালাইজেশন সিভিকস টেস্ট বাস্তবায়নের কর্মসূচি ঘোষণা অনুযায়ী ইউএসসিআইএস যেসব নাগরিক ফরম এন-৪০০ পূরণ করেছেন সিটিজেনশীপ লাভের পরীক্ষার জন্য তাদের সিভিক টেস্ট পরিচালনা করবে।

ন্যাচারাইজেশন সিভিক টেস্ট মৌখিকভাবে হবে এবং ১২৮টি প্রশ্নের তালিকা থেকে ২০টি প্রশ্ন করা হবে। যারা ২০টি প্রশ্নের মধ্যে থেকে মাত্র ৯টি প্রশ্নের উত্তর দিতে পারবে তারা ফেল করবে।

আর কেউ যদি ১২টি প্রশ্নের সঠিক উত্তর দেয় বা ৯টি'র ভুল উত্তর দেয়– কর্মকর্তারা তখ প্রশ্ন করা বন্ধ করে দেবে। ইউএসসিআইএস অনেক পরিবর্তনের কথা ঘোষণা করেছেন। যার মধ্যে শারীরিক অক্ষম তাদের ইংরেজি পরীক্ষা থেকে অব্যাহতিদান ও আরো কিছু নিয়ম।

ফেব্রুয়ারি ২০২৬ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ফেব্রুয়ারি ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ফেব্রুয়ারি ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ণয় হয় এর পূর্বে।

ফেব্রুয়ারি ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথমঃ (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন **এটর্নির** সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইলঃ
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

একটি পাখি পথে নেমে এল

মূলঃ এমিলি ডিকিনসন

ভাবানুবাদঃ তমিজ উদ্‌দীন লোদী

একটি পাখি, পথে নেমে এলো
জানতো না যে আমি দেখি
একটি কেঁচোর মধ্যভাগ কামড়ে
খেয়ে নিল কাঁচা, আহা,
তারপর, এক ফোঁটা শিশির
ঘাসের ডগা থেকে পান করলো
তারপর দেয়ালের দিকে লাফিয়ে সরে গেল
একটি পোকাকে রাস্তা দিতে।

তার চোখ দুটি দ্রুত ফিরত,
চারদিকে তাকিয়ে উৎকণ্ঠায় ভরা
ভীত মুক্তার মত, আমার মনে হল,
মাথাটি নেড়ে দিল মখমল-নরম।

বিপদগ্রস্ত কেউ যেন, সতর্ক,
আমি দিলাম একটি খাবারের টুকরো,
আর সে মেলে দিল তার ডানা,
এবং মসৃণভাবে উড়ে গেল বাড়ির পথে।

যেভাবে দাঁড় তোলে সাগর ভাগ করে,
রূপালী এক টান, কোন চিহ্ন নেই,
বা প্রজাপতিরা, দুপুরের কিনারা থেকে,
ঝাঁপ দেয়, নিঃশব্দে সন্তরণ করে।

[এমিলি এলিজাবেথ ডিকিনসন (১০ ডিসেম্বর, ১৮৩০-১৫ মে, ১৮৮৬) একজন আমেরিকান কবি ছিলেন। তাঁর জীবদ্দশায় তিনি কম পরিচিত ছিলেন, কিন্তু মৃত্যুর পর তিনি আমেরিকান কবিতার অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব হিসাবে স্বীকৃতি লাভ করেন। এমিলি ডিকিনসন ম্যাসাচুসেটসের অ্যামহার্স্টে এক সম্ভ্রান্ত ও স্থানীয় সম্প্রদায়ের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তার শৈশবে অ্যামহার্স্ট একাডেমিতে সাত বছর অধ্যয়নের পর, তিনি মাউন্ট হোলিওক ফিমেল সেমিনারিতে অল্প সময়ের জন্য পড়াশোনা করেন এবং পরে তার পরিবারের অ্যামহার্স্টের বাড়িতে ফিরে আসেন। প্রমাণ থেকে জানা যায় যে ডিকিনসন তার জীবনের বেশিরভাগ সময় আপেক্ষিক একাকিত্বে কাটিয়েছেন। স্থানীয় বাসিন্দাদের কাছে তিনি অস্বাভাবিক হিসাবে বিবেচিত হতেন, তিনি প্রায়ই সাদা পোশাক পরতেন এবং দর্শকদের সঙ্গে সীমিত যোগাযোগের জন্য পরিচিত ছিলেন; পরবর্তী জীবনে তিনি খুব কমই তার শয়নকক্ষ থেকে বের হতেন। ডিকিনসন কখনও বিবাহবন্ধনে আবদ্ধ হননি এবং তার বেশিরভাগ বন্ধুত্বই সম্পূর্ণভাবে চিঠিপত্রের উপর ভিত্তি করে গড়ে উঠেছিল। এটি তাঁর কবিতা 'A bird came down to the path' এর ভাবানুবাদ]

চতুর্থ প্রহরের কবিতা

খসরু পারভেজ

জানি এমনি করেই ঘটে যাবে সবকিছু
আমার পকেটের পয়সা চলে যাবে তোমার পকেটে
আমার নুনভাতের স্বাদ বদলে ভীষণ বিষ হয়ে যাবে
ইতিহাসের পোড়োবাড়িটার দরজাটা আরও নড়বড়ে হয়ে যাবে
সেই শোকে আমি অসংখ্য মানুষকে কাঁদতে দেখেও কিছুই বলতে পারব না

আমার সহ্যের সীমা কোরানের আয়াতের মতো সুললিত ও সহনশীল হয়ে উঠবে
আমি দেখব, মানুষ তাদের শরীরের মাংশ
নিজের নোখরে খুবলে খুবলে ছুঁড়ে দিচ্ছে অক্ষম ঈশ্বরের দিকে
এসব দেখে আমি একটি কবিতাও লিখতে পারব না হয়ত কবিতা লেখার এই
পিচ্ছিল প্যাশন থেকে নিজেকে অব্যাহতি দেব
শুধু চাঁদের টুকরো ভাঙা চকচকে আর পালিশ করা
এই অপ্রকৃতিস্থ আমার আমিকে
আগুনরঙা খামে সোমবারের ডাকে পাঠিয়ে দেব
৪৭ পুরানা পল্টন লেনের টালমাটাল সম্পাদকীয় দপ্তরে

আমার কিম্ভূতকিমাকার মুখচ্ছবি প্রচ্ছদ হয়ে
ছাপা হবে 'প্রগতি' পত্রিকার আগামী আশ্বিন সংখ্যায়
এই প্রত্যাশা নিয়ে অপেক্ষা করব
বুদ্ধদেব বসুর একটি পোস্টকার্ডের জন্য।

আশা

শামীম নওরোজ

এরকম আশা করে থাকা ভালো
বসন্তের কোকিলও আশা করে থাকে

প্রেমিক প্রেমিকার জন্য, প্রেমিকা প্রেমিকের জন্য
পতঙ্গ রেণুর জন্য, রেণু পতঙ্গের জন্য
আশা করে থাকে তিনশো পঁয়ষট্টি দিন

এরকম আশা করে থাকা ভালো
খরায় চৌচির মাঠও বৃষ্টির আশায় থাকে

মৃত কাকের জন্য জীবিত কাক কর্কশ সুরে কাঁদে

আশা করে থাকা ভালো
নিরাশ হবার কিছু নেই

নতুন কবিতা

কামরুজ্জামান

এত নতুন কবিতা আছে পাঠে পাঠে ভোর হয়ে যাবে
দোয়েলের শিস শোনা যাবে রাত্রি মধ্যযামে
আগুনের ব্যবহার নিয়ে ক্ষত বিক্ষত দগ্ধ শরীর
গ্রাউন্ড ফ্লোর থেকে আমূল পুড়ে যাওয়া রেস্তোরাঁ
ডিএনএ শনাক্ত করে তুলে দেয়া হচ্ছে লাশগুলো
নিকট আত্মীয় পরিবার পরিজনদের হাতে...

আগুনের আরো ঘটনার কথা যদি বলি!
ঘটনা নয় ইভেন্ট ছিলো না কি ক্রমান্বয়ে?
সাজানো ড্রামা সিরিয়ালের মতো, তারপর
কোথায় জ্বলে উঠবে বেলি রোডে, ধানমন্ডি
বাস ট্রাক চলন্ত ট্রেনে শস্য ক্ষেতের ফসলের
ভয়ংকর বিষাক্ত রাসেল ভাইপার কোথায় এখন?

অনেক নতুন কবিতা রচিত হয়ে আছে থরে থরে।
ধ্বংস বিধ্বস্ত বিচারালয় শতাধিক আয়না ঘর
ক্রসফায়ার, নদীর উদর জানে সবচেয়ে বেশি
কত নিরপরাধ মানব সন্তান নিক্ষিপ্ত জলের ঘূর্ণিতে
গুম খুন হত্যা ধর্ষণ জঙ্গি নাটকের অংক গুলো
কত বর্বর নৃশংস হৃদয়হীন কুৎসিত রাষ্ট্র যন্ত্র।

প্রিয় সন্তান আচানক এসে বলে বাবা আমিও
ছিলাম আগস্ট মিছিলে রণাঙ্গনে কত বুলেট-
চলে গ্যাছে সামনে পেছনে চারপাশে, স্নাইপার
তাক করা ছিলো, যখন তখন উড়ে যেতো খুলি
তবু গ্যাছি সম্মুখ সমরে জয় করে মৃত্যু ভয়
নতুন সকালে নতুন কবিতা লেখা হবে রক্তে রক্তে...

এক অনিচ্ছুক সত্য

ফজিলা ফয়েজ

অনাকাঙ্ক্ষিত জ্বরে পুড়ছে মনের গোপন অগ্নিস্রোত।
ভাঙ্গা স্বপ্নের কাটা ছুঁয়ে কম্পিত হয়ে উঠে স্নায়ুরা সে জ্বরের পরিমাপক কেবলই তুমি।
তুমি নামক থার্মোমিটারের দাগ আর কয়েক ফোঁটা দহন লেগে থাকে মনে।
দপ দপ করে ওঠে অসমাপ্ত রাতের শব্দ চয়ন।
ভাঙ্গনের ক্ষয় মাটিতে কেঁপে ওঠে নিষ্ঠুর ঢেউ
ঘামে ভিজে উঠে নিশ্বাস।
কর্দমাক্ত কালচে আকাশের বুকে দিগন্ত জোড়া ক্লান্তি
আমি জানালায় মিশে যাই ধরা দেয় না কোন সুর।
শূন্য বৃত্তের নিভৃত অন্ধকারের গর্ভ থেকে উঠে আসে শূন্যতা।
এক অনিচ্ছুক সত্য জ্বালায়, পোড়ায়, সেঁক নীরবতার।

বাংলাদেশী আমেরিকান পোষ্টাল এ্যামপ্লয়িজ এসোসিয়েশনের সাধারণ সভায় মিলন মেলা





বিশেষ প্রতিনিধিঃ বাংলাদেশী আমেরিকান পোষ্টাল এ্যামপ্লয়িজ এসোসিয়েশন ইউএসএ ইনক এর বার্ষিক সাধারণ সভা-২০২৬, বার্ষিক ডিনার পার্টি ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ১৮ জানুয়ারী রোববার বৈরী আবহাওয়ার মাঝে সকল সদস্যদের উপস্থিতিতে আগ্রা পার্টি হল এন্ড রেষ্টুরেন্ট অনুষ্ঠিত হয়। সকলের উপস্থিতিতে অনুষ্ঠানটি এক মিলন মেলায় পরিনত হয়। সকলের মধ্যে ঐক্য, সৌহার্দ্য পূর্ণ আচরণ ছিল চোখে পড়ার মতো।

অনুষ্ঠানে সভার সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোহাম্মদ ফারুক হোসেন মজুমদার এবং সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক মুহাম্মদ এন আলম মিনা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আমেরিকান ইন্টারন্যাশনাল বার এসোসিয়েশন-এর ডিরেক্টর এর্টনী মঈন চৌধুরী আর আমন্ত্রিত অতিথি ছিলেন এটিএন নিউজ ও এটিএন বাংলা ইউএসএ'র পরিচালক এবং বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, বাংলাদেশ সোসাইটির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার, সাবেক নির্বাচন কমিশনার আবু নাসের, সাবেক কোষাধ্যক্ষ নিশান রহিম, ঢাকা জেলা সমিতির ইউএসএ'র সভাপতি দুলাল বেহেদু, মর্টগেজ প্রফেশনাল ক্রিস রুদ্র ও পোস্ট মাষ্টার মোহাম্মদ হুমায়ুন কবির।

সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন সংগঠনের সাধারণ সম্পাদক মুহাম্মদ এন আলম মিনার পুত্র সামান আলম মোয়াজ এবং গীতা পাঠ করেন সংগঠনের সমাজকল্যাণ সম্পাদক উত্তম সমদ্দার। এরপর বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়।

সভাপতির শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে বক্তব্য পর্ব শুরু হয়। এপর সাধারণ সম্পাদক মুহাম্মদ এন আলম মিনা তার বক্তব্যের শুরুতেই উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং সংগঠনের নানান দিক নির্দেশনা, বিগত বছরের সংগঠনের কার্যক্রম এবং লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন।

সভায় অর্থ সম্পাদক মোহাম্মদ আমানুল ইসলাম বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব-নিকাশ তুলে ধরেন এবং সভাপতি ও সাধারণ সম্পাদকের কাছে হস্তান্তর করেন।

সভায় আরও বক্তব্যে রাখেন উপদেষ্টা মিজানুর রহমান, সহ সভাপতি যথাক্রমে মোহাম্মদ মোজাম্মেল হক, মতিলাল দাস ও সানিগোপ, সহ সাধারণ সম্পাদক মোহাম্মদ বাবুল হোসেন সানি ও সাজ্জাদ হোসেন, সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম, সমাজকল্যাণ সম্পাদক উত্তম সমদার এবং নির্বাহী সদস্য এম ডি কামাল। বক্তারা তাদের বক্তব্যে সংগঠনের বিগত দিনের নানা কার্যবলী তুলে ধরেন এবং সকলকে এক সাথে মিলে মিশে কাজ করার জন্য আহবান জানান।

এর্টনী মঈন চৌধুরী তার বক্তব্যে ইংরেজী নতুর বছরের শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং সংগঠনের মঙ্গল কামনা ও সকল প্রকার সাহায্য ও সহযোগিতার আশ্বাস দেন। অতিথি বক্তারা তাদের বক্তব্যে সংগঠনের উত্তরোত্তর মঙ্গল ও সাফল্য কামনাসহ সাংগঠনিক দিক নির্দেশনা ও সহযোগিতার আশ্বাস দেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্ব সংগীত ও নৃত্য পরিবেশিত হয়। নৃত্যে অংশ গ্রহন করেন পৃথিলা সাহা, স্নেহা সাহা ও প্রানাধিকা গোপ। সঙ্গীত পরিবেশন করেন প্রামী গোপ ও প্রবাসের জনপ্রিয় শিল্পী রাজিব ভট্টাচার্য।



মিনেসোটায় আইসের অভিযানে ২শিশু

প্রথম পৃষ্ঠার পর

বছরের শিশুকে আটক করে আইস। পাঁচ বছরের শিশুর নাম লিয়াম কোনেহো রামোস। দুইজন ১৭ বছর বয়সী ও ১০ বছর বয়সী একজনকে আটক করা হয়েছে।

কলাম্বিয়া হাইটস পাবলিক স্কুল ডিস্ট্রিক্টের সুপারিনটেনডেন্ট জেনা স্টেনভিক জানান, সশস্ত্র ও মুখোশধারী আইস সদস্যরা স্কুলপাড়া ও বাস এলাকায় ঘোরাফেরা করে শিশুদের আটক করছে। তাঁর ভাষায়, এতে পুরো এলাকায় আতঙ্ক তৈরি হয়েছে।

লিয়ামের পরিবারের আইনজীবী মার্ক প্রোকশ বলেন, লিয়াম ও তার বাবা অ্যান্ড্রিয়ান আলেকজান্ডার কোনেহো আরিয়াস ইকুয়েডরের নাগরিক এবং যুক্তরাষ্ট্রে আশ্রয়প্রার্থী হিসেবে বৈধভাবে অবস্থান করছিলেন। তাঁদের টেক্সাসের ডিলিতে একটি পারিবারিক আটক কেন্দ্রে নেওয়া হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, প্রি-স্কুল থেকে বাড়ি ফেরার সময় লিয়ামের চোখের সামনেই মুখোশধারী কর্মকর্তারা তার বাবাকে আটক করেন। পরে শিশুটিকে সঙ্গে নিয়ে তার মাকে বাড়ি থেকে বের করে আনার চেষ্টা করা হয় বলেও অভিযোগ ওঠে। স্কুল কর্তৃপক্ষ ও প্রতিবেশীরা শিশুটিকে নিজেদের কাছে নিতে চাইলেও আইস সদস্যরা অনুমতি দেননি।

এ ঘটনায় মিনিয়াপোলিসে সংবাদ সম্মেলনে ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বলেন, শিশুটির বাবা পলাতক ছিলেন এবং কর্মকর্তারা পাঁচ বছর বয়সী শিশুটিকে একা ফেলে রাখতে চাননি। তবে পরিবারের আইনজীবীরা এই ব্যাখ্যাকে চ্যালেঞ্জ করেছেন।

এর আগে বৃহস্পতিবার ২ বছর বয়সী লিয়াম ও তার বাবা এলভিস জোয়েল টিইকে আটক করে আইস সদস্যরা টেক্সাসে পাঠিয়ে দেন। আইনজীবীদের অভিযোগ, কোনো ওয়ারেন্ট ছাড়াই দোকান থেকে ফেরার পথে তাঁদের আটক করা হয়। শিশুটি গাড়ির ভেতরে থাকাকালে জানালার কাচ ভেঙে ফেলা হয় এবং বাবাকে মেয়েকে মায়ের কাছে দিতে বাধা দেওয়া হয়। জরুরি শুনানিতে এক ফেডারেল বিচারক বাবা ও মেয়েকে মিনেসোটার বাইরে না নেওয়ার নির্দেশ দিলেও তা উপেক্ষা করে তাঁদের টেক্সাসে পাঠানো হয়। পরে আইনি লড়াইয়ের পর শিশুটিকে মায়ের কাছে ফিরিয়ে দেওয়া হলেও বাবা এখনো আটক রয়েছেন।

হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ দাবি করেছে, উভয় ক্ষেত্রেই বাবা অবৈধভাবে যুক্তরাষ্ট্রে ছিলেন। তবে আইনজীবীরা এসব দাবি অস্বীকার করে বলেন, আইস সদস্যরা শিশুদের ব্যবহার করে পরিবারকে চাপে ফেলেছেন।



জালালাবাদ ফ্রেন্ডস এন্ড ফ্যামিলির উদ্যোগে মেরি জোবাইদার ফান্ড রাইজিং





শেষ পৃষ্ঠায় পর জাবেদ উদ্দিন সহ কিনু চৌধুরী, এমদাদ আহমেদ, সৈয়দ ইলিয়াস খসরু, মইনুল হক চৌধুরী, কয়েস আহমেদ, জহিরুল হক চৌধুরী, তামিম চৌধুরী, আব্দুল মতিন প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জালালাবাদ এসোসিয়েশনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম। অনুষ্ঠানে বক্তারা বলেন, শুধু মাত্র নির্বাচিত হওয়ার জন্য মেরি জোবাইদা লড়াই করছেন না। তিনি আলবেনীতে গেলে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম, তাদের স্কুল, মেডিকেল, ওয়েল ফেয়ার, ফুডস্টপ সহ সবকিছুর জন্য লড়াই করবেন। তাই অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে আগাম ভোটের দিনগুলো সহ ৩ ফেব্রুয়ারির নির্বাচনের দিন পর্যন্ত সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে।






পবিত্র শবে মিরাজুন্নবী (সা:) আলোচনা সভায় বক্তাগণ

মানবতার মুক্তি ও কল্যাণ নিশ্চিতের লক্ষ্যেই মিরাজ





নিউইয়র্ক: রাসূল (সা:) এর মিরাজ ইসলামের ইতিহাসের তাৎপর্যপূর্ণ ঘটনাগুলোর অন্যতম। ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন বিধান। নবী মুহাম্মাদ (সা:) এর জীবনে এই বিধানের পূর্ণতা অনুধাবনের জন্যই মিরাজের ঘটনা সংঘটিত হয়। মানুষের ব্যক্তি পরিবার, সমাজ ও রাষ্ট্র কিভাবে সুশৃঙ্খল পন্থায় পরিচালিত হবে তার ধারণা দেওয়া হয়। মিরাজের বরকতপূর্ণ রাতে রাসূল (সা.) উম্মতের জন্য আল্লাহর পক্ষ থেকে ১৪ দফা দিক-নির্দেশনা লাভ করেন। রাসূল (সা.) কে প্রদত্ত মূলনীতির ১টি ছাড়া বাকি ১৩টিই সমাজ ও রাষ্ট্র সম্পর্কিত। শবে মিরাজের ১৪ দফা বাস্তবায়ন করতে হলে রাষ্ট্রীয় কর্তৃত্ব প্রয়োজন। এর ভিত্তিতেই রাসূল (সা:) মদিনায় ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করেন। আল্লাহর দেয়া এই ঐতিহাসিক ১৪ উপহার কিয়ামত পর্যন্ত মানবতার মুক্তি ও কল্যাণ নিশ্চিত করবে। গত ১৫ জানুয়ারী বৃহস্পতিবার পবিত্র মিরাজুন্নবী (সা:) উপলক্ষ্যে মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটস (মসজিদ নামিরাহ) কৃর্তক আয়োজিত আলোচনা সভায় নেতৃবন্দ এ সব কথা বলেন।

সভায় বক্তারা বলেন, বর্তমান সময়ের এই অশান্ত পৃথিবীকে শান্তির পয়গাম দিয়ে যায় রাসূলের (সা:) পবিত্র শবে মি'রাজ। মুহাম্মদ (সা) এর জীবনী আমরা যদি ভালোভাবে দেখি এটা স্পষ্ট হয় যে, মহান আল্লাহ তাকে স্বশরীরে পরিভ্রমণ তথা মিরাজে নিয়ে গিয়েছেন। কুরআনেও বলা হয়েছে তাকে রাত্রে ভ্রমণ করানো হয়েছে। মিরাজ স্বশরীরেই হয়েছিল। সে কথা নির্দ্বিধায় বিশ্বাস করেছিলেন আবু বকর (রা.)। তাইতো তাকে সিদ্দিক উপাধি দেওয়া হয়েছিল। এখন আবু বকর সিদ্দিক (রা:) এর মতো ঈমানদার মানুষ প্রয়োজন। এই মহিমান্বিত রজনীতে আল্লাহ তা'য়ালা পাঁচ ওয়াক্ত নামাজ ফরজ করে দিয়েছেন। নামাজ সমাজ গড়ার সবচেয়ে বড় হাতিয়ার। নামাজ মানুষকে যাবতীয় অশ্লীলতা ও অপকর্ম থেকে বিরত রাখে। আমাদের শ্লোগান হতে হবে, আগে নামাজ পরে কাজ। নামাজ আমাদের সকল বিভেদ ভুলে পারস্পরিক ঐক্য, নেতৃত্বের আনুগত্য ও সামাজিক শৃংখলা শিক্ষা দেয়। তাই একটি সুখী, সমৃদ্ধ ও কল্যাণকামী সমাজ প্রতিষ্ঠার জন্য নামাজের ভূমিকা অপরিসীম।



আলোচকবৃন্দ বলেন, মিরাজ মসজিদের গুরুত্বকে মানুষের মনে প্রোথিত করে, কেননা, আল্লাহ তায়ালা তার হাবিবের মিরাজকে শুরু করিয়েছিলেন মসজিদ থেকে। আবার শেষ হয়েছে মসজিদে। এর মাধ্যমে একথাই প্রমাণিত হয় যে, মসজিদই হচ্ছে মুসলমানদের জাগতিক ও পরলৌকিক জীবনের কেন্দ্রবিন্দু। এখানে সব জাতি আর বর্ণ একাকার হয়ে যায়। জানান দেয় বিশ্বজনীন ভ্রাতৃত্বের।

জ্যাকসন হাইটস মুনা সেন্টারের অর্থ সম্পাদক মাওলানা মু. ফখরুল ইসলাম মাছুমের সভাপতিত্বে ও মসজিদ পরিচালনা কমিটির স্টাডি বোর্ড সদস্য আজগর আলীর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সেন্টার পরিচালনা কমিটির সভাপতি মমিনুল ইসলাম মজুমদার। প্রধান আলোচক ছিলেন মসজিদের ইমাম ও খতিব মাওলানা অলিউর রহমান সিরাজী। আলোচনা করেন, মসজিসের সেক্রেটারী কায়কোবাদ করিব, এসিস্টেন্ট সেক্রেটারী নাসির উদ্দিন আহমেদ, স্টাডি বোর্ড সদস্য হামিমুর রহমান হামিম। শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন মাওলানা মিজানুর রহমান। ইসলামী সঙ্গীত পরিবেশন করেন আরাফাত রহমান। -প্রেস বিজপ্তি।

প্রমাণ নষ্টে নিষেধাজ্ঞা দিলেন ফেডারেল

প্রথম পৃষ্ঠার পর

জানুয়ারি মিনিয়াপোলিসের ২৬তম স্ট্রিট ও নিকোলেট অ্যাভিনিউ এলাকার আশপাশে সংঘটিত এই প্রাণঘাতী গুলির ঘটনার সঙ্গে সম্পর্কিত কোনো প্রমাণ ফেডারেল সরকার ধ্বংস বা পরিবর্তন করতে পারবে না। এর মধ্যে ঘটনাস্থল থেকে সরিয়ে নেওয়া প্রমাণ কিংবা ফেডারেল কর্মকর্তাদের একক হেফাজতে থাকা যেকোনো আলামতও অন্তর্ভুক্ত থাকবে।

মামলায় বলা হয়, ঘটনার দিন বিসিএ বৈধ সার্চ ওয়ারেন্ট থাকা সত্ত্বেও ঘটনাস্থলে প্রবেশ করে প্রমাণ সংগ্রহ করতে পারেনি। অভিযোগ অনুযায়ী, ফেডারেল কর্তৃপক্ষ তাদের সেই কাজে বাধা দেয়, যার ফলে রাজ্য পর্যায়ের তদন্ত ব্যাহত হয়।

এই মামলায় বিসিএর পক্ষে প্রতিনিধিত্ব করছে মিনেসোটা অ্যাটর্নি জেনারেলের অফিস। আদালতের আদেশের পর অ্যাটর্নি জেনারেল কিথ এলিসন এক বিবৃতিতে বলেন, প্রকাশ্য দিবালোকে সবার চোখের সামনে ডিএইচএস এজেন্টদের গুলিতে অ্যালেক্স প্রেটি নিহত হয়েছেন। আইনের শাসন ও ন্যায়বিচারের মৌলিক অনুভূতি– দু'টিই এই মৃত্যুর পূর্ণ, ন্যায্য ও স্বচ্ছ তদন্ত দাবি করে। তিনি স্পষ্ট করে বলেন, এর চেয়ে কম কিছুতে রাজ্য সন্তুষ্ট হবে না।

এলিসন আরও জানান, এই আদেশ তদন্তকে সুরক্ষা দিচ্ছে এবং প্রেটির মৃত্যুর সঙ্গে জড়িত কোনো প্রমাণ ফেডারেল এজেন্টরা নষ্ট বা পরিবর্তন করতে পারবে না। তার ভাষায়, ন্যায়বিচার নিশ্চিত করা হবে।

মিনেসোটায় চলমান ফেডারেল অভিযানের সঙ্গে সংশ্লিষ্ট একাধিক আইনি লড়াইয়ের মধ্যে এটি সর্বশেষ ও অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মামলা হিসেবে বিবেচিত হচ্ছে।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

করায় কোন কোন মিডিয়া বৈঠকটিকে 'আন্তর্জাতিক বৈঠক' বলে অভিহিত করে। এদিকে ট্রাম্প-মামদানীর বৈঠক-কে বাংলাদেশী কমিউনিটিতেও ব্যাপক আলোচিত হয়েছে। কেউ কেউ বৈঠকটি-কে 'পিতা-পুত্র' আবার 'নানা-নাতি'র বৈঠক হিসেবে অভিহিত করেছেন। জ্যামাইকা, এস্টোরিয়া, জ্যাকসন হাইটস প্রভৃতি এলাকায় বাংলাদেশীদের সাথে আলাপকালে এমন প্রতিক্রিয়া পাওয়া যায়। উল্লেখ্য, জোহরান মামদানী আগামী ১ জানুয়ারী নিউইয়র্ক সিটির মেয়রের দায়িত্ব নিচ্ছেন।

২৩ নভেম্বর ২০২৫

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine

সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ডায়াবেটিস
- হাইপারটেনশন
- হাই কোলেষ্টরল, এজমা
- ইকেজি
- বয়স্ক ভেক্সিনেশান
- হজ্ব ভেক্সিনেশান
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন



Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

সম্মানিত বাড়ির মালিকগণ
আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদান বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

নতুন বছর উপলক্ষে ৫০% সেল

১০ হাজার ডলারের রিভেট

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন।





তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

GREE MECHANICAL YONKERS

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

শুভ উদ্বোধন

সানম্যান-এর নতুন লোকেশন
29-13 36 Ave, Long Island city, NY-11106

sunman express
global money transfer

সানম্যান এক্সপ্রেস -এর এস্টোরিয়া ব্রাঞ্চের স্থান পরিবর্তন ও নতুন লোকেশনের শুভ উদ্বোধন করতে যাচ্ছি আমরা।

উক্ত উদ্বোধন অনুষ্ঠানে আপনার উপস্থিতি আন্তরিকভাবে কামনা করছি!



8th NOVEMBER| FRIDAY 2:00 PM

718-729-0600

বিনীত নিবেদকঃ
মাসুদ রানা তপন
প্রেসিডেন্ট ও সিইও, সানম্যান গ্লোবাল এক্সপ্রেস



TiME TV PLUS
TV BOX ১৫০+ চ্যানেল

নন-স্টপ বিনোদনকে হ্যালো বলুন





অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ যুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেতলিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা নুনতম বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

আমেরিকায় ১ মিলিয়ন বা নুনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাহায্যে পাঠাতে পারেন।

দেশে কোন জোপনীয় মামলা/পরিচালনা হলে আপনি ও আপনার পরিবার যে কোন সময় সুবিধা নিয়ে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলাসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্টনারশিপ ইনকর্পো, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রোসাইটেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit
2021
For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

নিউইয়র্কের গৃহহীন তরুণ-তরুণীরা পাবেন মাসে ১,২০০ ডলার

প্রথম পৃষ্ঠার পর

সরাসরি তত্ত্বাবধানে নেই এবং রাস্তায় বা অস্থায়ী আশ্রয়কেন্দ্রে জীবন কাটাচ্ছেন। গত ডিসেম্বর থেকে লটারির মাধ্যমে নির্বাচিত ৬০ জন তরুণকে এই কর্মসূচির আওতায় মাসে ১,২০০ ডলার করে দেওয়া হচ্ছে। পাশাপাশি, কর্মসূচির যেকোনো সময়ে তোলার সুযোগসহ এককালীন ৫,০০০ ডলারও রাখা হয়েছে তাঁদের জন্য।

সিটি কাউন্সিলের অর্থায়নে, সাবেক স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামসের উদ্যোগে নেওয়া ১৫ লাখ ডলারের এই প্রকল্প বাস্তবায়ন করছে গৃহহীন ও ঝুঁকিপূর্ণ তরুণদের নিয়ে কাজ করা অলাভজনক সংস্থা কোভেন্যান্ট হাউস নিউইয়র্ক। নগদ সহায়তার পাশাপাশি অংশগ্রহণকারীরা পাচ্ছেন আর্থিক পরিকল্পনা, বাসা খোঁজা এবং কর্মজীবন গড়ে তোলার সহায়তা। কর্মসূচিটি চলবে আগামী জুন পর্যন্ত।

ব্রঙ্কসের একটি আশ্রয়কেন্দ্রে থাকা ২২ বছর বয়সী এক তরুণী জানান, এই সহায়তার ফলে তিনি প্রথমবারের মতো ভাড়াবাড়ির সিকিউরিটি ডিপোজিট জমানোর কথা ভাবতে পারছেন। দেড় বছর আগে পরিবারের উচ্ছেদের পর থেকে তিনি ঘুরেছেন এক আশ্রয়কেন্দ্র থেকে আরেকটিতে। তাঁর কথায়, এতদিন শুধু অপেক্ষাই ছিল নিত্যসঙ্গী– কবে একটি বাসার খোঁজ মিলবে। এখন মনে হচ্ছে, বোনকে নিয়ে নিজেরাই একটা বাসা নেওয়াও সম্ভব।

– এই অর্থ সহায়তা শুধু বাসার স্বপ্নেই সীমাবদ্ধ নয়। কাজের সময়ের সঙ্গে না মেলায় আগে যেসব প্রশিক্ষণে অংশ নিতে পারেননি, এখন নিজের পয়সায় সেগুলো করার সুযোগ তৈরি হয়েছে। ড্রাইভিং শেখার পরিকল্পনাও করছেন তিনি। তাঁর ভাষায়, এখন মনে হয়– সবকিছুই সম্ভব।

হারলেমের ১৯ বছর বয়সী এক কলেজছাত্রীর জীবনেও এসেছে একই রকম পরিবর্তন। পারিবারিক টানাপোড়েনে কয়েক মাস আগে তাঁকে বাড়ি ছাড়তে হয়েছিল। মাসিক এই অর্থ সহায়তা কসমেটোলজি লাইসেন্স নেওয়ার স্বপ্নকে বাস্তবের কাছাকাছি এনে দিয়েছে। তিনি বলেন, প্রতি মাসে একটি নির্দিষ্ট অঙ্কের টাকা পাওয়ার নিশ্চয়তাই এখন তাঁর সবচেয়ে বড় ভরসা।

খরচের ক্ষেত্রেও এসেছে শৃঙ্খলা। সপ্তাহে ১০০ ডলারের বেশি খরচ করেন না তিনি, প্রতিটি কিস্তি থেকে অন্তত ৫০০ ডলার সঞ্চয় করেন। ভবিষ্যতে মেকআপ প্রশিক্ষণ ও ওয়ার্কশপ চালু করার পরিকল্পনাও রয়েছে তাঁর।

এই উদ্যোগটি শুধু একটি সামাজিক সহায়তা কর্মসূচি নয়, একই সঙ্গে একটি গবেষণাও। নীতিনির্ধারণ ও গবেষণা সংস্থা চ্যাপিন হলের সঙ্গে যৌথভাবে চালানো হচ্ছে এই প্রকল্প। লক্ষ্য একটাই নগদ অর্থ সরাসরি হাতে দিলে গৃহহীন তরুণরা কতটা স্থায়ীভাবে ঘুরে দাঁড়াতে পারেন, তা যাচাই করা।

